হয়। ঐ শনি যদি চন্দ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় তবে বালুকা এবং কাঁকর সংযুক্ত ভূমিতে প্রসব হয়।

### গর্ত্তে কিম্বা কারাগারে প্রসব জ্ঞান।

১৪। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নে যদি চন্দ্র অবস্থিতি করে এবং তাহার ব্যয় অর্থাৎ দ্বাদশ রাশিতে যদি শনি থাকে এবং ঐ শনি যদি পাপ গ্রহগণ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে কারাগারে প্রসূতি প্রসব করে।

জন্ম লগ্ন যদি কর্কট কিম্বা বৃশ্চিক রাশি হয় এবং তাহাতে যদি শনি অবস্থিতি করে আর ঐ শনিকে যদি চন্দ্র দৃষ্টি করে তাহা হইলে গর্ত্তে প্রসব জানায়।

### রমণীর গৃহে, শ্মশানে, দেবালয়াদিতে প্রসবজ্ঞান।

১৫। যদি নর রাশি অর্থাৎ মিথুন, কন্যা, তুলা, ধনু এবং কুম্ভ রাশির পূর্ব্ব অর্দ্ধ জন্ম লগ্ন হয় এবং ঐ লগ্নেহ যদি শনি অবস্থিতি করে এবং ঐ শনি যদি মঙ্গলগ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে শ্মশানে প্রসব হয়। ঐ শনি যদি শুক্র অথবা চন্দ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে রমণীর গৃহে প্রসব হয়। ঐ শনি যদি বৃহস্পতি কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে অগ্নি শালাতে অর্থাৎ পাক শালাদিতে প্রসব জানায়। ঐ শনি যদি রবি কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে ঐ রবির স্থিত স্থানে ও বলাবল গণনা করিয়া রবির সংজ্ঞা অনুসারে রাজগৃহে কি দেবাগারে কি গোশালায় প্রসূতি প্রসব হইয়াছে তাহা জানা যায়। ঐ শনি যদি বুধ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে শিল্প গৃহে অর্থাৎ চিত্র শালায় প্রসব জানায়।

### জল সমীপে প্রসবজ্ঞান।

১৬। জন্ম লগ্ন যদি জলরাশি অর্থাৎ মকর রাশির পরার্দ্ধ কিম্বা মীন কিম্বা কর্কট রাশি হয় এবং চন্দ্র যদি তাহাতে স্থিত থাকে তাহা হইলে জলসমীপে প্রসব হয়। আর ঐ লগ্ন যদি পূর্ণ চন্দ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলেও জল সমীপে প্রসব জানায়। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন হইতে গণনায় যে রাশি দশম কিম্বা চতুর্থ হইবে সেই রাশি যদি জলজ হয় এবং তাহাতে চন্দ্র থাকে তাহা হইলেও জল সমীপে প্রসব জানায়।

### নৌকায় প্রসব জ্ঞান।

১৭। যদি জন্ম লগ্নে বুধ অবস্থিতি করে এবং তৎকালে পূর্ণ চন্দ্র যদি কর্কট রাশিতে এবং বৃহস্পতি জন্ম লগ্ন হইতে গণনায় চতুর্থ রাশিতে স্থিতি করে তাহা হইলে প্রসূতি নৌকাতে প্রসব হয়।

জন্ম লগ্ন যদি কর্কট কিম্বা মকরের পরার্দ্ধ কিম্বা মীন রাশি হয় অথবা যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন হইতে গণনায় মকর কিম্বা কর্কট কিম্বা কন্যা যদি সপ্তম রাশি হয় এবং তাহাতে যদি চন্দ্র অবস্থিতি করে তাহা হইলেও নৌকায় প্রসব জানা যায়।

### পিতৃ মাতৃ গৃহে প্রসব জ্ঞান।

১৮ দিবাভাগে জন্ম হইলে যদি রবি গুরু তৎকালে বলবান্ থাকে তবে পিতৃ আলয়ে প্রসূতির প্রসব জানায়। যদি রাত্রি কালে জন্ম হয় এবং জন্মকালে যদি চন্দ্র বলবান্ থাকে তবে প্রসূতি তাহার মাতার গৃহে প্রসব হওয়া জানায়। দিবাভাগে জন্ম কালে যদি শনি বলবান্ থাকে তবে পিতৃব্য এবং পিতৃস্বসাদির গৃহে প্রসব বলা যায় এবং দিবা ভাগে জন্মকালে যদি চন্দ্র বলবান্ থাকে তবে পিতৃস্বসা এবং মাতুলাদির গৃহে প্রসব জানায়।

রাত্রিভাগে জন্ম কালে যদি শনি বলবান্ হয়েন তবে পিতৃ গৃহে আর যদি চন্দ্র বলবান্ হয়েন তবে মাতৃ গৃহে প্রসব জানায়। রাত্রিভাগে জন্মকালে যদি রবি বলবান্ থাকেন তবে পিতৃব্য এবং পিতৃস্বসা গৃহে এবং রাত্রিভাগে জন্ম কালে শুক্র বলবান্ থাকিলে মাতৃস্বসা এবং মাতুলাদির গৃহে প্রসব জানায়।

জন্ম কালে শুভ গ্রহগণ যদি নীচ রাশিস্থ হলে

তাহা হইলে বৃক্ষ তলায় কিম্বা চালায় কিম্বা নদীতীরে কিম্বা কূপসমীপে কিম্বা বাগানে কিম্বা পর্ব্বতের উপরে প্রসব জানায়। ইহার মধ্যে কোন্ স্থানে প্রসব হইয়াছিল তাহার সূক্ষ্ম গণনা করিলে ঐ সকল নীচস্থ গ্রহ মধ্যে যে গ্রহ বলবান্ হইবে সেই গ্রহ যে রাশির অধিপতি সেই রাশিতে যেরূপ স্থান নির্দ্দিষ্ট আছে তদনুরূপ উপর্য্যুক্ত স্থানে নারীর প্রসব জানিবেন। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নে যদি লগ্নকে ও চন্দ্রকে ঐ সকল নীচস্থ গ্রহ না দেখে তবে জনশূন্য স্থানে প্রসব জানায়।

প্রসবঘরে জনসংখ্যা।

১৯। যে লগ্নে জন্ম হয় এবং সেই লগ্ন হইতে যে রাশিতে চন্দ্র থাকিবে, এই উভয় স্থান মধ্যে যে সংখ্যা গ্রহ থাকিবেক প্রসব ঘরে সেই সংখ্যা উপসূতিকা উপস্থিত ছিল জানা যাইবে।

উপসূতিকা জনের জাতি, বর্ণ এবং বয়স।

২০। উক্ত চন্দ্র এবং লগ্ন মধ্যে যে যে গ্রহ স্থিত থাকে সেই সেই গ্রহের বয়স ও জাতি এবং বর্ণ যেরূপ, উপসূতিকাগণের জাতি ও বর্ণ এবং বয়সও সেই সেই রূপ হইবে।

প্রসব ঘরের মধ্যে এবং বাহিরে
উপসূতিকাগণের নির্ণয়।

২১। জন্ম লগ্নের উদিত অংশ হইতে গণনায় যে সকল রাশি দ্বাদশ, একাদশ, দশম, নবম, অষ্টম এবং সপ্তম হইবে, ঐ ছয় রাশিকে তৎকালীন দৃশ্য রাশি বলা যায়। অপর ছয় রাশিকে অদৃশ্য রাশি বলা যায়। আর অদৃশ্য রাশিতে যে সংখ্যা গ্রহ থাকিবেক সেই সংখ্যা উপসূতিকা সূতিকাগারের বাহিরে থাকিবেক। অপর অদৃশ্য ছয় রাশিতে যে সংখ্যা গ্রহ থাকিবেক সেই সংখ্যা উপসূতিকা সূতিকাগারের মধ্যে থাকিবেক।

জীবশর্ম্মা নামক গ্রন্থকর্ত্তার মতে রাশিচক্রের দৃশ্য অর্দ্ধেক রাশিতে উপসূতিকা গৃহের মধ্যে, আর অদৃশ্য অর্দ্ধেক রাশিতে উপসূতিকা গৃহের বাহিরে জানা জায়।

জ্যোতিষতত্ত্বমতে জনসংখ্যা।

২২। জন্ম লগ্ন যদি মীন এবং মেষ হয়, তবে সূতিকাগৃহে পাঁচ জন উপসূতিকা ছিল। যদি কন্যা এবং তুলা লগ্নে জন্ম হয় তবে চারি জন, মকর এবং মিথুন লগ্নে তিন জন, ধনু এবং কর্কট লগ্নে চারি জন এবং সিংহ, বৃশ্চিক, বৃষ ও কুম্ভ লগ্নে চারি জন উপসূতিকা থাকে।

সূতিকাগৃহ এবং জনসংখ্যা।

২৩। জন্ম লগ্নে মেষ, সিংহ এবং ধনু হইলে সূতিকা গৃহ বাটীর চতুঃসীমার পূর্ব্ব দিকে এবং সূতিকা গৃহে পাঁচ জন উপসূতিকা। কন্যা, বৃষ এবং মকর লগ্নে জন্ম হইলে গৃহের দক্ষিণ দিকে এবং সূতিকাগৃহে চারি জন উপসূতিকা ছিল। মিথুন, তুলা এবং কুম্ভ লগ্ন হইলে গৃহের পশ্চিম দিকে সূতিকা ঘর এবং ঐ ঘরে দুই জন উপসূতিকা ছিল। মীন, বৃশ্চিক এবং কর্কট লগ্নে জন্ম হইলে, গৃহের উত্তর দিকে সূতিকা গৃহ হয় এবং সূতিকাগৃহে দুই জন উপসূতিকা থাকে।

বৃহজ্জাতক মতে বালকের শয্যা জ্ঞান।

জন্ম কালে সূতিকা গৃহমধ্যে অষ্ট দিকে রাশি সংস্থাপন করিতে হইবে, পূর্ব্ব দিকে মেষ এবং বৃষ, অগ্নিকোণে মিথুন, দক্ষিণ দিকে কর্কট এবং সিংহ, নৈঋত কোণে কন্যা, পশ্চিম দিকে তুলা এবং বৃশ্চিক, বায়ু কোণে ধনু, উত্তর দিকে মকর এবং কুম্ভ, ঈশান কোণে মীন রাশি সংস্থাপন করিয়া দেখিবেন যে, ইহার কোন লগ্নে জন্ম হইয়াছে। যে লগ্নে জন্ম হইয়াছে সেই লগ্ন যে দিকে পড়িয়াছে সেই দিকে জাত-বালকের শয্যা এবং তাহার মস্তক সেই দিকে রাখিয়া শয়ন করাইয়া-

ছিল। যদি খাটের উপর শয়ন করায় তাহা হইলে যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন রাশি যে দিকে পড়িবেক সেই দিকে খাটের মস্তক ভাগ সংস্থাপন করিয়া ক্রমে বামাবর্ত্তে গণনায় খাটের পায়া ইত্যাদির ভাগ কোন দিকে পড়িবেক তাহা জানিবেন।

যথা যে লগ্নে জন্ম হইবে সেই লগ্ন রাশি হইতে গণনায় প্রথম ও দ্বিতীয় রাশি যে দিকে পড়িয়াছে সেই দিকে খাটের মস্তক, তৃতীয় রাশি খাটের দক্ষিণ দিকের পূর্ব্ব পায়া, ও চতুর্থ পঞ্চম রাশি খাটের দক্ষিণ অঙ্গ, ষষ্ঠ রাশি পশ্চিমের দিকের দক্ষিণ পায়া, সপ্তম ও অষ্টম রাশি খাটের পশ্চিম অঙ্গ, নবম রাশি খাটের দিকের বাম পায়া, দশম ও একাদশ রাশি খাটের বাম অঙ্গ, দ্বাদশ রাশি খাটের পূর্ব্ব দিকের বাম পায়া। ঐ খাটের পায়াদি অঙ্গ যেরূপ রাশির দ্বারা নির্ণয় করা হয়, তদ্রূপ ঐ সকল রাশিতে শুভ এবং পাপ গ্রহগণের অবস্থিতি ও তাহাদের বলাবল জানিয়া ঐ খাটের পায়াদির অবস্থা ও রূপ বিচার হইয়া থাকে।

### জাতবালকের শিরোজ্ঞান।

মেষ, সিংহ এবং ধনু লগ্নে জন্ম হইলে প্রসবকালে বালকের মস্তক পূর্ব্ব দিকে। কন্যা, বৃষ এবং মকর লগ্নে জন্ম হইলে দক্ষিণ দিকে। কুম্ভ, তুলা এবং মিথুন লগ্নে জন্ম হইলে পশ্চিম দিকে। শনি, বৃশ্চিক এবং কর্কট লগ্নে জন্ম হইলে বালকের মস্তক উত্তর দিকে থাকে।

### জাতবালকের বর্ণজ্ঞান।

যে লগ্নের যে নবাংশ ভাগে জন্ম হইবে সেই নবাংশের অধিপতি যে গ্রহ হইবে সেই গ্রহের যেরূপ শরীর যাহা সংজ্ঞা অধ্যায় লিখিত হইয়াছে জাত বালকেরও সেইরূপ শরীর হইবে, অথবা জন্মকালে রাশিচক্র মধ্যে যে গ্রহ সর্ব্বাপেক্ষা অধিক বলবান্ থাকিবে সেই গ্রহের যেরূপ আকারাদি নির্দ্দেশ আছে সেইরূপ জাত বালকের আকার হইবেক। আর তৎকালে চন্দ্র যে নবাংশে থাকিবে সেই নবাংশের অধিপতি যে গ্রহ হইবে সেই গ্রহের যে বর্ণ সেই বর্ণ জাত বালকের হইবে।

### জাত বালকের অবয়ব নির্ণয়।

মানব শরীরে যে যে অঙ্গে যে যে রাশি বিভাগমতে নির্ণীত আছে, জন্মকালে সেই সেই রাশিতে যে যে গ্রহ অবস্থিতি করে সেই২ গ্রহের ও রাশির যে২ আকৃতি সেই২ আকৃতি সেই২ অঙ্গের হইবে। যদি রাশির সংজ্ঞা দীর্ঘ হয় এবং গ্রহের সংজ্ঞা হ্রস্ব হয় তবে উভয় মধ্যে বিবেচনা করিয়া বিচার করিবেন। যে রাশিতে বহু গ্রহ থাকিবে তাহার মধ্যে যে বলী হইবে তাহার যেরূপ হ্রস্ব দীর্ঘ আকৃতি তাহা বিবেচনা করিয়া বিচার করিবেন। আর যে২ রাশিতে গ্রহ অবস্থিতির অভাব হইবে সেই২ রাশির হ্রস্ব দীর্ঘ যে২ রূপ সেই২ রূপ সেই অঙ্গ হইবে।

### সর্পবেষ্টিত বালক জন্মজ্ঞান।

জন্ম কালে চন্দ্র যদি মঙ্গলের দ্রেক্কাণে থাকে অর্থাৎ মেষের প্রথম, কর্কটের দ্বিতীয়, সিংহের তৃতীয়, বৃশ্চিকের প্রথম, ধনুর দ্বিতীয় এবং মীনের তৃতীয় এই সকল দ্রেক্কাণের কোন দ্রেক্কাণে যদি থাকে এবং শুভ গ্রহ যদি লগ্ন হইতে গণনায় দ্বিতীয় এবং একাদশ স্থানে থাকে, তাহা হইলে প্রসূতি সর্প প্রসব করে। আর চন্দ্র যদি পাপ লগ্নে থাকিয়া মঙ্গলের দ্রেক্কাণে জন্ম কালে অবস্থিতি করে এবং শুভগ্রহ যদি লগ্নের দ্বিতীয় এবং একাদশ স্থানে থাকে, তাহা হইলে প্রসূতি সর্প বেষ্টিত বালক কিম্বা বালিকা প্রসব করে।

### যমজ ও কোষবেষ্টিত জন্ম জ্ঞান।

জন্মকালে রবি যদি চতুষ্পাদ রাশি অর্থাৎ মেষ, বৃষ, সিংহ, ধনুর পরার্দ্ধ এবং মকরের পূর্ব্বার্দ্ধে অবস্থিতি করে এবং অন্যান্য গ্রহগণ যদি দ্ব্যাত্মক রাশিতে

সরল থাকে তাহা হইলে কোষ অর্থাৎ জরায়ুবেষ্টিত হয়, যাহাকে পোয়ো বলে, তন্মধ্যে প্রসূতি যুগ্ম সন্তান প্রসব করে।

### নাড়ীবেষ্টিত জন্মজ্ঞান।

জন্ম লগ্ন যদি মেষ, সিংহ কিম্বা বৃষ হয়, এবং তাহাতে যদি শনি কিম্বা মঙ্গল অবস্থিতি করে, তাহা হইলে নাড়ী বেষ্টিত হইয়া জাতবালক ভূমিষ্ঠ হয়। ঐ জাত বালকের কোন অঙ্গে নাড়ী বেষ্টন ছিল তাহা জানিতে হইলে লগ্নকে নবাংশ করিয়া দেখিতে হইবে যে কোন নবাংশে জন্ম হইয়াছে, তাহা জানিয়া সেই নবাংশে যে রাশি হইবে সেই রাশি যে অঙ্গ বিভাগমতে নির্ণীত আছে জাতবালকের সেই অঙ্গে নাড়ী বেষ্টিত হইয়া ভূমিষ্ঠ হয়।

### দীপের তৈল ও শলিতা জ্ঞান।

দিবা কিম্বা রাত্রি কালে স্ত্রীলোকের প্রসব বেদনা উপস্থিত হইলে, প্রসব হওয়ার পূর্ব্বাহ্নে একটী প্রদীপে তৈল এবং শলিতা দিয়া জ্বালাইয়া রাখিতে হয়, সেই প্রদীপের দ্বারায় লগ্নের ভুক্ত এবং ভোগ্য কি রূপে জানা যায় তাহা নিম্নে লেখা হইতেছে। জন্ম কালে যে রাশিতে চন্দ্র থাকে সেই রাশির ত্রিংশাংশের প্রথম, দুই কিম্বা তিন অংশের মধ্যে যদি চন্দ্র স্থিতি থাকে তাহা হইলে জন্মকালে প্রদীপের তৈল পরিপূর্ণ থাকে আর যদি রাশির শেষ অংশে চন্দ্র থাকে তাহা হইলে প্রদীপের তৈল থাকে না, যদি রাশির মধ্যে অর্থাৎ ঐ রাশির ১৫ অংশে চন্দ্র থাকে তাহা হইলে প্রদীপের অর্দ্ধেক তৈল থাকা জানা যায়। এইরূপ রাশির যত অংশ অন্তরে চন্দ্র স্থিত থাকিবে, তত পরিমাণে প্রদীপের তৈল থাকা কিম্বা দগ্ধ হওয়া ঐ রাশির ভাগহার গণনার দ্বারা জানা যাইবে। যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নকে ত্রিশ ভাগ করিয়া ঐ লগ্নের কত অংশ ভুক্ত হইয়াছে তাহা জানিয়া প্রদীপের শলিতা কি পরিমাণ দগ্ধ হইয়াছে তাহার নির্ণয় হইয়া থাকে।

যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নের ত্রিশ ভাগের দুই কিম্বা তিন অংশ মধ্যে যদি জন্ম হয়, তবে শলিতা কেবল দগ্ধ আরম্ভ হইয়াছে, যদি লগ্নের অর্দ্ধেক ভুক্ত হয় তবে ঐ শলিতার অর্দ্ধেক দগ্ধ জানায়, যদি লগ্নের শেষ ভাগে জন্ম হয় তবে শলিতা সম্পূর্ণরূপে দগ্ধ হয়। এই সকল অংশের মধ্যে জন্ম হইলে ত্রৈরাশিক গণনা করিয়া শলিতার কত অংশ জন্ম কালে দগ্ধ হইয়াছে তাহা জানা যাইবে।

### প্রদীপের স্থিতি নির্ণয়।

জন্ম কালে রবি যদি চর রাশিতে থাকে তবে সূতিকাঘরের প্রদীপ ঐ চর রাশি যে দিকের অধিপতি ঐ ঘরের সেই দিকে সঞ্চালিত হইয়া থাকে। যদি স্থির রাশিতে রবি থাকে, তবে ঐ স্থির রাশি যে দিকের অধিপতি সেই দিকে স্থির ভাবে স্থিতি থাকে। যদি দ্ব্যাত্মক রাশিতে রবি থাকে তবে সূতিকাগৃহের প্রদীপ কখন চালিত কখন এক স্থানে স্থিতি থাকে।

অন্য মতে অহোরাত্রকে আট ভাগ করিয়া প্রসব-গৃহে আট দিক কল্পনা করিবেক, পরে উদয় রাশি হইতে রবি ভ্রমণ করিতে আরম্ভ করিয়া ঐ সময় যে স্থানে থাকিবে সেই দিকে দীপ স্থিতি করে।

### অন্য মতে সূতিকাগৃহের দ্বার জ্ঞান।

কেন্দ্র স্থানে যে গ্রহ থাকে সেই গ্রহ যে দিকের অধিপতি হয়, সেই দিকে সূতিকাগৃহের দ্বার জানিবে। যদি কেন্দ্র স্থানে অনেক গ্রহ থাকে তবে যে গ্রহ বলবান্ হয়, তাহার দিকে দ্বার হয়। আর যদি কেন্দ্র স্থানে কোন গ্রহ না থাকে তবে লগ্ন যে দিকের অধিপতি হয় সেই দিকে দ্বার হয়।

যে লগ্নে জন্ম হইবে, সেই রাশির যেরূপ বর্ণ, প্রদীপের শলিতারও সেই রূপ বর্ণ হইবে।

### ধাত্রী জ্ঞান।

যুগ্মাযুগ্ম, অর্থাৎ মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু, কুম্ভ এই কয় লগ্নে জন্ম হইলে ধাত্রী সধবা হইবে।

বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন এই কয় লগ্নে জন্ম হইলে ধাত্রি বিধবা জানিবে।

### পিতার বিদেশ স্থানে থাকা কালীন বালকের জন্ম জ্ঞান।

জন্ম লগ্নে যদি চন্দ্রের দৃষ্টি না থাকে তাহা হইলে তাহার পিতার অসন্নিধানে জন্ম হয়। যদি চন্দ্র লগ্নকে না দেখে আর রবি লগ্ন হইতে গণনায় অষ্টম কি নবম রাশিতে থাকেন এবং ঐ অষ্টম এবং নবম রাশি চর রাশি হয়, তবে তাহার জন্ম সময় তাহার পিতার বিদেশে অবস্থান জানায়। আর যদি চন্দ্র লগ্নকে না দেখে এবং রবি অষ্টম কিম্বা নবম রাশির কোন রাশিতে থাকে, আর ঐ রাশি দ্বয় যদি স্থির রাশি হয়, তবে তাহার পিতা দেশে থাকা সত্বেও অসন্নিধানে তাহার জন্ম হয়। চন্দ্র যদি লগ্নকে না দেখে এবং রবি লগ্নাপেক্ষা অষ্টম বা নবম রাশিতে থাকে আর ঐ রাশি দ্বয় যদি দ্ব্যাত্মক হয়, তবে তাহার পিতার স্বদেশে এবং পর দেশ মধ্যে অর্থাৎ পথিমধ্য অবস্থান কালীন তাহার জন্ম জানিবেন।

### পিতার অসাক্ষাতে জন্ম জ্ঞান।

জন্ম লগ্নে যদি শনি থাকে, অথবা জন্ম লগ্ন হইতে গণনায় সপ্তমে মঙ্গল থাকে, তাহা হইলে তাহার পিতার পরোক্ষে জন্ম জানিবেন। আর জন্ম কালে রাশিচক্রে বুধ ও শুক্র এই দুই গৃহের মধ্যে যদি চন্দ্র থাকে এবং ঐ চন্দ্রাপেক্ষা দ্বাদশ এবং দ্বিতীয় রাশিতে যদি বুধ এবং শুক্র থাকে অথবা চন্দ্র যদি বুধ ও শুক্রের সহিত এক রাশিতে থাকিয়া উহাদিগের মধ্যবর্তী হয়, তাহা হইলেও পিতার পরোক্ষে তাহার জন্ম জানিবেন।

### পিতার বন্ধন কালে জন্ম।

জন্ম কালে যদি শনি ও মঙ্গল ক্রূর রাশিতে অর্থাৎ মেষ, সিংহ, বৃশ্চিক, মকর, কুম্ভ রাশিতে থাকে কিম্বা পাপ চন্দ্রের ক্ষেত্রে অর্থাৎ কর্কটে অথবা পাপ যুক্ত বুধের ক্ষেত্রে মিথুন এবং কন্যা রাশিতে স্থিত হয় এবং রবি যে রাশিতে তৎকালে স্থিত থাকে, সেই রাশি হইতে গণনায় ঐ শনি এবং মঙ্গল যদি সপ্তম, নবম কিম্বা পঞ্চম রাশিতে স্থিত থাকে, তাহা হইলে জাতবালকের জন্ম তাহার পিতার বন্ধন অবস্থায় হয়।

ঐ বন্ধন অবস্থা স্বদেশে কি বিদেশে হইয়াছে, তাহা জানিতে হইলে, জন্ম কালে ঐ রবির স্থিত রাশি বিবেচনা করিতে হইবে যথা,—রবি যদি চর রাশিতে স্থিত থাকে, তাহা হইলে বিদেশে বন্ধন, আর যদি স্থির রাশিতে থাকে তবে স্বদেশে বন্ধন, আর যদি দ্ব্যাত্মক রাশিতে থাকে তবে পথিমধ্যে বন্ধন জানায়।

অন্য মতে স্থির রাশি হইলে জাতবালকের জন্ম তাহার পিতার স্বদেশে অবস্থান কালে কোন পথি মধ্যে বন্ধন ভ্রময় জন্ম জানায়।

### মাতা কর্তৃক জাত বালকের পরিত্যাগ জ্ঞান।

যন্ম কালে মঙ্গল এবং শনি যদি এক রাশিতে অবস্থিতি করে এবং ঐ মঙ্গল ও শনি যে রাশিতে স্থিত থাকে, সেই রাশি হইতে গণনায় যে রাশি পঞ্চম, সপ্তম এবং নবম হইবে, সেই রাশিতে যদি চন্দ্র থাকে তাহা হইলে জাতবালক তাহার মাতা কর্তৃক ত্যক্ত হয়। আর উক্ত রূপ যোগ হইলে ও ঐ চন্দ্রের উপর যদি বৃহস্পতির দৃষ্টি থাকে তাহা হইলে ঐ মাতৃ-ত্যক্ত বালক দীর্ঘ-জীবী হইয়া সুখ ভোগ করে।

### মাতৃ-ত্যক্ত বালকের মৃত্যু জ্ঞান।

জন্ম লগ্নে যদি চন্দ্র অবস্থিতি করে এবং ঐ চন্দ্রকে যদি পাপ গ্রহ দৃষ্টি করে এবং ঐ জন্ম লগ্ন হইতে সপ্তম

স্থানে যদি মঙ্গল থাকে, তাহা হইলে মাতা কর্ত্তৃক ত্যক্ত হইয়া জাত বালকের মৃত্যু হয়।

জন্ম লগ্নে যদি চন্দ্র থাকিয়া রবি গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয়, আর জন্ম লগ্ন হইতে গণনায় যদি একাদশ স্থানে শনি ও মঙ্গল থাকে, তাহা হইলে জাত বালক তাহার মাতা কর্ত্তৃক ত্যক্ত হইয়া বিনাশ প্রাপ্ত হয়। যদি ঐরূপ অবস্থাপ্রাপ্ত চন্দ্রের উপর শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে জাত বালক ঐ শুভ গ্রহ যে জাতি সেই জাতির হস্তগত হয়। কিন্তু শুভাশুভ গ্রহ মধ্যে পাপ গ্রহ বলবান হইলে, সেই জাত বালক সেই পাপ গ্রহ যে জাতি, সেই জাতির হস্তগত হইয়া মৃত্যু প্রাপ্ত হইবে। এই সকল যোগ ঘটনা হইলেও যদি বৃহস্পতি কর্ত্তৃক লগ্ন চন্দ্র ঈক্ষিত হয়, তাহা হইলে সেই সেই গ্রহ যে জাতি বালক সেই জাতি প্রাপ্ত হইয়া দীর্ঘ-জীবী হইবে। সারাবলিকারও এইরূপ বলিয়াছেন।

পিতৃ মাতৃ সদৃশ জ্ঞান।

জন্ম লগ্ন যদি কোন শুভ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয়, তবে সেই শুভ গ্রহের যে বর্ণ এবং স্বভাব নির্দ্দেশ আছে, সেই বর্ণ এবং স্বভাব সেই জাত বালকের হইবে। আর রবি যদি জন্ম কালে বলবান থাকে তবে পিতার সদৃশ, আর চন্দ্র যদি বলবান থাকে তবে মাতার সদৃশ জাত বালক হয়।

অথ দ্রেক্কাণে স্ত্রীপুরুষজ্ঞানমাহ পঞ্চস্বরায়াং।
মেষাদিদ্বাদশে ঋক্ষে দ্রেক্কাণঞ্চ বিনির্দ্দিশেৎ।
একেন ঋক্ষভাগেন ত্রিতয়ং ত্রিতয়ং ভবেৎ॥
ষট্ত্রিংশমিতি দ্রেক্কাণো মেষাদিদ্বাদশে ভবেৎ।
আদিমধ্যান্তভাগেন জ্ঞাতব্যাঃ পুরুষাঃ স্ত্রিয়ঃ॥
স্ত্রীভাগে তু ভবেদ্যোষা পুংভাগে পুরুষো ভবেৎ।
পুংভাগেঽপি ভবেৎ কন্যা স্ত্রীভাগে পুরুষো ভবেৎ।
বলাবলবিচারেণ গ্রহাণাঞ্চ কদাচন॥

মেষদ্রেক্কাণস্থ।

মেষস্থ প্রথমে ভাগে দ্রেক্কাণে পুরুষো ভবেৎ।
ক্রোধনো রক্তনেত্রশ্চ কৃষ্ণবর্ণো দুরাসদঃ॥
দ্বিতীয়ভাগে সংপ্রাপ্তে নারী ভবতি নিশ্চিতং।
স্থূলোদরী লম্বমুখী যুবতী লোহিতাকৃতিঃ॥
তৃতীয়ে পুরুষঃ ক্রূরো নির্দ্দয়শ্চাতিদুর্ম্মতিঃ।
কপিলো দারুণশ্চৈব সত্যশৌচবিবর্জ্জিতঃ॥

বৃষস্থ।

বৃষস্য প্রথমে ভাগে ভবেন্নারী পতিব্রতা।
স্থূলোদরী দগ্ধপটা স্বল্পকেশী প্রিয়ম্বদা॥
দ্বিতীয়ভাগে পুরুষঃ কুশলঃ সর্ব্বকর্ম্মসু।
বৃহৎকায়ো বৃহৎপাদস্তৃতীয়ে পুরুষো মহান্॥

মিথুনস্থ।

দ্রেক্কাণে প্রথমে দ্বন্দ্বে নারী ভবতি সুন্দরী।
হীনপ্রজা মন্দভাগ্যা সর্ব্বকর্ম্মসু তৎপরা॥
দ্বিতীয়ে পুরুষঃ শূরো ধনুর্ব্বিদ্যাবিশারদঃ।
তৃতীয়ে পুরুষো ধন্বী পণ্ডিতোরত্নসংযুতঃ।
গোধনৈশ্চ পরিত্যক্তঃ কৃষিকর্ম্মণি তৎপরঃ॥

কর্কটস্থ।

কর্কটে প্রথমে ভাগে শরীরং হস্তিবদ্দৃঢ়ং॥
মুখং শূকরবজ্জ্ঞেয়ং পুরুষো জায়তে ধ্রুবং॥
দ্বিতীয়ে সুন্দরী নারী তৃতীয়ে পুরুষো ভবেৎ।
জনপ্রিয়ঃ সুরূপশ্চ নৌকাবাণিজ্যতৎপরঃ॥

সিংহস্থ।

পুরুষঃ প্রথমে সিংহে মুখং বানররূপকং।
ধন্বী পুমান্ দ্বিতীয়েস্যাদুচ্চনাসঃ সুরূপকঃ।
তৃতীয়ে পুরুষো জাত উচ্চনাসোঽতিচঞ্চলঃ॥

কন্যায়াঃ।

কন্যায়াঃ প্রথমে নারী দ্বিতীয়ে লেখকঃ পুমান্।
তৃতীয়ে সুন্দরী গৌরী উচ্চা ধৌতার্দ্রবাসসী।
সুহাস্যযুক্তা সুমুখী লজ্জাসন্ততিবর্জ্জিতা॥

তুলায়াঃ।

তুলায়াঃ প্রথমে ভাগে পুরুষস্তুলধারকঃ।

ক্ষুধিতস্তৃষিতশ্চৈব দ্বিতীয়ে পুরুষো ভবেৎ।
তৃতীয়ে পুরুষো ধন্বী দীর্ঘো দীর্ঘমুখঃ স্মৃতঃ ॥

বৃশ্চিকস্য।

বৃশ্চিকপ্রথমে ভাগে নারী স্থানচ্যুতা ভবেৎ।
দ্বিতীয়েচ ভবেন্নারী সুখং বাঞ্ছতি সর্ব্বদা ॥
তৃতীয়ে পুরুষশ্চৈব ভক্ষকশ্চঞ্চলো মহান্।

ধনুষঃ।

ধনুষঃ প্রথমে ধন্বী পুরুষো জায়তে সদা।
সুরূপা গৌরবর্ণাচ দ্বিতীয়ে সুন্দরী ভবেৎ ॥
তৃতীয়ে পুরুষঃ শূরো মল্লবিদ্যাবিশারদঃ।
দণ্ডধারী ভবেন্নিত্যং যুদ্ধাকাঙ্ক্ষাচ সর্ব্বদা ॥

মকরস্য।

মকরপ্রথমে ভাগে পুরুষো জায়তে মহান্।
স্থূলদন্তো রৌদ্রমুখঃ ক্রূরশ্চ পিশুনস্তথা ॥
শ্যামালঙ্কারসংযুক্তা দ্বিতীয়ে যুবতী ভবেৎ।
তৃতীয়ে পুরুষো জ্ঞেয়ো মুখস্থূলো ধনুর্দ্ধরঃ ॥

কুম্ভস্য।

কুম্ভস্য প্রথমে ভাগে পুরুষঃ স্থূলদন্তকঃ।
স্থিরা বুদ্ধিমতী খর্ব্বা দ্বিতীয়ে সুন্দরী ভবেৎ ॥
তৃতীয়ে পুরুষঃ শ্যামো লোমকর্ণো ভবেৎ সদা।
মাংসাশী রৌদ্রকর্ম্মাচ ছেদনে মারণে রতঃ ॥

মীনস্য।

পুরুষঃ প্রথমে মীনে প্রিয়লোকশ্চ সর্ব্বদা।
দ্বিতীয়ে সুন্দরী গৌরী তৃতীয়ে পুরুষো ভবেৎ ॥
পুরুষঃ পুরুষক্ষেত্রে গত্বা পশ্যতি সর্ব্বদা।
তদা পুমাংসং জানীয়াদন্যথা কন্যকা ভবেৎ ॥
যোষিৎক্ষেত্রগতঃ শুক্রো বুধো বা যদি পশ্যতি।
তদা কন্যাং বিজানীয়াদন্যথা পুরুষো ভবেৎ ॥

অনুবাদ।

কোন্ লগ্নের কোন্ দ্রেক্কাণের অধিপতি কোন্ গ্রহ তাহার চক্রসমেত পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, এক্ষণে কোন্ লগ্নের কোন্ দ্রেক্কাণে প্রসব করিলে পুত্র এবং কোন্ দ্রেক্কাণে প্রসব করিলে কন্যা জন্মে তাহা নিম্নে লেখা হইল। ইহা দ্বারা জন্ম কালে লগ্নের দ্রেক্কাণ গণনা নিশ্চয় হইল কি না তাহার পরীক্ষা হইবে এবং জাত বালক বালিকার আকার এবং স্বভাব ইত্যাদি কিরূপ হইবে তাহাও জানা যাইবে।

যে দ্রেক্কাণের অধিপতি পুরুষ গ্রহ হয়, সেই দ্রেক্কাণে পুত্র জন্মে, আর যে দ্রেক্কাণের অধিপতি স্ত্রী গ্রহ হয় সেই দ্রেক্কাণে কন্যা জন্মে।

১। মেষ লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ ক্রোধী, চক্ষুর্দ্বয় রক্তবর্ণ, কৃষ্ণবর্ণ দেহ এবং পাপাত্মা হইবে।

২। মেষের দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে কন্যা হয় ঐ কন্যা স্থূলোদরী, দীর্ঘমুখী, রক্তবর্ণা হইবে।

৩। মেষের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে। ঐ পুরুষ ক্রূর, দয়াহীন, অতিশয় দুর্ম্মতি,ধূম্রবর্ণ, ভয়ানক, মিথ্যাবাদী এবং শৌচবর্জ্জিত হইবে।

১। বৃষলগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে নারী জন্মে। ঐ নারী পতিব্রতা, স্থূলোদরী, দগ্ধবস্ত্রপরিধানা, স্বল্পকেশী, এবং প্রিয়বাদিনী হইবে।

২। বৃষের দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ সর্ব্ব কার্য্যে নিপুণ হইবে।

৩। বৃষের তৃতীয় দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ দীর্ঘাকার, দীর্ঘপাদ, মহান্ হইবে।

১। মিথুন লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে নারী জন্মে, ঐ নারী সুন্দরী, সন্তানহীনা, মন্দভাগা এবং সকল কর্ম্মে লিপ্ত হইবে।

২। মিথুন লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ বলবান্, ধনুর্ব্বিদ্যাবিশারদ ও নিপুণ হইবে।

৩। মিথুনের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ ধনুর্দ্ধারী, পণ্ডিত, রত্নসংযুক্ত, গোধনযুক্ত ও কৃষিকর্ম্মে রত হইবে।

১। কর্কট লগ্নের প্রথম দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের শরীর হস্তীর ন্যায় দৃঢ় এবং মুখ শূকরের মুখের ন্যায় হইবে।

২। কর্কটের দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে নারী জন্মে।

৩। কর্কটের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ সর্ব্বজনপ্রিয়, রূপবান্ এবং নৌকাবাণিজ্য কার্য্যে লিপ্ত হয়।

১। সিংহ লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষের মুখ বানরের মুখের ন্যায় হইবে।

২। সিংহের দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ ধনুর্দ্ধারী, উচ্চনাসিক এবং রূপবান্ হইবে।

৩। সিংহের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের নাসিকা উচ্চ এবং স্বভাব চঞ্চল হইবে।

১। কন্যা লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে নারী জন্মে।

২। কন্যার দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ লেখক হইবে।

৩। কন্যার তৃতীয় দ্রেক্কাণে নারী জন্মে, ঐ নারী সুন্দরী, দীর্ঘাকারা এবং আর্দ্রবস্ত্রপরিধারিণী হইবে।

১। তুলার প্রথম দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ তুলধারক হইবে।

২। তুলার দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ ক্ষুধার্ত্ত এবং তৃষ্ণার্ত্ত হইবে।

৩। তুলার তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ দীর্ঘাকার, ধনুর্দ্ধারী এবং দীর্ঘমুখ হইবে।

১। বৃশ্চিকের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী স্থানচ্যুতা হইবে।

২। বৃশ্চিকের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী সর্ব্বদা সুখাভিলাষিণী হইবে।

৩। বৃশ্চিকের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ দীর্ঘাকার, ভোক্তা এবং অতিশয় চঞ্চল হইবে।

১। ধনুর প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ ধনুর্দ্ধারী হইবে।

২। ধনুর দ্বিতীয় দ্রেক্কাণে প্রসব হইলে কন্যা জন্মে, ঐ কন্যা অতিশয় সুরূপা এবং গৌরবর্ণা হইবে।

৩। ধনুর তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ বলবান্, মল্লবিদ্যায় পণ্ডিত, দণ্ডধারী এবং সর্ব্বদা যুদ্ধাকাঙ্ক্ষী হইবে।

১। মকরের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে। ঐ পুরুষের অঙ্গ উচ্চ, দন্ত স্থূল মুখ ভয়ানক ক্রূর এবং দুর্জ্জন হইবে।

২। মকরের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী শ্যামবর্ণা এবং নানা অলঙ্কারে বিভূষিতা হইবে।

৩। মকরের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের মুখ স্থূল এবং ধনুর্দ্ধারী হইবে।

১। কুম্ভ লগ্নের প্রথম দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের দন্ত স্থূল হইবে।

২। কুম্ভ লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী গম্ভীরপ্রকৃতি, বুদ্ধিমতী ও খর্ব্বাঙ্গী হইবে।

৩। কুম্ভ লগ্নের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ শ্যামবর্ণ, কর্ণে লোমবিশিষ্ট, মাংসাশী, ক্রূরকর্ম্মকারী এবং ছেদন মারণে রত হইবে।

১। মীন লগ্নের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ সর্ব্বদা জনপ্রিয় হইবে।

২। মীনের দ্বিতীয় ভাগে কন্যা জন্মে, ঐ কন্যা গৌরবর্ণা হইবে।

৩। মীনের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মিবে।

উপরে যেরূপ দ্রেক্কাণবিভাগের দ্বারা স্ত্রীপুরুষ জন্ম বৃত্তান্ত লেখা হইল, তাহা নিম্নলিখিত কারণবশতঃ অন্যথা হইতে পারে। পুরুষ গ্রহ যদি পুরুষ রাশিতে অবস্থিতি

করিয়া লগ্নকে দৃষ্টি করে তাহা হইলে পুরুষ জন্মে এবং স্ত্রী রাশিতে যদি শুক্র বা বুধ অবস্থিতি করিয়া লগ্নকে দৃষ্টি করে তাহা হইলে কন্যা হয়।

কোন্ রাশির কোন্ দ্রেক্কাণে পুং ও স্ত্রী জন্মিবে তাহা জানিবার চক্র।

| রাশির নাম | ১ দ্রেক্কাণে | ২ দ্রেক্কাণে | ৩দ্রেক্কাণে |
|---|---|---|---|
| মেষ | পুরুষ | স্ত্রী | পুরুষ |
| বৃষ | স্ত্রী | পুরুষ | পুরুষ |
| মিথুন | স্ত্রী | পুরুষ | পুরুষ |
| কর্কট | পুরুষ | স্ত্রী | পুরুষ |
| সিংহ | পুরুষ | পুরুষ | পুরুষ |
| কন্যা | স্ত্রী | পুরুষ | স্ত্রী |
| তুলা | পুরুষ | পুরুষ | পুরুষ |
| বৃশ্চিক | স্ত্রী | স্ত্রী | পুরুষ |
| ধনু | পুরুষ | স্ত্রী | পুরুষ |
| মকর | পুরুষ | স্ত্রী | পুরুষ |
| কুম্ভ | পুরুষ | স্ত্রী | পুরুষ |
| মীন | পুরুষ | স্ত্রী | পুরুষ |

ষটত্রিংশদ্রেক্কাণস্বরূপমাহ বৃহজ্জাতকে।

কট্যাং সিতবস্ত্রবেষ্টিতঃ কৃষ্ণঃ শক্ত ইবাভিরক্ষিতুং।
রৌদ্রঃ পরশুং সমুদ্যতং ধত্তে রক্তবিলোচনঃ পুমান্॥
রক্তাম্বরা ভূষণভক্ষ্যচিন্তা
কুম্ভাকৃতির্ব্বাজিমুখী তৃষার্ত্তা।
একেন পাদেন চ মেষমধ্যে
দ্রেক্কাণরূপং যবনোপদিষ্টং॥
ক্রূরঃ কলাজ্ঞঃ কপিলঃ ক্রিয়ার্থী
ভগ্নব্রতোঽভ্যুদ্যতদণ্ডহস্তঃ।
রক্তানি বস্ত্রাণি বিভর্ত্তি চণ্ডো
মেষে তৃতীয়ঃ কথিতঃ স্ত্রীভাগঃ॥
কুঞ্চিতলূনকচা ঘটদেহা
দগ্ধপটা তৃষিতাশনচিন্তা।
আভরণান্যভিবাঞ্ছন্তি নারী
রূপমিদং বৃষভে প্রথমস্য॥
ক্ষেত্রধান্যগৃহধেনুকলাজ্ঞো
লাঙ্গলে স শকটে কুশলশ্চ।
স্কন্ধমুদ্বহতি গোপতিতুল্যং
ক্ষুৎপরোঽজবদনো মলবাসাঃ॥
দ্বিপসমকায়ঃ পাণ্ডুরদংষ্ট্রঃ
শরভসমাঙ্ঘ্রিঃ পিঙ্গলমূর্ত্তিঃ।
অবিমৃগলোভব্যাকুলচিত্তো
বৃষভবনস্য প্রান্তগতোঽয়ং॥
সূচ্যাশ্রয়ং সমভিবাঞ্ছতি কর্ম্ম নারী
রূপান্বিতাভরণকার্য্যকৃতাদরা চ।
হীনপ্রজোচ্ছ্রিতভুজার্ত্তুমতী ত্রিভাগ-
মাদ্যং তৃতীয়ভবনস্য বদন্তি তজ্জ্ঞাঃ।
উদ্যানসংস্থঃ কবচী ধনুষ্মান্
শূরোঽস্ত্রধারী গরুড়াননশ্চ।
ক্রীড়াত্মজালং করণার্থচিন্তাং
করোতি মধ্যে মিথুনস্য রাশেঃ॥
ভূষিতো বরুণবদ্বহুরত্নো-
বদ্ধতূলকবচঃ স ধনুষ্কঃ।
নৃত্যবাদিত্রকলাসু চ বিদ্বান্
কাব্যকৃন্মিথুনরাশ্যবসানে॥
পত্রমূলফলভৃদ্দ্বিপকায়ঃ
কাননে মলয়গঃ শরভাঙ্ঘ্রিঃ।
ক্রোড়তুল্যবদনো হয়কণ্ঠঃ
কর্কটে প্রথমরূপমুশন্তি॥
পদ্মার্চ্চিতা মূর্দ্ধনি ভোগিযুক্তা
স্ত্রী কর্কশারণ্যগতা বিরৌতি।
শাখাং পলাশস্য সমাশ্রিতাচ
মধ্যে স্থিতা কর্কটকস্য রাশেঃ॥

ভার্য্যাভরণার্থমর্ণবং নৌস্থো
গচ্ছতি সর্পবেষ্টিতঃ।
হৈমৈশ্চযুতো বিভূষণৈ-
শ্চিপিটাস্যোঽন্ত্যগতশ্চ কর্কটে ॥
শাল্মলেরুপরি গৃধ্রজম্বুকৌ
শ্বানরশ্চ মলিনাম্বরান্বিতঃ।
রৌতি মাতৃপিতৃবিপ্রয়োজিতঃ
সিংহরূপমিদমাদ্যমুচ্যতে ॥
হয়াকৃতিঃ পাণ্ডুরমাল্যশেখরো
বিভর্ত্তি কৃষ্ণাজিনকম্বলং নরঃ।
দুরাসদঃ সিংহ ইবাত্তকার্ম্মুকো
নতাগ্রনাসো মৃগরাজমধ্যমঃ ॥
ঋক্ষাননো বানরতুল্যচেষ্টো
বিভর্ত্তি দণ্ডং ফলমামিষঞ্চ।
কূর্চ্চী মনুষ্যঃ কুটিলৈশ্চ কেশৈ-
র্মৃগশ্চরস্যান্তগতস্ত্রিভাগঃ ॥
পুষ্পপ্রপূর্ণেন ঘটেন কন্যা
মলপ্রদিগ্ধাম্বরসংবৃতাঙ্গী।
বস্ত্রার্থসংযোগমভীপ্সমানা
গুরোঃ কুলং বাঞ্ছতি কন্যকাদ্যঃ ॥
পুরুষঃ প্রগৃহীতলেখনিঃ
শ্যামো বস্ত্রশিরা ব্যয়ায়কৃৎ।
বিপুলঞ্চ বিভর্ত্তি কার্ম্মুকং
রোমব্যাপ্ততনুশ্চ মধ্যমঃ ॥
গৌরী সুধৌতাগ্রদুকূলগুপ্তা
সমুচ্ছ্রিতা কুম্ভকটচ্ছু হস্তা।
দেবালয়ং স্ত্রী প্রযতা প্রবৃত্তা
বদন্তি কন্যান্তগতস্ত্রিভাগঃ ॥
বীথ্যন্তরাপলগতঃ পুরুষস্তুলাবা-
নুন্মানমানকুশলঃ প্রতিমানহস্তঃ।
ভাণ্ডং বিচিন্তয়তি তস্যচ মূল্যমেত-
দ্রূপং বদন্তি যবনাঃ প্রথমং তুলায়াঃ ॥
কলশং পরিগৃহ্য বিনিপতিতুং
সমভীপ্সতি গৃধ্রমুখঃ পুরুষঃ।
ক্ষুধিতস্তৃষিতশ্চ কলত্রসুতা-
ন্মনসৈতি তুলাধরমধ্যগতঃ ॥
বিভীষন্ তিষ্ঠতি রত্নচিত্রিতো-
বনে মৃগান্ কাঞ্চনতূণবর্ম্মভৃৎ।
ফলামিষং বানররূপভৃন্নর-
স্তুলাবসানে যবনৈরুদাহৃতঃ ॥
বস্ত্রৈর্ব্বিহীনাভরণৈশ্চ নারী
মহাসমুদ্রাৎ সমুপৈতি কূলং।
স্থানচ্যুতা সর্পনিবদ্ধপাদা
মনোরমা বৃশ্চিকরাশিপূর্ব্বঃ ॥
স্থানসুখান্যভিবাঞ্ছতি নারী
ভর্ত্তৃকৃতে ভুজগাবৃতদেহা।
কচ্ছপকুম্ভসমানশরীরা
বৃশ্চিকমধ্যমরূপমুশন্তি ॥
পৃথুলচিপিটকূর্ম্মতুল্যবক্ত্রঃ
শ্বমৃগবরাহশৃগালভীষকারী।
অবতিচ মলয়াকরপ্রদেশং
মৃগপতিরন্ত্যগতস্য বৃশ্চিকস্য ॥
মনুষ্যবক্ত্রোঽশ্বসমানকায়ো
ধনুর্ব্বিগৃহ্যায়তমাশ্রমস্থঃ।
ক্রতূপযোজ্যানি তপস্বিনশ্চ
ররক্ষ পূর্ব্বো ধনুষস্ত্রিভাগঃ ॥
মনোরমা চম্পকহেমবর্ণা
ভদ্রাসনে তিষ্ঠতি মধ্যরূপা।
সমুদ্ররত্নানি বিঘট্টয়ন্তী
মধ্যত্রিভাগো ধনুষঃ প্রদিষ্টঃ ॥

কূৰ্চ্চী নরো হাটকচম্পকাভো
বরাসনে দণ্ডধরো নিষণ্ণঃ।
কৌবেয়কান্যুদ্বহতেহজিনঞ্চ
তৃতীয়রূপং নবমস্য রাশেঃ॥
রোমচিতো মকরোপমদংষ্ট্রঃ
শূকরকায়সমানশরীরঃ।
যোক্ত্রকজালকবন্ধনধারী
রৌদ্রমুখো মকরপ্রথমস্তু॥
কলাস্বভিজ্ঞাজদলায়তাক্ষী
শ্যামা বিচিত্রাণিচমার্গমাণা।
বিভূষণালঙ্কৃতলোহকর্ণা
যোষা প্রদিষ্টা মকরস্য মধ্যে॥
কিন্নরোপমতনুঃ সকম্বল-
স্তূণচাপকবচৈঃ সমন্বিতঃ।
কুম্ভমুদ্বহতি রত্নচিত্রিতং
স্কন্ধগং মকররাশিপশ্চিমঃ॥
স্নেহমদ্যজলভোজনাগম-
ব্যাকুলীকৃতমনাঃ সকম্বলঃ।
কোষকারবসনোহজিনান্বিতো
গৃধ্রতুল্যবদনো ঘটাদিগঃ॥
দগ্ধে শকটে সশাল্মলে লোহান্যাহরতেহঙ্গনা বনে।
মলিনেন পটেন সম্বৃতা ভাণ্ডৈর্মূর্দ্ধ্নি গতৈশ্চ মধ্যমঃ॥
শ্যামঃ সরোমশ্রবণঃ কিরীটী
ত্বক্‌পত্রনির্য্যাসকলৈর্ব্বিভর্ত্তি।
ভাণ্ডানি লোহত্যতিমিশ্রিতানি
সঞ্চারয়ত্যন্তগতো ঘটস্য॥
স্রুগ্‌ভাণ্ডমুক্তামণিশঙ্খমিশ্রৈ-
র্ব্যাক্ষিপ্তহস্তঃ সবিভূষণশ্চ।
ভার্য্যাবিভূষার্থমপাং নিধানং
নাবা প্লবত্যাদিগতো ঝষস্য॥
অত্যুচ্ছ্রিতধ্বজপতাকমুপৈতি পোতং
কূলং প্রযাতি জলধেঃ পরিবারযুক্তা।
বর্ণেণ চম্পকমুখা প্রমদা ত্রিভাগো
মীনস্য চৈব কথিতো মুনিভির্দ্বিতীয়ঃ॥
শ্বভ্রান্তিকে সর্পনিবেষ্টিতাঙ্গো-
বস্ত্রৈর্ব্বিহীনঃ পুরুষস্তটব্যাং।
চৌরানলব্যাকুলিতান্তরাত্মা
বিক্রোশতেহন্ত্যোপগতো ঝষস্য॥

অনুবাদ।

প্রতি লগ্নের মানকে তিন ভাগ অর্থাৎ দ্রেক্কাণ ভাগ করিয়া তাহার কোন দ্রেক্কাণে পুরুষ এবং কোন দ্রেক্কাণে স্ত্রী ও তাহার কিরূপ আকৃতি হইবে তাহা এবং হৃত নষ্ট বস্তুর প্রশ্ন গণনায় চৌর পুরুষ বা স্ত্রী এবং তাহার কিরূপ আকৃতি ও কিরূপ পরিচ্ছদাদি তাহা বৃহজ্জাতকের একবচনে লিখিত থাকায় তাহা পৃথকরূপে না লিখিয়া বচনানুযায়ী নিম্নে লেখা হইল।

১। মেষের প্রথম দ্রেক্কাণে প্রসব করিলে পুরুষ জন্মে, সেই ব্যক্তি কটিদেশে শুক্লবর্ণ বস্ত্র বেষ্টন রাখিবে, কৃষ্ণবর্ণ, ক্রোধী, বিপদগ্রস্থ ব্যক্তিকে রক্ষা করিতে সমর্থ, ভীষণস্বভাব, কুঠারধারী এবং রক্তচক্ষু হইবে।

২। মেষের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী রক্তবর্ণ বস্ত্র পরিধান করিবে, ভূষণ এবং ভোজনীয় দ্রব্যে লালসা, কুম্ভোদরী, অশ্বমুখী, পিপাসাযুক্তা এবং খঞ্জা হইবে।

৩। মেষের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মিবে, ঐপুরুষ ক্রূর, চতুঃষষ্ঠি কলাজ্ঞ, কপিলবর্ণ, সর্ব্বদা কর্ম্মে অভিলাষী, নিয়ম রক্ষা করিতে অসমর্থ, উদ্যত দণ্ডহস্ত, রক্তবর্ণ বস্ত্র পরিধানপ্রিয় এবং ক্রোধী হইবে।

১। বৃষের প্রথম দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রীর কেশ কুঞ্চিত ও দ্যুন এবং উদর কুম্ভাকৃতি হইবে, সে দগ্ধবস্ত্র-পরিধৃতা, পিপাসান্বিতা, ভোজনে, পানে এবং অলঙ্কার পরিধানে সর্ব্বদা অভিলাষিণী হইবে।

২। বৃষের দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ

কৃষি, ধান্য, গৃহ এবং ধেনু ও চতুঃষষ্টি কলাজ্ঞ, পণ্ডিত, লাঙ্গল ও শকট চালনে দক্ষ ও তাহার বৃষের ন্যায় স্কন্ধ, সে ক্ষুধার্ত্ত, ছাগমুখ ও মলিন বস্ত্রধারী হইবে।

৩। বৃষের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের শরীর হস্তীর সদৃশ বৃহৎ, দন্ত পাণ্ডুবর্ণ, চরণ বৃহৎ, বর্ণ পিঙ্গল এবং সে মেষ ও মৃগ মাংস ভক্ষণে লোভী হইবে।

১। মিথুনের প্রথম দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী সূচী কর্ম্মে অভিলাষিণী, সুন্দরী, আভরণ পরিতে এবং পরা-হতে আহ্লাদান্বিতা, সন্তানরহিতা, সর্ব্বদা ঊর্দ্ধে হস্ত রাখিতে অভিলাষিণী, ঋতুমতী অথবা কামার্ত্তা।

২। মিথুনের দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ উদ্যানস্থিত, কবচ ও ধনুর্দ্ধারী, বলবান্, অস্ত্রধারী, পক্ষীর সদৃশ মুখ, ক্রীড়া, পুত্র, অলঙ্কার এবং অর্থ চিন্তায় সর্ব্বদা নিমগ্নচিত্ত।

৩। মিথুনের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ অলঙ্কারে ভূষিত, সমুদ্রের ন্যায় বহু রত্নযুক্ত, তূণ কবচ এবং ধনুর্দ্ধারী, নৃত্যবাদ্যাদি কলায় বিদ্বান্, এবং কাব্য অর্থাৎ পরিহাস কার্য্যে পটু হইবে।

১। কর্কটের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষের হস্তীর ন্যায় শরীর এবং সে ফল মূল পত্রধারী মলয়কাননবাসপ্রিয়, এবং সে শূকর মুখ ও হয়গ্রীব।

২। কর্কটের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী মস্তকে পদ্ম ও সর্পযুক্তা, কর্কশা, পূর্ণযৌবনা, কাননে রোদনশীলা, পলাশ বৃক্ষের শাখাশ্রিতা।

৩। কর্কটের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ তাহার স্ত্রীর আভরণ জন্য সর্প বেষ্টিত হইয়া নৌকারো-হণে সমুদ্রে গমন করিবে। সে সুবর্ণ অলঙ্কারে বিভূষিত এবং তাহার চিপিট মুখ হইবে।

১। সিংহের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ মলিন বস্ত্র ধারী এবং পিতৃমাতৃবিয়োগবিধুর ও মলিনবস্ত্রধারী হইয়া শাল্মলী বৃক্ষের উপর পক্ষী, শৃগাল এবং কুকুরের ন্যায় রোদন করিবে।

২। সিংহের দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের অশ্ব সদৃশ আকৃতি, মস্তকে পাণ্ডুবর্ণ মালাযুক্ত, কৃষ্ণসার চর্ম্ম এবং কম্বলধারী, দুরাসদ, ধনুর্দ্ধারী এবং তাহার নাসার অগ্রভাগ নত।

৩। সিংহের তৃতীয় দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষের ভল্লুক সদৃশ মুখ ও বানরের ন্যায় স্বভাব, দণ্ড ফল এবং আমিষধারী, দীর্ঘশ্মশ্রু ও কুটিল কুন্তল হইবে।

১। কন্যার প্রথমভাগে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী পুষ্পপূর্ণিত কুম্ভধারিণী, মলিন বস্ত্র পরিধানা, বস্ত্র এবং অর্থাভিলাষিণী, গুরুকুলগামিনী।

২। কন্যার দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের হস্তে লেখনী, বর্ণ শ্যাম, মস্তক বস্ত্র দ্বারা বেষ্টিত থাকিবে, সে আয় ব্যয় কার্য্যে নিযুক্ত, বৃহৎ ধনুর্দ্ধারী এবং লোমশ হইবে।

৩। কন্যার তৃতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী গৌর-বর্ণা, ধৌতপট্টবাসে আচ্ছাদিতা, অতিশয় উচ্চা, কুম্ভ এবং দর্ব্বীহস্তা ও দেবালয় গমনে উদ্যুক্তা হইবে।

তুলার প্রথম দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ পথি মধ্যে তুল দণ্ড ধারণ করিয়া বাণিজ্যাদি কার্য্য এবং সুবর্ণ রত্নাদি ছেদন করিবার অস্ত্রধারণ করিবে ও তুল কার্য্যে পটু হইবে। সে দ্রব্য বিক্রয় জন্য সদা চিন্তিত থাকিবে এবং তাহার দ্রব্যের মূল্য নির্দ্ধারণ করিবার শক্তি জন্মিবে।

২। তুলার দ্বিতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরু-ষের পক্ষীর সদৃশ মুখ, কলস লইয়া ক্ষুধিত এবং পিপাসান্বিত হওয়ায় পতনোন্মুখ এবং স্ত্রী পুত্রকে সর্ব্বদা স্মরণ করিবে।

৩। তুলার তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ স্বর্ণাল-ঙ্কারে বিভূষিত, স্বর্ণ তূণ এবং বর্ম্মে আচ্ছাদিত হইয়া বনে মৃগদিগকে ভয় প্রদর্শন করিবে, সে মৎস্য মাংস ধারণকারী এবং তাহার বানরের ন্যায় রূপ হইবে।

১। বৃশ্চিকের প্রথম দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী বস্ত্র আভরণ বর্জ্জিতা হইবে। মহা সমুদ্র হইতে কূলে

আসিবে, স্থানচ্যুত হইবে। সে পদে সর্প জড়াইয়া থাকিবে এবং সে মনোরমা হইবে।

২। বৃশ্চিকের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী সুখাভিলাষিনী, স্বামীর নিমিত্ত ভুজগাবৃত দেহ ও তাহার কচ্ছপ ও কলসের ন্যায় দেহ হইবে।

৩। বৃশ্চিকের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের বিস্তীর্ণ এবং চিপিট ও কচ্ছপের ন্যায় মুখ হইবে, কুক্কুর মৃগ বরাহ এবং শৃগাল প্রভৃতি জন্তু উহাকে দেখিলে ভীত হইবে এবং নিজে প্রতাপান্বিত হইবে।

১। ধনুর প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষের মনুষ্যের ন্যায় মুখ ও অশ্ব সদৃশ দেহ হইবে এবং সে আশ্রমস্থ হইয়া ধনুর্দ্ধারণপূর্ব্বক তপস্বীগণের এবং যজ্ঞোপযোগী দ্রব্যাদির রক্ষা করিবে।

২। ধনুর দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী মনোরমা, চম্পক পুষ্পের ন্যায় সুবর্ণা, সর্ব্বদা আসনে উপবিষ্টা, মধ্যমরূপা এবং রত্ন-যুক্তা হইবে।

৩। ধনুর তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের স্বর্ণ সদৃশ বর্ণ, শ্মশ্রু দীর্ঘ। সে দণ্ডধারী হইবে, আসনে উপবিষ্ট থাকিবে ও মৃগ চর্ম্ম ও পট্টবস্ত্র পরিধান করিবে।

১। মকরের প্রথম দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ রোমযুক্ত। তাহার মকরের সদৃশ দন্ত, শূকরের ন্যায় দেহ এবং সে যোত্র ও জালবন্ধন রজ্জুধারী হইবে।

২। মকরের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী কলাভিজ্ঞা, পদ্ম পত্রের ন্যায় আয়ত চক্ষু, শ্যামবর্ণা, চিত্র বিচিত্র বর্ণ বস্তুতে অভিলাষিণী হইবে ও তাহার কর্ণের অলঙ্কার লৌহময় হইবে।

৩। মকরের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষের কিন্নরের ন্যায় দেহ হইবে, কম্বল তূণ ধনু এবং কবচ যুক্ত থাকিবে আর ঐ পুরুষ তাহার স্কন্ধদেশে রত্ন নির্ম্মিত বিচিত্র কলস ধারণ করিবে।

কুম্ভের প্রথম দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ হৃত নষ্ট জল এবং ভক্ষ্য দ্রব্য ভোজন চিন্তায় ব্যাকুলচিত্ত হইবে, কম্বল এবং চর্ম্মধারী হইবে ও পট্টবস্ত্র পরিধান করিবে এবং তাহার মুখ গৃধ্র তুল্য হইবে।

২। কুম্ভের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী বন হইতে দগ্ধ শকটে লৌহ আহরণ করিবে, এবং মলিন বস্ত্র পরিধান ও মস্তকে ভাণ্ড ধারণ করিবে।

৩। কুম্ভের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ শ্যামবর্ণ, কর্ণে লোমযুক্ত হইবে, মস্তকে কিরীট ধারণ করিবে এবং পত্র, ত্বক্ নির্য্যাস ও ফলযুক্ত লৌহভাণ্ড ধারণ করিবে।

১। মীনের প্রথম দ্রেক্কাণে প্রসব হইলে পুরুষ জন্মে, ঐ পুরুষ যজ্ঞের ভাণ্ড, মুক্তা, মণি, শঙ্খ, এবং অলঙ্কার ধারণ করিবে এবং তাহার স্ত্রীর অলঙ্কারের নিমিত্ত নৌকারোহণে সমুদ্রে গমন করিবে।

২। মীনের দ্বিতীয় দ্রেক্কাণে স্ত্রী জন্মে, ঐ স্ত্রী অতিশয় উচ্চ ধ্বজা পতাকা যুক্ত নৌকায় সপরিবারে সমুদ্রে গমন করিবে এবং তাহার সুবর্ণ সদৃশ বর্ণ হইবে।

৩। মীনের তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে, ঐ পুরুষ গর্ত্ত সমীপে অঙ্গে সর্প বেষ্টন করিয়া এবং বস্ত্র বিহীন হইয়া থাকিবে। চৌর এবং অনল কর্ত্তৃক ব্যাকুলিত চিত্ত হইয়া বনে রোদন করিবে।

বিশেষ এই যে, দ্রেক্কাণাধিপতি স্ত্রী গ্রহ হইয়া যদি দুর্ব্বল হয় এবং লগ্নাধিপতি গ্রহ যদি পুরুষ হয় কিম্বা পুরুষ গ্রহের দৃষ্টি যদি ঐ লগ্নে থাকে তাহা হইলে স্ত্রী দ্রেক্কাণে পুরুষ জন্মে এবং বলবান্ স্ত্রী গ্রহ যদি লগ্নে অবস্থিতি করে অথবা স্ত্রী গ্রহের দৃষ্টি যদি ঐ লগ্নে থাকে তাহা হইলে পুরুষ দ্রেক্কাণে স্ত্রী জন্মে, কিন্তু স্ত্রী দ্রেক্কাণে পুরুষ জন্মিলে ও ঐ পুরুষের স্বভাব স্ত্রী লোকের ন্যায় হয় এবং পুরুষ দ্রেক্কাণে স্ত্রীর জন্ম হইলে তাহার স্বভাবও পুরুষের ন্যায় হয়।

লগ্নের কোন দ্রেক্কাণে জন্ম হইলে পুরুষ এবং কোন দ্রেক্কাণে জন্ম হইলে স্ত্রী ও তাহার আকৃতি প্রকৃতি অভিরুচি এবং কোন কার্য্য করিতে অভিলাষী হইবে জানা যায় তদ্রূপ ঐ সকল দ্রেক্কাণের কোন দ্রেক্কাণে হৃত নষ্ট বস্তু সম্বন্ধে প্রশ্ন হইলে, চৌরের স্ত্রীত্ব পুংস্

আকৃতি প্রকৃতি অভিরুচি এবং প্রশ্ন কালে চোর কোন স্থানে স্থিত এবং কোন২ কার্য্যে লিপ্ত থাকে তাহাও জানা যাইবে।

অথ শরীরচিহ্নকথনং যথা সত্যাচার্য্যঃ।

লগ্নাৎ সপ্তমগো ভৌমঃ শুক্রো বাথ বৃহস্পতিঃ।
চিহ্নং মূর্দ্ধ্নি স্থিতশ্চৈব জাতকস্য ন সংশয়ঃ॥
যদা শুক্রোঽথবা ভৌমো লগ্নস্থোঽপি নিশাকরঃ।
দ্বাদশাব্দে ভবেত্তস্য মস্তকে চিহ্নদর্শনং॥
অষ্টমস্থো যদা রাহুঃ শুক্রো বাপি তনুস্থিতঃ।
বামকর্ণে ভবেত্তস্য চিহ্নশ্চৈব ন সংশয়ঃ॥
জায়াস্থানে স্থিতে রাহৌ গুরৌ চ তনুসংস্থিতে।
বামভুজে ভবেচ্চিহ্নং লগ্নাচ্চৈব যথাক্রমং॥
দ্বাদশাষ্টমগঃ শুক্রো লগ্নে চ রবি সংস্থিতে।
বাহ্বোশ্চিহ্নং বিজানীয়াৎ জন্মলগ্নাদ্বিচক্ষণঃ॥
ত্রিষড়ায় গতে ভৌমে শুক্রে বাপি ব্যবস্থিতে।
বামপার্শ্বে ভবেচ্চিহ্নং তস্য জ্ঞেয়ং পরিস্ফুটং॥
কুজে সৌরেঽথলগ্নে বা রাহুদৃষ্টে ত্রিকোণগঃ।
লিঙ্গে গুদে ভবেচ্চিহ্নং তিলমল্পপরিস্ফুটং॥
ত্রিকোণে বৈ ভবেৎ শুক্রো জীবে সৌম্যে মৃতিস্থিতে
শনৌ পাতালগে চৈব কুক্ষৌ চিহ্নং সমাদিশেৎ॥
ধনস্থানে যদা শুক্রস্ত্বষ্টমেঽপি দিবাকরঃ।
কর্ম্মগৌ রাহুমন্দৌচ নাভৌ চিহ্নং সমাদিশেৎ॥
কর্ম্মগো বৈ যদা মন্দো দ্বিতীয়েপি নিশাকরঃ।
শুক্রারৌ সহজৌ স্যাতাং কট্যাং চিহ্নং সমাদিশেৎ॥
ব্যয়স্থানস্থিতো মন্ত্রী বুধেঽপি ত্রিষড়ায়গঃ।
সহজস্থো ভবেৎ শুক্রো হৃদি চিহ্নং সমাদিশেৎ॥
সহজস্থো ভবেৎ শুক্রো মন্ত্রী বা ত্রিষড়ায়গঃ।
ধর্ম্মস্থানে নিশানাথে গুদে গোলকমাদিশেৎ॥
পাতালে শুক্ররাহৌ চেৎ কুজে মন্দে তনুস্থিতে।
গুল্ফাঙ্ঘ্রি জানুজঙ্ঘাসু বাহ্বোশ্চ চিহ্নমাদিশেৎ॥
মৃতিস্থানে নিশানাথে গুরৌ শুক্রব্যয়ে স্থিতে।
সপ্তমে বুধমন্দৌচ বাহ্বোশ্চিহ্নং সমাদিশেৎ॥

অথ জাতবালকের অঙ্গের চিহ্নাদি।

জন্মলগ্ন হইতে গণনায় যে রাশি সপ্তম হইবে, সেই রাশিতে যদি মঙ্গল, শুক্র, কিম্বা বৃহস্পতি অবস্থিতি করে, তাহা হইলে জাতবালকের মস্তকে চিহ্ন দর্শন হইবে।

জন্ম লগ্নে যদি শুক্র, মঙ্গল কিম্বা চন্দ্র অবস্থিতি করে, তবে জাতবালকের দ্বাদশ বৎসর বয়ঃক্রমে মস্তকে চিহ্ন দর্শন হইবে।

জন্মলগ্নের অষ্টম স্থানে যদি রাহু এবং শুক্র স্থিতি করে তবে বালকের বাম কর্ণে চিহ্ন হইবে।

জন্মলগ্নের সপ্তম স্থানে রাহু এবং লগ্নে বৃহস্পতি থাকিলে বালকের বাম হস্তে চিহ্ন হইবে।

জন্মলগ্নের দ্বাদশ কিম্বা অষ্টম রাশিতে শুক্র এবং লগ্নে রবি থাকিলে বালকের উভয় বাহুতে চিহ্ন দর্শন হইবে।

জন্মলগ্নের তৃতীয়, ষষ্ঠ কিম্বা একাদশ স্থানে মঙ্গল অথবা শুক্র থাকিলে বালকের বাম পার্শ্বে চিহ্ন থাকিবে।

জন্মলগ্নে মঙ্গল ও শনি থাকিলে কিম্বা ঐ মঙ্গল ও শনি লগ্নের পঞ্চম ও নবম স্থানে অবস্থিতি হইয়া রাহুগ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হইলে, বালকের লিঙ্গে এবং গুহ্যদেশে অল্প তিল চিহ্ন দৃষ্ট হইবে।

লগ্নের পঞ্চম ও নবম রাশিতে শুক্র, অষ্টম স্থানে বৃহস্পতি ও বুধ এবং পাতালে অর্থাৎ লগ্ন হইতে গণনায় চতুর্থ রাশিতে শনি থাকিলে জাত বালকের কুক্ষিদেশে চিহ্ন দর্শন হইবে।

লগ্নের দ্বিতীয় রাশিতে শুক্র, অষ্টম রাশিতে রবি, দশম রাশিতে রাহু এবং শনি থাকিলে জাতবালকের নাভিদেশে চিহ্ন হইবে।

লগ্নের দশম স্থানে শনি, দ্বিতীয়ে চন্দ্র, তৃতীয় রাশিতে শুক্র এবং মঙ্গল অবস্থিতি করিলে জাতবালকের কটিদেশে চিহ্ন দর্শন হইবে।

জন্ম লগ্নের দ্বাদশ রাশিতে যদি বৃহস্পতি এবং তৃতীয়, ষষ্ঠ, একাদশ রাশির কোন রাশিতে বুধ এবং তৃতীয় রাশিতে শুক্র থাকিলে জাত বালকের হৃদিতে চিহ্ন দর্শন হইবে।

জন্ম লগ্ন হইতে গণনায় তৃতীয় রাশিতে শুক্র এবং তৃতীয় কিম্বা ষষ্ঠ কিম্বা একাদশ রাশিতে বৃহস্পতি আর নবম রাশিতে চন্দ্র থাকিলে বালকের গুহ্য দেশে বর্ত্তুলাকার চিহ্ন দর্শন হইবে।

জন্ম লগ্নের চতুর্থ রাশিতে শুক্র এবং রাহু, জন্ম লগ্নে মঙ্গল এবং শনি থাকিলে জাতবালকের গুল্‌ফে কিম্বা পাদে কিম্বা জানুদেশে কিম্বা জঙ্ঘাতে কিম্বা উভয় বাহুতে চিহ্ন দর্শন হইবে।

লগ্নের অষ্টম রাশিতে চন্দ্র, দ্বাদশ রাশিতে বৃহস্পতি এবং শুক্র, সপ্তম রাশিতে বুধ ও শনি থাকিলে জাতবালকের উভয় বাহুতে চিহ্ন হইবে।

বৃহজ্জাতকে।

কং দৃক্ শ্রোত্রনসা কপোল হনবো বক্তুঞ্চ হোরাদয়-
স্তেকণ্ঠাংসক বাহু পার্শ্বহৃদয় ক্রোড়ানি নাভিস্ততঃ।
বস্তিঃ শিশ্নগুদে ততশ্চ বৃষণাবূরু ততো জানুনী জঙ্ঘা-
ঙ্ঘ্রীত্যুভয়ত্র বামমুদিতৈর্দ্রেক্কাণভাগৈস্ত্রিধা ॥
তস্মিন্ পাপযুতে ব্রণং শুভযুতে দৃষ্টে চ লক্ষ্মাদিশেৎ
স্বর্ক্ষাংশ স্থিরসংযুতেষু সহজঃ স্যাদন্যথাগন্তুকঃ।
মন্দেশ্মানিলজোগ্নি শস্ত্রবিষজোভৌমে বুধে ভূ ভবঃ
সূর্য্যেকাষ্ঠচতুষ্পাদয়ু হিমগৌ শৃঙ্গ্যব্জজোন্যৈঃ শুভং ॥
সমনুপতিতা যস্মিন্ ভাগে ত্রয়ঃ সবুধাগ্রহা
ভবন্তি নিয়মাত্তস্যাবাপ্তিঃ শুভেষ্বশুভেষু বা।
ব্রণকৃদশুভঃ ষষ্ঠে দেহে তনোর্ভসমাশ্রিতে
তিলকমশকৃদ্দৃষ্টঃ সৌম্যৈর্যুতশ্চ স লক্ষবান্ ॥

জাত বালকের ব্রণ চিহ্নাদি নিরূপণার্থ দ্রেক্কাণ অনুসারে জাত বালকের অঙ্গবিভাগ।

লগ্নের প্রথম দ্রেক্কাণে জন্ম হইলে জাত বালকের মস্তক হইতে মুখ পর্য্যন্ত প্রথম ভাগ।

দ্বিতীয় দ্রেক্কাণে জন্ম হইলে জাত বালকের কণ্ঠ দেশ হইতে নাভি পর্য্যন্ত দ্বিতীয় ভাগ।

তৃতীয় দ্রেক্কাণে জন্ম হইলে জাত বালকের বস্তি দেশ হইতে পদ পর্য্যন্ত তৃতীয় ভাগ। অতএব প্রথম দ্রেক্কাণে মস্তক, দ্বিতীয় দ্রেক্কাণে কণ্ঠ, তৃতীয় দ্রেক্কাণে বস্তি কল্পনা করিয়া গণনা করিতে হইবে।

দ্রেক্কাণের দ্বারা জাত বালকের শরীর তিন অংশে বিভক্ত করা হইয়াছে, এক্ষণে সেই দ্রেক্কাণ দ্বারা জাত বালকের বাম ও দক্ষিণ অঙ্গ কিরূপে বিভাগ করিতে হইবে তাহা এই।

যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নের ভুক্ত অংশ আর জন্ম লগ্ন হইতে দ্বাদশ একাদশ দশম নবম অষ্টম এবং লগ্নের যে অংশ ভুক্ত হইয়াছে সপ্তম রাশির সেই অংশ পর্য্যন্ত ছয়টী রাশি উদিত অর্থাৎ দৃশ্য রাশি এই কয় রাশির দ্বারা জাত বালকের বাম অঙ্গ হইবে। আর যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নের ভোগ্যাংশ এবং ঐ লগ্ন রাশি হইতে গণনায় যে যে রাশি দ্বিতীয় তৃতীয় চতুর্থ পঞ্চম এবং ষষ্ঠ রাশি আর জন্ম লগ্নের যে অংশ ভুক্ত হইয়াছে সপ্তম রাশির সেই অংশ পর্য্যন্ত ছয়টী রাশি অনুদিত অর্থাৎ অদৃশ্য রাশি এই কয় রাশির দ্বারা জাত বালকের দক্ষিণ অঙ্গ হইবে।

মস্তক হইতে মুখ পর্য্যন্ত দক্ষিণ প্রত্যঙ্গ বিভাগ।

লগ্নের প্রথম দ্রেক্কাণে জন্ম হইলে, লগ্ন রাশি বালকের মস্তক কল্পনা করিতে হইবে, ঐ রাশি হইতে যে রাশি দ্বিতীয় সেই রাশির প্রথম দ্রেক্কাণ দক্ষিণ-চক্ষু, যে রাশি তৃতীয় সেই রাশির প্রথম দ্রেক্কাণ দক্ষিণ কর্ণ চতুর্থ রাশির প্রথম দ্রেক্কাণ দক্ষিণ নাসা পঞ্চম রাশির প্রথম দ্রেক্কাণ দক্ষিণ কপোল, ষষ্ঠ রাশির প্রথম দ্রেক্কাণ দক্ষিণ হনু। সপ্তম রাশির প্রথম দ্রেক্কাণ মুখ হইবে।

কণ্ঠ হইতে নাভি পর্য্যন্ত প্রত্যঙ্গ বিভাগ।

লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণে জন্ম হইলে লগ্ন রাশির দ্বিতীয় দ্রেক্কাণ বালকের কণ্ঠ কল্পনা করিতে হইবে

ঐ রাশি হইতে যে রাশি দ্বিতীয় সেই রাশির দ্বিতীয় দ্রেক্কাণ দক্ষিণ স্কন্ধ, তৃতীয় রাশির দ্বিতীয় দ্রেক্কাণ দক্ষিণ হস্ত, চতুর্থ রাশির দ্বিতীয় দ্রেক্কাণ দক্ষিণ পার্শ্ব, পঞ্চম রাশির দ্বিতীয় দ্রেক্কাণ হৃদয়ের দক্ষিণ পার্শ্ব, ষষ্ঠ রাশির দ্বিতীয় দ্রেক্কাণ কটিদেশের দক্ষিণ পার্শ্ব, সপ্তম রাশির দ্বিতীয় দ্রেক্কাণ নাভি।

বস্তি দেশ হইতে পদ পর্য্যন্ত প্রত্যঙ্গ বিভাগ।

লগ্নের তৃতীয় দ্রেক্কাণে জন্ম হইলে লগ্ন রাশির তৃতীয় দ্রেক্কাণ বালকের বস্তি কল্পনা করিতে হইবে ঐ রাশি হইতে দ্বিতীয় রাশির তৃতীয় দ্রেক্কাণ বালকের শিশ্ন এবং গুহ্যের দক্ষিণ পার্শ্ব, তৃতীয় রাশির তৃতীয় দ্রেক্কাণ মুষ্ক অর্থাৎ কোষের দক্ষিণ পার্শ্ব, চতুর্থ রাশির তৃতীয় দ্রেক্কাণ দক্ষিণ উরু, পঞ্চম রাশির তৃতীয় দ্রেক্কাণ দক্ষিণ জানু, ষষ্ঠ রাশির তৃতীয় দ্রেক্কাণ দক্ষিণ জঙ্ঘা, সপ্তম রাশির তৃতীয় দ্রেক্কাণ পদ।

বাম অঙ্গ বিভাগ শরীরের প্রথম ভাগ।

জন্ম লগ্ন হইতে ক্রমে ক্রমে ছয়টী রাশির প্রথম দ্বিতীয় এবং তৃতীয় দ্রেক্কাণ গণনা দ্বারা যেরূপ জাত বালকের দক্ষিণ অঙ্গ বিভাগ হইয়াছে তদ্রূপ অপর ছয়টী রাশির প্রথম দ্বিতীয় তৃতীয় দ্রেক্কাণ ভাগ দ্বারা জাত বালকের বাম অঙ্গ বিভাগ করা হইতেছে!

জন্ম লগ্ন হইতে গণনায় অষ্টম রাশির প্রথম দ্রেক্কাণ বালকের বাম হনু কল্পনা করিতে হইবে। নবম রাশির প্রথম দ্রেক্কাণ বাম কপোল দশম রাশির প্রথম দ্রেক্কাণ বাম নাসা একাদশ রাশির প্রথম দ্রেক্কাণ বাম কর্ণ, দ্বাদশ রাশির প্রথম দ্রেক্কাণ বাম চক্ষু।

দ্বিতীয় ভাগ নাভি হইতে কণ্ঠ।

জন্ম লগ্ন হইতে গণনায় অষ্টম রাশির দ্বিতীয় দ্রেক্কাণ বালকের কটিদেশের বাম পার্শ্ব। নবম রাশির দ্বিতীয় দ্রেক্কাণ হৃদয়ের বাম পার্শ্ব। দশম রাশির দ্বিতীয় দ্রেক্কাণ বাম পার্শ্ব, একাদশ রাশির দ্বিতীয় দ্রেক্কাণ বাম হস্ত, দ্বাদশ রাশির দ্বিতীয় দ্রেক্কাণ বামস্কন্ধ।

তৃতীয় বিভাগ।

জন্ম লগ্ন হইতে গণনায় অষ্টম রাশির তৃতীয় দ্রেক্কাণ জাত বালকের বাম জঙ্ঘা। নবম রাশির তৃতীয় দ্রেক্কাণ বাম জানু। দশম রাশির তৃতীয় দ্রেক্কাণ বাম উরু, একাদশ রাশির তৃতীয় দ্রেক্কাণ কোষের বাম পার্শ্ব দ্বাদশ রাশির তৃতীয় দ্রেক্কাণ গুহ্য ও শিশ্নের বাম পার্শ্ব।

জাত বালকের অঙ্গ তিন ভাগ করিয়া তাহার প্রত্যঙ্গে দ্বাদশ রাশি সংস্থাপন করা হইয়াছে এক্ষণে ঐ সকল রাশিতে কোন্ গ্রহ অবস্থিতি করিলে কিরূপ চিহ্ন হইবে তাহা নিম্নে প্রকটিত হইল।

যে রাশির যে দ্রেক্কাণে পাপ গ্রহ অবস্থিতি করিবে প্রত্যঙ্গ বিভাগে ঐ রাশির ঐ দ্রেক্কাণ যে প্রত্যঙ্গে পতিত হইবে সেই অঙ্গে ব্রণ অর্থাৎ বিস্ফোটকাদির চিহ্ন হইবে। যদি শুভগ্রহ ঐ রাশিতে অবস্থিতি করে অথবা শুভগ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে সেই অঙ্গে সামান্য চিহ্নমাত্র দৃষ্ট হইবে।

২। যে রাশির যে দ্রেক্কাণে পাপ গ্রহ অবস্থিতি করিবে সেই রাশি যদি ঐ পাপগ্রহের স্বীয় ক্ষেত্র অথবা যে নবাংশে থাকিবে ঐ নবাংশ যদি স্বীয় নবাংশ হয় অথবা ঐ রাশি যদি স্থির রাশি হয় অথবা স্থির রাশির নবাংশ হয় তাহা হইলে সেই অঙ্গে স্বাভাবিক অর্থাৎ জন্ম কালাবধি ব্রণাদির চিহ্ন হইবে। আর যদি ঐ পাপ গ্রহ অন্য গ্রহের ক্ষেত্রে অবস্থিতি করে তাহা হইলে ভবিষ্যতে সেই গ্রহের দশা ভোগ কালে ব্রণাদি কিম্বা কোন ঘটনা ক্রমে চিহ্নাদি হইবে।

এক্ষণে স্বীয় রাশি স্বীয় নবাংশ কিম্বা স্থির রাশি অথবা স্থির রাশির নবাংশে ঐ গ্রহের স্থিতি হইলে কিরূপ চিহ্ন হইবে তাহা নিরূপিত হইতেছে।

শনি চিহ্ন কারক হইলে জন্মকালে ব্রণাদি ঘটিত কৃষ্ণবর্ণ কোন চিহ্ন হইবে।

মঙ্গল চিহ্ন কারক হইলে জন্মকালে রক্তবর্ণ কোন চিহ্ন হইবে।

বুধ চিহ্ন কারক হইলে জন্মকালে শ্যামবর্ণ কোন চিহ্ন হইবে।

রবি চিহ্ন কারক হইলে জন্মকালে রক্ত শ্যাম অর্থাৎ পাটল পুষ্প বর্ণ কোন চিহ্ন হইবে।

চন্দ্র চিহ্ন কারক হইলে জাত বালকের জন্মকালে শ্বেতবর্ণ কোন চিহ্ন হইবে।

বৃহস্পতি কি শুক্র যদি চিহ্ন কারক হয় তাহা হইলে জন্মকালে কোন চিহ্ন হইবে কিন্তু ভবিষ্যতে তাহা থাকিবে না।

বুধ, বৃহস্পতি এবং শুক্রের সহিত এক রাশিতে অবস্থিতি করিয়া চিহ্নকারক হয় তাহা হইলে জাত বালকের জন্মের পর ভবিষ্যতে আর কোন চিহ্ন হইবে না।

স্বীয় রাশিতে স্বীয় নবাংশে অথবা স্থির রাশিতে কিম্বা স্থির রাশির নবাংশে না থাকিয়া অন্য গ্রহের ক্ষেত্রে কিম্বা নবাংশে অবস্থিতি করে তাহা হইলে ভবিষ্যতে কিরূপ ব্রণাদি চিহ্ন হইবে তাহা নিম্নে নির্দ্দিষ্ট হইল।

শনি ব্রণকারক হইলে প্রস্তরের দ্বারা অথবা পাষাণোপরি পতিত হইয়া আঘাত প্রাপ্তে কোন চিহ্ন হইবে। অথবা তাহার দশা ভোগ সময়ে বাতব্যাধি ও পক্ষ ঘাতাদি রোগ জন্য কোন চিহ্ন হইবে।

মঙ্গল ব্রণ চিহ্ন কারক হইলে তাহার দশা ভোগ সময়ে অগ্নি কিম্বা অস্ত্র অথবা বিষজ গরলাদি জনিত চিহ্ন উৎপত্তি হইবে।

বুধ ব্রণ বা চিহ্ন কারক হইলে উহার দশা ভোগ কালে ভূমিতে পতিত হইয়া অথবা লোষ্ট্র খণ্ড ইষ্টকাদি দ্বারা আঘাত প্রাপ্ত কোন চিহ্নাদি হইবে।

রবি ব্রণ কি চিহ্ন কারক হইলে তাহার দশা ভোগ সময় কাষ্ঠ কিম্বা চতুষ্পদ পশু কর্ত্তৃক আঘাত প্রাপ্তে কোন চিহ্ন হইবে।

চন্দ্র ব্রণ বা চিহ্ন কারক হইলে তাহার দশা ভোগ কালে শৃঙ্গী কিম্বা জলজ প্রাণী কর্ত্তৃক আঘাত প্রাপ্তে কোন চিহ্ন হইবে।

বুধ যদি পাপ গ্রহের সহিত অবস্থিতি করিয়া চিহ্ন কারক হয় তাহা হইলে ব্রণাদির চিহ্ন হইবে। ক্ষীণ চন্দ্র যদি চিহ্ন কারক হয় তাহা হইলে ব্রণাদির চিহ্ন হইবে। পূর্ণচন্দ্র চিহ্ন কারকহয়, তাহা হইলে ব্রণাদি চিহ্ন হইবে না।

দ্বাদশ রাশির দ্রেক্কাণ দ্বারা শরীরের অঙ্গ প্রত্যঙ্গ যেরূপ বাম দক্ষিণ ভেদে উদিত অনুদিত বিভাগ করিয়া দ্বাদশ রাশি কল্পিত হইয়াছে ঐ কল্পিত রাশির মধ্যে বাম ভাগের কি দক্ষিণ ভাগের যে কোন রাশিতে বুধের সহিত তিনটি শুভগ্রহ অথবা পাপগ্রহ একত্রিত হইয়া অবস্থিতি করিলে তন্মধ্যে যে গ্রহ সর্ব্বাপেক্ষা বলী হইবে তাহার দশা ভোগের সময় নিশ্চয় ব্রণাদি হইবে।

লগ্নাপেক্ষা ষষ্ঠ গৃহে যদি পাপগ্রহ অবস্থিতি করে, তাহা হইলে সেই গ্রহ ব্রণকারক হইবে। মেষাদি রাশির দ্বারা যেরূপ মস্তকাদি অঙ্গ বিভাগ উক্ত হইয়াছে তদনুসারে ঐ ষষ্ঠ রাশি, জাত বালকের যে অঙ্গে নিপতিত হইয়াছে সেই অঙ্গে ব্রণ হইবে। ঐ ষষ্ঠ রাশি এবং যে নবাংশে ঐ গ্রহের অবস্থান আছে ঐ নবাংশ যদি সেই গ্রহের আত্ম নবাংশ অথবা স্থির রাশি কিম্বা স্থির রাশির নবাংশে অবস্থিতি থাকে তাহা হইলে স্বাভাবিক অর্থাৎ চিহ্নের সহিত বালকের জন্ম হয়। যদি ঐরূপ না হয়, তাহা হইলে আগন্তুক অর্থাৎ সেই গ্রহের দশা ভোগ সময়ে কোন কারণবশতঃ ব্রণাদি চিহ্ন হইবে। আর যদি ঐ ষষ্ঠস্থ গ্রহের উপর শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে সেই অঙ্গে তিলক অর্থাৎ কৃষ্ণবর্ণ বিন্দু অথবা কোন ধবল চিহ্ন হইবে। আর যদি শুভ গ্রহের সহিত এক রাশিস্থ হয় তাহা হইলে কোন সামান্য চিহ্ন হইবে।

এই যে সমস্ত চিহ্ন উক্ত হইল ঐ সকল গ্রহ যদি দৃশ্য ভাগের ছয় রাশিতে অবস্থান করে তাহা হইলে শরীরের সম্মুখ ভাগে চিহ্ন হইবে। যদি অদৃশ্য ভাগের ছয় রাশিতে চিহ্ন কারক গ্রহ অবস্থিতি করে তাহা হইলে অদৃশ্য স্থানে পশ্চাদ্ভাগে চিহ্ন হইবে।

যদি মেষ লগ্নের নয় অংশে অর্থাৎ নয় ডিগ্রী লগ্ন ভুক্ত

কালে কোন বালকের জন্ম হয়, তাহা হইলে মেষের নবমাংশ হইতে আরম্ভ করিয়া তুলা রাশির প্রথম হইতে নবমাংশ অর্থাৎ নয় ডিগ্রী পর্য্যন্ত যে ছয়টি রাশি ইহারা অনুদিত অর্থাৎ অদৃশ্য ইহার দ্বারা জাতবালকের দক্ষিণাঙ্গের ব্রণচিহ্নাদি গণনা করিতে হয়, তাহার ক্রম এই যে মেষ লগ্নের প্রথম দ্রেক্কাণে জন্মকালে যদি তুলা রাশির প্রথম দ্রেক্কাণে অর্থাৎ দশ ডিগ্রীর মধ্যে মঙ্গল থাকে তাহা হইলে মঙ্গলের দশা ভোগ সময় মুখের ওষ্ঠে কিম্বা অধরে অথবা চিবুকের কোন স্থানে ব্রণাদি কোন চিহ্ন হইবে। যদি ঐ সপ্তম রাশি অগ্নি রাশি হইত তাহা হইলে ছেদিতাধর হইত। তুলার দশাংশ অর্থাৎ দশ ডিগ্রী হইতে আরম্ভ করিয়া লগ্নের নবমাংশ অর্থাৎ নয় ডিগ্রী পর্য্যন্ত যে ছয়টি রাশি তাহারা উদিত অর্থাৎ দৃশ্য এই ছয়টি রাশির দ্বারা বামাঙ্গের চিহ্নাদি গণনা করিতে হইবে। যদি মেষ লগ্নের প্রথম নবমাংশের অর্থাৎ নয় ডিগ্রীর মধ্যে জন্ম হয় আর বৃশ্চিকের প্রথম দ্রেক্কাণে অর্থাৎ দশ ডিগ্রী মধ্যে মঙ্গল থাকে তাহা হইলে বাম হনুতে স্বাভাবিক অর্থাৎ জন্মকালাবধি কোন চিহ্ন আছে কহিতে হইবে। এস্থলেও ব্রণকারক গ্রহের বলাবল এবং ফল প্রদানে কত দূর শক্তি আছে তাহা বিবেচনা করিয়া ব্রণচিহ্নাদির গুরু লঘু এবং সূক্ষ্মাদি কহিতে হইবে। এস্থলে বিশেষ উপদেশ এই যে লগ্ন হইতে প্রথম ছয় রাশি মধ্যে গ্রহের স্থিতি দ্বারা চিহ্নাদি জানিতে হইলে মস্তক হইতে পাদ পর্য্যন্ত গণনা করিবে। আর অষ্টম রাশি হইতে দ্বাদশ রাশির মধ্যে কোন গ্রহের স্থিতি দ্বারা চিহ্নাদি জানিতে হইলে অষ্টম রাশির প্রথম দ্রেক্কাণ বামহনু, দ্বিতীয় দ্রেক্কাণ কটিদেশের বাম পার্শ্ব, তৃতীয় দ্রেক্কাণ, বাম জঙ্ঘা কল্পনা করিয়া ঐ জঙ্ঘা হইতে ক্রমে ঊর্দ্ধে গণনা করিবেন।

উক্ত গণনার প্রভেদ এই যে যদি লগ্নের প্রথম দ্রেক্কাণে জন্ম হয় তাহা হইলে ঐ রাশি মস্তক জানাইবে আর ঐ সময় অষ্টম রাশির প্রথম দ্রেক্কাণে চিহ্নকারক গ্রহ অবস্থিতি করিলে বাম হনু বুঝাইবে।

দক্ষিণ অঙ্গ বিভাগ লগ্ন হইতে ছয় রাশি মধ্যে
চিহ্ন কারক গ্রহ থাকিলে

| মস্তক হইতে মুখ | কণ্ঠ হইতে নাভি | বস্তি হইতে পদ |
|---|---|---|
| প্রথম দ্রেক্কাণ | দ্বিতীয় দ্রেক্কাণ | তৃতীয় দ্রেক্কাণ |
| ১ রাশি মস্তক | ১ রাশি কণ্ঠ | ১ রাশি বস্তি |
| ২ ঐ দক্ষিণ চক্ষু | ২ ঐ দক্ষিণ স্কন্ধ | ২ঐ শিশ্ন ও গুহ্যের দক্ষিণ পার্শ্ব |
| ৩ ঐ দক্ষিণ কর্ন | ৩ ঐ দক্ষিণ হস্ত | ৩ ঐ কোষের দক্ষিণ পার্শ্ব |
| ৪ ঐ দক্ষিণ নাসা | ৪ ঐ দক্ষিণ পার্শ্ব | ৪ ঐ দক্ষিণ ঊরু |
| ৫ ঐ দক্ষিণ কপোল। | ৫ ঐ হৃদয়ের দক্ষিণ পার্শ্ব | ৫ ঐ দক্ষিণ জা |
| ৬ ঐ দক্ষিণ হনু | ৬ ঐ কটিদেশের দক্ষিণ পার্শ্ব | ৬ ঐ দক্ষিণ জঙ্ঘা |
| ৭ ঐ মুখ | ৭ ঐ নাভি | ৭ ঐ পদ |

বাম অঙ্গ বিভাগ।

লগ্নের অষ্টম রাশি হইতে দ্বাদশ রাশি মধ্যে চিহ্ন কারক গ্রহ থাকিলে অষ্টম রাশিকে আদিম করিয়া গণনা।

| বাম হনু হইতে বাম চক্ষু | বাম কটি হইতে বাম স্কন্ধ | বাম জঙ্ঘা হইতে বাম শিশ্ন ও গুহ্য |
|---|---|---|
| প্রথম দ্রেক্কাণ | দ্বিতীয় দ্রেক্কাণ | তৃতীয় দ্রেক্কাণ |
| ৮ রাশিতে বাম হনু | ৮ রাশি কটিদেশের বাম পার্শ্ব | ৮ রাশি বাম জঙ্ঘা |
| ৯ ঐ বাম কপোল | ৯ ঐ হৃদয়ের বাম পার্শ্ব | ৯ ঐ বাম জানু |
| ১০ ঐ বাম নাসা | ১০ ঐ বাম পার্শ্ব | ১০ ঐ বাম ঊরু |
| ১১ ঐ বাম কর্ণ | ১১ ঐ বাম হস্ত | ১১ ঐ কোষের বাম পার্শ্ব |
| ১২ ঐ বামচক্ষু | ১২ বাম স্কন্ধ | ১২ ঐ শিশ্ন ও গুহ্যের বাম পার্শ্ব |

স্পষ্টমাহ প্রশ্নকৌমুদ্যাং॥

লগ্নাদৌ গ্রহসংস্থিত্যা চিহ্নং মস্তকনেত্রয়োঃ।
কর্ণনাশাকপোলেষু হনৌ বক্ত্রে বদেদ্ধ্রুবং॥

যদি জন্ম দ্বিতীয়ে স্যাত্ দেহচিহ্নন্তু লগ্নতঃ।
কণ্ঠাংসবাহুপার্শ্বেষু হৃৎ ক্রোড়ে নাভিসংজ্ঞকে ॥
বস্তৌ শিশ্নগুদে চৈব বৃষণাবূরুজানুষু।
জঙ্ঘাঙ্ঘ্রৌ চ বদেচ্চিহ্নং লগ্নাদ্দ্রেক্কাণ শেষতঃ ॥

চিহ্নকারকমাহ জাতকামোদচন্দ্রিকায়াং।

তিলমাসজটাশ্চৈব স্ফোটকঞ্চ বিনির্দ্দিশেৎ।
চন্দ্রে তু তিলকং জ্ঞেয়ং পূর্ণচন্দ্রে চ মাসকং ॥
সূর্য্যে জটা ভবেদ্দেহে কুজে স্ফোটঞ্চ দেহিনাং।
দ্রেক্কাণভাগে বক্তব্যং দক্ষবামক্রমাদ্বুধঃ ॥

লগ্নাদি দ্বাদশ রাশির প্রথম দ্রেক্কাণে গ্রহ থাকিলে জাত বালকের কিম্বা প্রশ্নকর্ত্তার শরীরে ক্রমে মস্তক চক্ষু কর্ণ নাসা কপোল হনু ও মুখদেশে চিহ্ন বিবেচনা করিবে। যদি উহার দ্বিতীয় দ্রেক্কাণে হয় তবে কণ্ঠ স্কন্ধ হস্ত পার্শ্ব হৃদয় কটি ও নাভিদেশে চিহ্ন বিচার করিবে। যদি উহার তৃতীয় দ্রেক্কাণে হয় তবে বস্তি শিশ্ন গুহ্য মুষ্ক উরু জানু জঙ্ঘা ও পাদদেশে চিহ্ন বিবেচনা করিবে। ইহার বাম দক্ষিণ ভেদ পূর্ব্বে উক্ত হইয়াছে।

চিহ্ন বিবেচনায় তিল মাংসবৃদ্ধি জটুল ও বিস্ফোটকাদি বিবেচনা করিতে হয়, যদি চন্দ্র চিহ্নকারক হয় তবে তিল এবং পূর্ণচন্দ্র হইলে মাংসবৃদ্ধি অর্থাৎ আব্ হইবে। আর যদি সূর্য্য চিহ্নকারক হয় তবে দেহমধ্যে জটুল চিহ্ন থাকিবে এবং মঙ্গল চিহ্নকারক হইলে দেহে স্ফোটক চিহ্ন হইবে। এই সকল চিহ্ন বাম দক্ষিণ ভেদে কিরূপে বিবেচনা করিতে হয় তাহা পূর্ব্বে কথিত হইয়াছে।

অন্যপ্রকার।

জাত বালকের কিম্বা প্রশ্নকারকের শরীরে চিহ্ন স্থান নির্ণয়।

মানব দেহে, সে যে রাশি দ্বারা যে যে অঙ্গ বিভাগ করা হইয়াছে তাহা সংজ্ঞা অধ্যায়ে কথিত হইয়াছে। লগ্নরাশি যে অঙ্গে পতিত হইবে, সেই অঙ্গে ব্রণাদি চিহ্ন থাকিবে।

যে লগ্নে জন্ম হয় সেই লগ্নের অধিপতি গ্রহ যে রাশিতে স্থিতি করিবেন সেই রাশি যে অঙ্গে পতিত হইবে, সেই অঙ্গে আর একটী চিহ্ন থাকিবে।

লগ্ন হইতে যে রাশি ষষ্ঠ হইবে সেই রাশি যে অঙ্গে পতিত হয়, সেই অঙ্গে আর একটী চিহ্ন থাকিবে।

ঐ ষষ্ঠাধিপতি গ্রহ যে রাশিতে অবস্থিতি করিবেন সেই রাশি যে অঙ্গে পতিত হইবে সেই অঙ্গে চিহ্ন হইবে।

জন্ম কিম্বা প্রশ্নকালে চন্দ্র যে রাশিতে থাকিবেন, সেই রাশি যে অঙ্গে পতিত হইবে সেই অঙ্গে একটী চিহ্ন হইবে।

কোন্ রাশিতে গ্রহ অবস্থিতি কালে কিরূপ চিহ্ন হইবে তাহা।—

শনি যদি চিহ্ন কারক হয়, তাহা হইলে, কৃষ্ণ কিম্বা ধূম্রবর্ণ চিহ্ন হইবে।

মঙ্গল যদি চিহ্ন কারক হয়, তাহা হইলে রক্তবর্ণ কিম্বা ব্রণাদির চিহ্ন হইবে। ঐ মঙ্গল যদি অগ্নি রাশিতে স্থিতি করিয়া চিহ্ন কারক হয়, তাহা হইলে ছেদনের এবং অস্ত্রাঘাতের চিহ্ন হইবে। ইহা দ্বারা ওষ্ঠ কর্ণ ও নাসাদির ছেদ পর্য্যন্ত জানা যাইতে পারে।

যদি পুরুষ গ্রহ চিহ্ন কারক হয়, তাহা হইলে ঐ সকল চিহ্ন দক্ষিণাঙ্গে হইবে যদি স্ত্রী গ্রহ হয় তবে বামাঙ্গে চিহ্ন হইবে।

উদিত অর্থাৎ দৃশ্য রাশি যদি চিহ্ন কারক হয়, তাহা হইলে ঐ সকল চিহ্ন সম্মুখ অঙ্গে অথবা দৃশ্য মধ্যে হইবে। যদি অনুদিত অর্থাৎ অদৃশ্য রাশি চিহ্ন কারক হয় তাহা হইলে ঐ সকল চিহ্ন অঙ্গের পশ্চাদ্ভাগে কিম্বা অদৃশ্য স্থানে অথবা অদৃষ্টব্য হইবে।

প্রথম দ্রেক্কাণে জন্ম হয় কিম্বা চিহ্ন কারক গ্রহ রাশির ১০ অংশ মধ্যে অবস্থিতি করে তাহা হইলে দেহের ঊর্দ্ধভাগে চিহ্ন হইবে। যদি দ্বিতীয় দ্রেক্কাণে জন্ম হয় কিম্বা চিহ্নকারক গ্রহ রাশির ১০ অংশ হইতে ২০ কুড়ি অংশ মধ্যে স্থিতি করে, তাহা হইলে দেহের

মধ্যভাগে চিহ্ন হইবে। এবং তৃতীয় দ্রেক্কাণে জন্ম হইলে কিম্বা চিহ্নকারক কোন গ্রহ রাশির ২০ কুড়ি অংশ হইতে ৩০ অংশ মধ্যে অবস্থিতি করিলে দেহের অধোভাগে চিহ্ন হইবে।

ইহা দ্বারা জাত বালকের ও প্রশ্ন কারকের এবং চোরের শরীরের চিহ্ন জানা যায়। লগ্ন পরীক্ষা এবং এই শাস্ত্রের প্রত্যক্ষতা প্রমাণ হয়।

জ্যোতির্ব্বিদাভরণমতে রাত্রিলগ্ন নিরূপণং।

তারকাত্রয়মিতে শরাকৃতৌ
কেশবে গগণ মধ্যবর্ত্তিনি।
মত্তবারণগতেঽজলগ্নতো
নির্যযুর্গজমহীধ্রলিপ্তিকাঃ॥
মস্তকোপরি সমাগতে ধনে
মর্দ্দলাকৃতিনি পঞ্চতারকে।
যান্তি কান্তির্মতি মেবলগ্নতঃ
সারসাক্ষি রসবস্রলিপ্তিকাঃ॥
মণ্ডলাভ শততারকাকুলে
মধ্যভাজি নভসঃ প্রচেতসি।
বাণশৈলধরণীমিতাঃ কলাঃ
শারদেন্দুমুখি তাবুরের্যযুঃ॥
ভারমূর্ত্তি ভূতিকোপরিস্থিতে
পূর্ব্বভাদ্রপদভে দ্বিতারকে।
লিপ্তিকাঃ করিকরাক্ষিসম্মিতা
নিঃসরন্তি বৃষভোদয়াৎ প্রিয়ে॥
উত্তরে সুমুখি ভারমূর্ত্তিভৃ-
ত্যুত্তমাঙ্গমিলিতে দ্বিতারকে।
নীলচামরকচে নৃযুগ্মতো
লোচনাচলকলাঃ পলায়িতাঃ॥
দন্তসংখ্যভগণে ঝষাকৃতা-
বন্ত্যভে নগদনন্তমধ্যগে।
কোমলাঙ্গি জিতুমোদয়োদয়ে
কালখানলকলাঃ প্রিয়েঽচলন্॥
তস্মি ঘোটকমুখাকৃতি ত্রিভে
মস্তকোর্দ্ধপথভাজি বাজিনি।
চারুচন্দ্রমুখি কর্কটোদয়াৎ
নির্গতা গগণনন্দলিপ্তিকাঃ॥
তারকাত্রয়যুতে ত্রিকোণকে
মধ্যগে দিবিযদধ্বনো যমে।
পঙ্কজাক্ষি মিলিতাঃ কুলীরতঃ
শায়কাব্ধি ভুজসংখ্যলিপ্তিকাঃ॥
হব্যবাহনশিখাকৃতৌ স্থিতে
মস্তকোপরি ষড়ৃক্ষকেঽনলে।
সিন্ধুসিন্ধুরমিতাঃ কলাগতাঃ
কুন্দদন্তি মৃগনায়কোদয়াৎ॥
কম্বুকণ্ঠি শকটাকৃতৌ নভো
মধ্যমাগতবতি প্রজাপতৌ।
পঞ্চভে গজকুপক্ষ লিপ্তিকা
নিঃসৃতাঃ সুমুখি সিংহলগ্নতঃ॥
মূষিকাশনপদাকৃতৌ বিধৌ
ব্যোমমধ্যমিলিতে ত্রিতারকে।
শারদেন্দুমুখি কন্যকোদয়া-
দীক্ষণানলকলাঃ কলাবতি॥
উজ্জ্বলৈক শতপত্রসুন্দরে
শূলিনি ত্রিদশবর্ত্ম মধ্যগে।
নির্গতাঃ খচরষত্রলিপ্তিকাঃ
পূর্ণচন্দ্রমুখি কন্যলগ্নতঃ॥
মধ্যবর্ত্তিনি শরাসনাকৃতি-
ন্যম্বরস্য সুরমাতৃভে গতাঃ।
লিপ্তিকাঃ সুমুখি পঞ্চতারকে
পক্ষপাবকমিতা ঘটোদয়াৎ॥
রাসপীঠকঠিনীরজঃপ্রভে

মধ্যমৃচ্ছতি বিহায়সে গুরৌ।
তৌলিনি পৃষতসারলোচনে
লোচনাদ্রিকুমিতা গতাঃ কলাঃ॥
মৌলিগে ভুজগভে শ্বপুচ্ছব-
ড্ভঙ্গুরাকৃতিনি পঞ্চতারকে।
মারকেলিরসিকে তুলোদয়া-
দত্যয়ুর্জলধিখাক্ষি লিপ্তিকাঃ॥
লাঙ্গলাকৃতিনি পঞ্চতারকে
চারুকেশি পিতৃভে শিরোগতে।
নীলনীরজবিনিদ্রলোচনে
বৃশ্চিকাদ্বিগলিতং কলাশতং॥
দক্ষিণোত্তরগতে দ্বিতারকে
যোনিভে মিলতি মস্তকোপরি।
কীটতঃ স্ফুটসরোরুহাননে
নিঃসৃতা গজরসাক্ষি লিপ্তিকাঃ॥
অর্য্যমণ্যমরবর্ত্ম মধ্যগে
সৌম্যযাম্য মিলিতে দ্বিতারকে।
চাপতশ্চপললোচনাঞ্চলে
কালপাবকমিতাঃ কলাগতাঃ॥
মস্তকোপরি করাকৃতৌ করে
তিষ্ঠতীন্দুমুখি বাণ তারকে।
লিপ্তিকাঃ শরকুপক্ষ সংখ্যকাঃ
শায়কাসন বিলগ্নতো গতাঃ॥
এক মৌক্তিক সমুজ্জ্বলপ্রভে
ত্বষ্টরীন্দুবদনে খমধ্যগে।
আদিতো মৃগবিলগ্নমাদি-
শত্যুদ্রসম্মদনবাণলোচনে॥
কৃষ্ণমারুণতরৈক তারকে
বায়ুভে সুদতি মধ্যমাগতে।
শায়কাম্বরচরাধরাঃ কলা-
শ্চঞ্চলাক্ষি জগতুর্মৃগোদয়াৎ॥
তোরণাকৃতিনি পঞ্চতারকে
তারকেশবদনে বিশাখভে।
তত্রি যান্তি বিবুধাধ্বমধ্যগে
কুম্ভতো রসভুজাঃ কলাঃ প্রিয়ে॥
পন্নগাকৃতিনি সপ্ততারকে
মিত্রভে সুদতি মধ্যগে দিবি।
বহ্নি বাহু পৃথিবী মিতাঃ কলা
নির্গতা ঘটকুচে ঘটোদয়াৎ॥
তত্রি কোলরদনাকৃতৌ ত্রিভে
বাসবে বসতি মস্তকোপরি।
কালবাণবসুধা কলাশ্চলৎ
খঞ্জনাক্ষি কলসোদয়াদ্যযুঃ॥
মৌলিভাজি নবতারকাঙ্কিতে
মূলভে সুদতি শঙ্খমূর্ত্তিনি।
লিপ্তিকাষ্টকমরালকুন্তলে
নির্জগাম পৃথুরোমলগ্নতঃ॥
সূর্পমূর্ত্তিনি শিরোগতে চতু-
স্তারকে করিকরোরু তোয়ভে।
অন্ত্যভাদমৃতবাণি নির্গতাঃ
খেচরাম্বর শশাঙ্ক লিপ্তিকাঃ॥
শীর্ষভাজি ভচতুষ্টয়াঙ্কিতে
বিশ্বভে তরুণি সূর্পকাকৃতৌ।
ভ্রাতিরক্তমনোজকার্ম্মুকে
যান্তি কালশরচন্দ্রলিপ্তিকা ঝষাৎ॥
মস্তকোপগততারকাকুলৈ-
র্লগ্নবোধনমনোরথাদ্ভুতং।
কামিনীং বদতি কোঽপি কৌতুকাৎ
তত্ত্বতো রহসি বোধয়ন্নিতি॥
তুরগমুখসমানং যোনিরূপং খুরাভং
শকট সমমথৈনং সোত্তমাঙ্গেন তুল্যং।
মণিগৃহশরচক্রাভানি শালোপমং ভং

শয়নসদৃশমন্যচ্চাত্র পর্য্যঙ্করূপং।

হস্তাকার মৎস্য মৌক্তিকনিভং চান্যৎ প্রবালোপমং।
খিঞ্চং তোরণবস্থিতং তৎ কুণ্ডলাভং পরং।
ক্রুদ্ধৎকেশরিবিক্রমেণ সদৃশং শয্যাসমানং পরং॥

সূর্য্যের উদয় কাল অবধি অস্তকালের মধ্যে কোন বালক বালিকার জন্ম হইলে, তাহাদের জন্ম লগ্ন নিরূপণ করিবার নিমিত্ত শঙ্কুচ্ছায়া ও পাদচ্ছায়া প্রভৃতি অনেক উপায় অবধারিত আছে এবং ঐ সমস্ত উপায় অবলম্বন করিয়া দিবসে লগ্ন নিরূপণ হয়। কিন্তু রাত্রিকালে লগ্ন নিরূপণ করিবার ঐরূপ কোন উপায় নাই, কেবল মাত্র কতকগুলি নক্ষত্র দর্শন করিয়া তাহাদের গতি অনুসারে রাত্রি লগ্ন নিরূপিত হইয়া থাকে। এবং কোন্ কোন্ নক্ষত্র দ্বারা কোন্ লগ্ন কিরূপে নিরূপিত হয়, তাহা কবিকুলতিলক মহাত্মা কালিদাস স্বীয় গ্রন্থ মধ্যে প্রকাশ করিয়াছেন। তাহা নিম্নে লিখিত হইল।

জ্যোতির্ব্বিদাভরণ মতে রাত্রি লগ্ন নিরূপণ।

যৎকালে আকাশমণ্ডলের মধ্যবর্ত্তী তিনটি তারা সম্বলিত বাণের ন্যায় আকৃতি বিশিষ্ট শ্রবণা নক্ষত্র মস্তকের উপরিভাগে প্রকাশ পাইবে, তখন মেষলগ্নের একদণ্ড আঠার পল মাত্র গত হইবে। অর্থাৎ রাত্রিমাণ এই হইবে যে ইহার পূর্ব্ব লগ্ন মীন গত হইয়া একণে মেষলগ্নের উপরি উক্ত ভাগ মাত্র অতীত হইয়াছে।

যদি এই সময়ে কোন বালকের জন্ম হয়, তবে তাহার জন্ম লগ্ন মেষ অবধারিত হইল। এবং ঐ লগ্নের ভুক্ত এবং ভোগ্য দণ্ড এই প্রকারে স্থির হইবে যে উদিত শ্রবণা নক্ষত্র সংক্রান্ত মেষলগ্নের ভুক্ত ১।১৮ পল লগ্ন ভুক্ত বলিয়া কল্পিত হইবে।

পঞ্চ সংখ্যক তারা সম্বলিত মর্দ্দলের ন্যায় আকৃতি বিশিষ্ট ধনিষ্ঠা নক্ষত্র গগণ মণ্ডলে মস্তকের উপরিভাগে প্রকাশ পাইলে, মেষলগ্নের দুই দণ্ড ছত্রিশ পল মাত্র অতীত হইবে।

এক শত তারকা সম্বলিত মণ্ডলাকার শতভিষা নক্ষত্র যখন নভোমণ্ডলে উদিত হইয়া মস্তকের উপরি ভাগে অবস্থিতি করিবে, তৎকালে বৃষলগ্নের দুই দণ্ড পঞ্চান্ন পল মাত্র গত হইয়াছে ইহা বোধ করিতে হইবে।

যখন দুইটি তারা সংঘটিত ভারের ন্যায় আকৃতি বিশিষ্ট পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র আকাশে মস্তকের উপরিভাগে উদিত হইবে, তখন বৃষ লগ্নের তিন দণ্ড আটচল্লিশ পল অতীত হইয়াছে বোধ করিতে হইবে।

মস্তক সদৃশ দুইটি তারকা সম্বলিত ভারাকৃতি উত্তরভাদ্রপদ নক্ষত্র যদি আকাশমার্গে মস্তকের উপর স্থিতি করে, তবে মিথুন লগ্নের এক দণ্ড বার পল গত হইয়াছে বোধ করিতে হইবে।

যদি বত্রিশটি তারকা সম্বলিত মীনের ন্যায় আকৃতি বিশিষ্ট রেবতী নক্ষত্র গগণে উদিত হইয়া মস্তকের উপরিভাগে স্থিতি করে, তাহা হইলে মিথুন লগ্নের পাঁচ দণ্ড ছয় পল মাত্র অতীত হইয়াছে বোধ করিতে হইবে।

তিনটি তারকা সংঘটিত ঘোটকের মুখ তুল্য আকৃতি বিশিষ্ট অশ্বিনী নক্ষত্র আকাশ পথে মস্তকের উপরি ভাগ আশ্রয় করিলে, কর্কট লগ্নের এক দণ্ড ত্রিশপল মাত্র অতীত হইয়াছে বোধ করিতে হইবে।

তিনটি তারকা সম্বলিত ত্রিকোণাকৃতি ভরণী নক্ষত্র মস্তকের উপর অবস্থিতি করিলে, কর্কট লগ্নের তিন দণ্ড পঁয়তাল্লিশ পল গত হইয়াছে বোধ করিতে হইবে।

ছয়টি তারকা সম্বলিত অগ্নিশিখার ন্যায় জ্বলন বিশিষ্ট কৃত্তিকা নক্ষত্র মস্তকের উপরি দেশ আশ্রয় করিলে, সিংহ লগ্নের এক দণ্ড চব্বিশ পল মাত্র অতীত হইয়া থাকে।

পাঁচটি মাত্র তারকা সংঘটিত শকটের সমান আকার বিশিষ্ট রোহিণী নক্ষত্র আকাশপথে মস্তকের উপর প্রকাশিত হইলে, সিংহলগ্নের তিন দণ্ড আটত্রিশ পল অতীত হইয়াছে জানিতে হইবে।

তিনটি তারা সংঘটিত বিড়াল চরণের আকৃতি বিশিষ্ট মৃগশিরা নক্ষত্র গগণে মস্তকের উপর সমাগত হইলে কন্যালগ্নের বত্রিশ পল মাত্র অতীত হয়।

অত্যুজ্জ্বল একটি তারকাকার আর্দ্রা নক্ষত্র যদি মস্তকের উপরে দৃশ্য হয়, তবে কন্যালগ্নের দুই দণ্ড ঊনচল্লিশ পল গত হয়।

পাঁচটি তারকা সম্বলিত ধনুকের ন্যায় আকৃতি বিশিষ্ট পুনর্ব্বসু নক্ষত্র গগণমার্গে উদিত হইয়া মস্তকের উপরে প্রকাশ পাইলে, তুলা লগ্নের বত্রিশ পল মাত্র অতীত হইয়াছে জ্ঞান করিতে হইবে।

যদি শুভ্রবর্ণ একটি তারকাকার পুষ্যা নক্ষত্র মস্তকের উপরিভাগে উদিত হয়, তবে তুলা লগ্নের দুই দণ্ড বায়ান্ন পল গত হইয়া থাকে।

পঞ্চসংখ্যক তারকা ঘটিত কুকুর পুচ্ছের ন্যায় বক্রাকৃতি বিশিষ্ট অশ্লেষা নক্ষত্র যদি গগণে মস্তকের উপর দৃশ্য হয়, তবে তুলালগ্নের তিন দণ্ড চল্লিশ পল অতীত হইয়া থাকে।

পাঁচটি তারকা সম্বলিত লাঙ্গলের ন্যায় আকৃতি বিশিষ্ট মঘা নক্ষত্র শূন্যমার্গে উদিত হইয়া মস্তকের উপরিদেশে প্রকাশ পাইলে, বৃশ্চিক লগ্নের এক দণ্ড চল্লিশ পল অতীত হইয়াছে বোধ করিতে হইবে।

দক্ষিণ ও উত্তর দিকবর্ত্তী দুইটী তারকা পরিমিত পূর্ব্বফল্গুণী নক্ষত্র মস্তকের উপর প্রকাশিত হইলে বৃশ্চিক লগ্নের চার দণ্ড আটাশ পল অতীত হইয়া থাকে।

দক্ষিণ ও উত্তর দিক্‌বর্ত্তী দুইটি মাত্র নক্ষত্র বিশিষ্ট উত্তর ফাল্গুণী নক্ষত্র মস্তকের উপরে দৃশ্য হইলে, ধনু লগ্নের ছত্রিশ পল গত হইয়া থাকে।

পাঁচটি তারকা পরিমিত হস্তের সদৃশ আকৃতি বিশিষ্ট হস্তা নক্ষত্র যখন মস্তকের উপরিভাগে সমুদিত হয়, তখন ধনু লগ্নের তিন দণ্ড পঁয়ত্রিশ পল বিগত হইয়া থাকে।

মুক্তার ন্যায় সমুজ্জ্বল একটি তারা যাহা চিত্রা নক্ষত্র বলিয়া বিখ্যাত, যদি ঐ নক্ষত্র মস্তকের উপরে দেখা যায়, তবে মকর লগ্নের প্রকাশ মাত্র হয়।

কুঙ্কুমের ন্যায় অরুণবর্ণ এক তারা যাহা স্বাতি নক্ষত্র নক্ষত্র বলিয়া প্রসিদ্ধ যদি উহা মস্তকের উপরিভাগে প্রকাশ পায়, তবে মকর লগ্নের তিন দণ্ড পোনের পল গত হইয়া থাকে।

পাঁচটি সংখ্যক তারকা সম্বলিত তোরণের ন্যায় আকৃতি বিশিষ্ট বিশাখা নক্ষত্র আকাশে মস্তকের উপর দৃষ্ট হইলে, কুম্ভলগ্নের ছাব্বিশ পল মাত্র অতীত হয়।

সাতটি তারকা সংঘটিত সর্পের ন্যায় আকৃতিবিশিষ্ট অনুরাধা নক্ষত্র মস্তকের উপর উদিত হইলে, কুম্ভলগ্নের দুই দণ্ড তিন পল অতীত হইবে।

তিনটি তারকা সম্বলিত শূকর দন্তের সদৃশ আকৃতি বিশিষ্ট জ্যেষ্ঠা নক্ষত্র মস্তকের উপর উদিত হইলে কুম্ভ লগ্নের দুই দণ্ড ছত্রিশ পল গত হইয়া থাকে।

নয়টি তারকা সংঘটিত শঙ্খের ন্যায় আকৃতি বিশিষ্ট মূলা নক্ষত্র মস্তকের ঊর্দ্ধে প্রকাশ পাইবামাত্র মীন লগ্নের আট পল মাত্র অতীত হয়।

চারিটি তারকা সম্বলিত সূর্পের ন্যায় আকৃতি বিশিষ্ট পূর্ব্বাষাঢ়া নক্ষত্র গগণমার্গে মস্তকের উপর বিরাজিত হইলে, মীন লগ্নের এক দণ্ড ঊনপঞ্চাশৎ পল বিগত হয়।

চারিটি মাত্র তারা সংঘটিত সূর্প সমান আকৃতি বিশিষ্ট উত্তরাষাঢ়া নক্ষত্র আকাশপথে মস্তকের উপর উদিত হইলে, মীন লগ্নের দুই দণ্ড ছত্রিশ পল অতীত হইবে।

মস্তকের উপরিভাগে তারকাকুল মিলিত হইয়া এক এক প্রকার আকৃতি বিশিষ্ট হইলে, উহা দ্বারা মেষাদি দ্বাদশ লগ্নের এক একটি উদ্বোধ হয়, ইহা কোন ব্যক্তি আপন রমনীর নিকট কৌতুকচ্ছলে প্রকাশ করিয়াছেন।

রাত্রিকালে নক্ষত্রগণ শ্রবণাদি ক্রমে মস্তকের উপর উদিত হইলে যে লগ্নের যত দণ্ড ভুক্ত হয় তাহার চক্র।

| তারার সঙ্খ্যা | আকার | নক্ষত্রের নাম | উদয় লগ্নের নাম | উদয় লগ্নের ভুক্ত দণ্ড । পল |
|---|---|---|---|---|
| ৩ | বাণ | শ্রবণা | মেষ | ১ । ১৮ |
| ৫ | মাদল | ধনিষ্ঠা | মেষ | ২ । ৩৬ |
| ১০০ | মণ্ডলাকার | শতভিষা | বৃষ | ২ । ৫৫ |
| ২ | ভারের ন্যায় | পূর্ব্বভাদ্রপদ | বৃষ | ৩ । ৪৮ |
| ২ | দুই মস্তকের ন্যায় | উত্তর ভাদ্রপদ | মিথুন | ১ । ১২ |
| ৩২ | মৎস্য | রেবতী | মিথুন | ৫ । ৬ |
| ৩ | অশ্ব | অশ্বিনী | কর্কট | ১ । ৩০ |
| ৩ | ত্রিকোণ | ভরণী | কর্কট | ৩ । ৪৫ |
| ৬ | অগ্নিশিখার ন্যায় | কৃত্তিকা | সিংহ | ১ । ২৪ |
| ৫ | শকট | রোহিণী | সিংহ | ৩ । ৩৮ |
| ৩ | বিড়ালপদ | মৃগশিরা | কন্যা | ০ । ৩২ |
| ১ | উজ্জ্বল | আর্দ্রা | কন্যা | ২ । ৩৯ |
| ৫ | ধনুক | পুনর্ব্বসু | তুলা | ০ । ৩২ |
| ১ | মাণিক্য বর্ণ | পুষ্যা | তুলা | ২ । ৫২ |
| ৫ | কুক্কুর পুচ্ছ | অশ্লেষা | তুলা | ৩ । ২৪ |
| ৫ | লাঙ্গলেরমত | মঘা | বৃশ্চিক | ১ । ৪০ |
| ২ | দক্ষিণ উত্তর দিক্ | পূর্ব্বফল্গুণী | বৃশ্চিক্ | ৪ । ২৮ |
| ২ | দক্ষিণ উত্তর দিক্ | উত্তরফল্গুণী | ধনু | ০ । ৩৬ |
| ৫ | হস্তের ন্যায় | হস্তা | ধনু | ৩ । ৩৫ |
| ১ | মুক্তার ন্যায় উজ্জ্বল | চিত্রা | মকর | ০ । ০ |
| ১ | কুঙ্কুমের বর্ণ | স্বাতি | মকর | ৩ । ১৫ |
| ৫ | তোরণ | বিশাখা | কুম্ভ | ০ । ২৬ |
| ৭ | সর্পের ন্যায় | অনুরাধা | কুম্ভ | ২ । ৩ |
| ৩ | শূকর দন্ত | জ্যেষ্ঠা | কুম্ভ | ২ । ৩৬ |
| ৯ | শঙ্খের ন্যায় | মূলা | মীন | ০ । ১৮ |
| ৪ | শূর্প অর্থাৎ কুলা | পর্ব্বাষাঢ়া | মীন | ১ । ৪৯ |
| ঐ | ঐ | উত্তরাষাঢ়া | মীন | ২ । ৩৬ |

অথ শিশুরিষ্টং।

চন্দ্রসূর্য্যগৃহেরাহুশ্চন্দ্রসূর্য্যযুতো যদি।
সৌরিভৌমেক্ষিতং লগ্নং পক্ষমেকং ন জীবতি॥
ধর্ম্মস্থানে স্থিতঃ সৌরিঃ শত্রুস্থানে কলানিধিঃ।
ক্ষিতিজঃ সপ্তমেচৈব সমাত্রা ম্রিয়তে শিশুঃ॥
লগ্নে ভাস্করপুত্রশ্চ নিধনে চন্দ্রমাস্থিতঃ।
তৃতীয়স্থো যদা জীবঃ শিশুর্যাতি যমালয়ং॥
হোরাতো নবমে সূর্য্যঃ সপ্তমে চ শনৈশ্চরঃ।
একাদশে গুরুঃ শুক্রো মাসমেকং ন জীবতি॥
লগ্ন সংস্থো শনি কুজৌ সৌম্যশ্চদ্বাদশস্থিতঃ।
মৃতস্থানস্থিতশ্চন্দ্রো মাসমেকং ন জীবতি॥
লগ্ন সংস্থৌ শনিকুজাবষ্টমস্থো যদা শশী।
ষষ্ঠাষ্টমে স্থিতো জীবো জীবনং তস্য নিষ্ফলং॥
অরিগেহস্থিতশ্চন্দ্রো ভাস্করোঽপি যদা ভবেৎ।
মার্কণ্ডেয়সমোঽপিস্যাম্মাসমেকং ন জীবতি॥
অষ্টমস্থো যদা পাপঃ সৌম্যশ্চ দ্বাদশে স্থিতঃ।
তদামৃত্যুর্ভবেদেব দেবরাজসমো যদি॥
ষষ্ঠাষ্টমগতশ্চন্দ্রো রবিজঃ সপ্তমেস্থিতঃ।
পিতৃমাতৃবিনাশস্যাম্মাসমেকং ন জীবতি॥
শুভলগ্নে যদা জাতশ্চাষ্টমে চ নিশাকরঃ।
শনৈশ্চরস্তু বন্ধুস্থো দ্বিমাসে মৃত্যুমিচ্ছতি।
জাতকস্য বিলগ্নস্থঃ সূর্য্যঃ শুক্রঃ শনৈশ্চরঃ।
দ্বাদশস্থো যদা জীবঃ পঞ্চমাসং ন জীবতি॥
লগ্নসংস্থো যদা ভানুঃ সপ্তমস্থশ্চ ভূসুতঃ।
অথ কেন্দ্রগতঃ সৌরির্ম্মাসমেকং নজীবতি॥
দ্বাদশস্থৌ রবিকুজৌ তনুস্থো শশিসূর্য্যজৌ।
সৌম্যৈর্ন দৃশ্যতে লগ্নং শিশুর্যাতি যমালয়ং॥
দ্বাদশস্থো যদা সৌরি র্লগ্ন সংস্থশ্চ ভূসুতঃ।
চতুর্থে সৈংহিকেয়শ্চ অষ্টমাসান্ন জীবতি॥
লগ্নে ভাস্করপুত্রশ্চ নিধনে হিমদীধিতিঃ।
দ্বাদশস্থো যদা জীবঃ স যাতি যমমন্দিরং॥
লগ্ন সংস্থো যদা পাপাঃ সৌম্যা দ্বাদশমাশ্রিতাঃ।
তদা মৃত্যুং ব্রজেদেবং দেবরাজ সমো যদি॥
চন্দ্রসূর্য্যগৃহে রাহুঃ সপ্তমে চাষ্টমেঽপিবা।
সৌরিভৌমেক্ষিতে লগ্নে পক্ষমেকং ন জীবতি॥

ইতি পঞ্চস্বরায়াং শিশুরিষ্টং সম্পূর্ণম্॥

অথ পঞ্চস্বরামতে শিশুরিষ্ট প্রকরণারম্ভ।

যদি রাহু গ্রহ কর্কট রাশিতে থাকিয়া চন্দ্রের সহিত মিলিত হয়, কিম্বা সিংহ রাশিতে সূর্য্যের সহিত অবস্থিতি করে, আর শনি ও মঙ্গল ইহারা লগ্নেকে নিরীক্ষণ করে, তবে জাতবালক একপক্ষ জীবিত থাকে না অর্থাৎ শীঘ্র বিনষ্ট হয়।

জন্মলগ্নের নবম স্থানে শনি ও ষষ্ঠ স্থানে চন্দ্রমা এবং সপ্তম স্থানে মঙ্গলগ্রহ থাকিলে জাতবালকের মাতার সহিত মৃত্যু ঘটিয়া থাকে।

জাতবালকের লগ্নে শনি এবং লগ্নের অষ্টম স্থানে চন্দ্র ও তৃতীয় স্থানে বৃহস্পতি থাকিলে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নের নবম স্থানে রবি ও সপ্তম স্থানে শনি এবং একাদশ স্থানে বৃহস্পতি ও শুক্র থাকিলে বালক একমাসও লেও জীবিত থাকিবে না।

জন্মলগ্নে শনি ও মঙ্গল, দ্বাদশস্থানে বুধ এবং পঞ্চমস্থানে চন্দ্র থাকিলে বালক এক মাসও জীবিত থাকে না।

জন্মলগ্নে শনি ও মঙ্গল আর অষ্টম স্থানে চন্দ্রমা এবং ষষ্ঠ স্থানে বৃহস্পতি থাকিলে বালকের জীবন বিফল হইয়া থাকে। কেহ বলেন যে বৃহস্পতি ষষ্ঠ ও অষ্টম স্থানে থাকি এইরূপ ঘটিয়া থাকে।

যে বালকের জন্ম সময়ে রবি ও চন্দ্র ষষ্ঠ স্থানে স্থিতি করে, সেই বালক মার্কণ্ডেয় সদৃশ দীর্ঘজীবী হইলেও এক মাসও জীবিত থাকে না।

জন্মলগ্নের অষ্টম স্থানে পাপগ্রহ এবং দ্বাদশ স্থানে বুধ থাকিলে দেবরাজ সদৃশ পরাক্রমশালী বালকেরও মৃত্যু হয়।

লগ্নের ষষ্ঠ কিম্বা অষ্টম স্থানে চন্দ্র সপ্তম আর

স্থানে শনি থাকিলে বালক আপনার পিতা ও মাতাকে বিনষ্ট করে এবং এক মাস মধ্যে আপনিও মৃত্যু মুখে পতিত হয়॥

পূর্ব্বে ক্রূর সৌম্য গণনায় যে কয়েকটী রাশি সৌম্য রাশি বলিয়া পরিগণিত হইয়াছে, সেই সৌম্য রাশি যদি লগ্ন হয় এবং তাহার অষ্টম স্থানে চন্দ্র এবং শনি থাকে তবে জাত বালকের দুই মাস মধ্যে মৃত্যু ঘটে।

জাতবালকের জন্ম লগ্নে রবি, শুক্র ও শনি এবং দ্বাদশ স্থানে বৃহস্পতি থাকিলে ঐ বালক পাঁচ মাস মাত্র জীবিত থাকে না।

জন্ম লগ্নে সূর্য্য, সপ্তম স্থানে মঙ্গল এবং লগ্ন চতুর্থ সপ্তম কিম্বা দশম স্থানের কোন এক স্থানে শনি গ্রহ থাকিলে বালক এক মাস মাত্র জীবিত থাকিবে না।

যদি জন্ম লগ্নে চন্দ্র ও শনি এবং তাহার দ্বাদশ স্থানে রবি ও মঙ্গল থাকে এবং কোন শুভগ্রহ কর্ত্তৃক জন্ম লগ্ন দৃষ্ট না হয়, তবে বালকের মৃত্যু হয়।

বালকের জন্ম লগ্নে মঙ্গল, দ্বাদশ স্থানে শনি এবং চতুর্থে রাহুগ্রহ থাকিলে বালক আট মাসও জীবিত থাকে না।

জাতবালকের লগ্নে শনি ও অষ্টম স্থানে চন্দ্রমা এবং দ্বাদশ স্থানে বৃহস্পতি থাকিলে বালকের মৃত্যু হয়।

পাপগ্রহগণ জন্ম লগ্নে এবং শুভগ্রহ সকল লগ্নের দ্বাদশ স্থানে স্থিতি করিলে, দেবরাজ সদৃশ বালকেরও মৃত্যু হইয়া থাকে।

যদি জন্ম লগ্নের সপ্তম কিম্বা অষ্টম স্থান কর্কট কিম্বা সিংহ রাশি হয় আর ঐ জন্ম লগ্ন মঙ্গল এবং শনৈশ্চর কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বালক এক পক্ষ জীবিত থাকে না।

পঞ্চস্বরা মতে শিশুরিষ্ট সমাপ্ত।

বৃহজ্জাতকে।

সন্ধ্যায়াং হিমদিধীতিহোরা
পাপৈর্ভান্তগতৈর্নিধনায়।
প্রত্যেকং শশিপাপসমেতৈঃ
কেন্দ্রৈর্ব্বাস বিনাশমুপৈতি॥
চক্রস্য পূর্ব্বাপরভাগগেষু
ক্রূরেষু সৌম্যেষু চ কীটলগ্নে।
ক্ষিপ্রং বিনাশং সমুপৈতি জাতঃ
পাপৈর্ব্বিলগ্নাস্তময়াভিতশ্চ॥
পাপাবুদয়াস্তগতৌ ক্রূরেণ যুতশ্চ শশী।
দৃষ্টশ্চ শুভৈর্ন যদা মৃত্যুশ্চ ভবেদচিরাৎ॥
ক্ষীণে হিমগৌ ব্যয়গে পাপৈরুদয়াষ্টমগৈঃ।
কেন্দ্রেষু শুভাশ্চ নচেৎ ক্ষিপ্রং নিধনং প্রবদেৎ॥
ক্রূরসংযুতঃ শশী স্মরান্ত্য মৃত্যুলগ্নগঃ।
কণ্টকাদ্বহিঃ শুভৈরবীক্ষিতশ্চ মৃত্যুদঃ॥
শশিন্যরিবিনাশগে নিধনমাশু পাপেক্ষিতে
শুভৈরথ সমাষ্টকং দলমতশ্চ মিশ্রৈঃ স্থিতিঃ।
অসদ্ভিরবলোকিতে বলিভিরত্র মাসং শুভে
কলত্রসহিতেচ পাপবিজিতে বিলগ্নাধিপে॥
লগ্নেক্ষীণে শশিনি নিধনং রন্ধ্রকেন্দ্রেষু পাপৈঃ
পাপান্তস্থে নিধনহিবুকদ্যুনযুক্তে চ চন্দ্রে।
এবং লগ্নে ভবতি মদন ছিদ্রসংস্থৈশ্চ পাপৈ-
র্মাত্রা সার্দ্ধং যদি চ ন শুভৈর্বীক্ষিতঃ শক্তিভৃদ্ভিঃ॥
রাশ্যন্তগে সদ্ভিরবীক্ষ্যমাণে
চন্দ্রে ত্রিকোণোপগতৈশ্চ পাপৈঃ।
প্রাণৈঃ প্রয়াত্যাশু শিশুর্ব্বিয়োগ
মস্তে তু পাপৈস্তু হিমাংশু লগ্নে॥
অশুভসহিতে গ্রস্তে চন্দ্রে কুজে নিধনাশ্রিতে
জননিসুতয়োর্মৃত্যুর্লগ্নে রবৌ তু সশস্ত্রজঃ।
উদয়তি রবৌ শীতাংশৌ বাত্রিকোণবিনাশগে-
র্নিধনমশুভৈর্বীর্যোপেতৈঃ শুভৈর্ন যুতেক্ষিতে॥

অসিতরবি শশাঙ্কভূমিজৈ
র্ব্যয়নবমোদয়নৈধনাশ্রিতৈঃ।
ভবতি মরণমাশু দেহিনাং
যদি বলিনা গুরুণা ন বীক্ষিতাঃ॥
সুতমদননবান্ত্যরন্ধ্র লগ্নেষ
শুভযুতো মরণায় শীতরশ্মিঃ।
ভৃগুসুতশশিপুত্রদেবপূজ্যৈ-
র্যদি বলিভির্ন যুতোঽবলোকিতো বা॥
যোগে স্থানং গতবতি বলিন-
শ্চন্দ্রে স্বম্বা তনুগৃহমথবা।
পাপৈর্দৃষ্টে বলবতি মরণং
বর্ষস্যান্তে কিল মুনিগদিতং॥

ক্ষীণে চন্দ্রে ব্যয়গতৈঃ পাপৈরষ্টমলগ্নগৈঃ।
কেন্দ্রবাহ্যগতৈঃ সৌম্যৈর্জাতস্য নিধনং ভবেৎ॥

গার্গিঃ।

রিপুব্যয়গতৈঃ পাপৈর্যদি বাধনমৃত্যুগৈঃ।
লগ্নে বা পাপমধ্যস্থে দ্যূনে বা মৃত্যুমাপ্নুয়াৎ॥

গার্গ্যঃ।

পূর্ব্বাপরভাগগতৈরশুভৈরলিনি কর্কটে লগ্নে।
জাতস্য শিশোর্ম্মরণং সদ্যঃ কথয়ন্তি যবনেন্দ্রাঃ॥

বাদরায়ণঃ।

ব্যয়াষ্টসপ্তোদয়গে শশাঙ্কে
পাপৈঃ সমেতে শুভদৃষ্টিহীনে।
কেন্দ্রেষু সৌম্যগ্রহবর্জ্জিতেষু
জাতস্য সদ্যঃ কুরুতে প্রণাশং॥

সারাবল্যাং।

নিধনান্তব্যয়লগ্নত্রিকোণগাঃ ক্ষীণচন্দ্রসংযুক্তাঃ।
পাপা বলিনঃ শুভৈরদৃশ্যমানা গতায়ুষং কুর্য্যুঃ॥

লগ্নাচ্ছশী নৈধনগঃ শুভর্ক্ষে
ষষ্ঠেঽথ বা পাপনিরীক্ষিতশ্চ।
সর্ব্বায়ুরাহন্তি শুভৈর্ব্বিমিশ্রৈ-
স্তদীক্ষিতোঽব্দাষ্টকমর্দ্ধকং বা॥ যবনেশ্বরঃ।

অনুবাদ।

প্রভাত ও সায়ংকালের সন্ধি সময়ে অর্থাৎ পূর্ব্ব রাত্রি এক দণ্ড আর দিবার প্রথম দণ্ড প্রভাত সন্ধি, দিবা শেষ এক দণ্ড রাত্রির প্রথম এক দণ্ড সায়ং সন্ধি, এই উভয় সন্ধি সময়ের কোন এক সন্ধিতে যদি বালকের জন্ম হয় এবং ঐ সময় যদি চন্দ্র হোরাধিপতি হন আর সমস্ত পাপগ্রহ অবস্থিত রাশির শেষ নবাংশে সন্নিবিষ্ট হয়, তাহা হইলে ঐ বালক নিধন প্রাপ্ত হয়। আর যদি লগ্ন, চতুর্থ, সপ্তম, দশম এই চার কেন্দ্র গৃহে চন্দ্র ও তিনটি পাপ গ্রহ অবস্থিতি করে, তাহা হইলেও ঐ বালক বিনাশ প্রাপ্ত হইবে।

দশম রাশিতে লগ্নের উদিতাংশ তুল্য ভাগ আরম্ভ করিয়া চতুর্থ রাশির লগ্নের উদিতাংশ তুল্যাংশ পর্য্যন্ত ছয়টি রাশি, রাশিচক্রের পূর্ব্বভাগ বলিয়া কথিত হইয়া থাকে। এবং চতুর্থ রাশির লগ্নের ভুক্তাংশ তুল্য ভাগ পরিত্যাগ করিয়া দশম রাশির লগ্নের ভুক্তাংশ ভাগ পর্য্যন্ত ছয়টি রাশি, রাশিচক্রের পশ্চিম ভাগ কথিত হইয়া থাকে। রাশিচক্রের পূর্ব্বভাগে যদি সমস্ত ক্রূরগ্রহ, এবং পশ্চিম ভাগে সমুদয় শুভগ্রহ অবস্থিতি করে এবং কর্কট ও বৃশ্চিক লগ্নে কোন বালকের জন্ম হয় তাহা হইলে ঐ বালক সত্বর বিনাশ প্রাপ্ত হইবে।

যদি লগ্নের এবং সপ্তম রাশির ব্যয় স্থানে অর্থাৎ দ্বাদশ ও ষষ্ঠ রাশিতে অনেক পাপ গ্রহ অবস্থিতি করে তাহা হইলে ঐ বালক শীঘ্র কালগ্রাসে পতিত হয়।

কেহ বলেন যে লগ্ন ও সপ্তম রাশির উভয় পার্শ্বে অর্থাৎ দ্বাদশ দ্বিতীয় ষষ্ঠ ও অষ্টম স্থানে যদি অনেক পাপগ্রহ অবস্থিতি করে তাহা হইলে ঐ বালক বিনষ্ট হয়।

যদি লগ্ন ও সপ্তম রাশিতে পাপগ্রহ থাকে, এবং চন্দ্র

পাপগ্রহ যুক্ত হইয়া শুভগ্রহ কর্তৃক দৃষ্ট না হয় তাহা হইলে জাত বালকের শীঘ্র মৃত্যু হয়।

ক্ষীণ চন্দ্র জন্ম লগ্নের দ্বাদশ স্থানে এবং পাপ গ্রহগণ লগ্ন ও অষ্টম স্থানে অবস্থিতি করে আর শুভগ্রহ যদি কেন্দ্র স্থানে না থাকে তবে শীঘ্র বালকের মৃত্যু হইবে।

যদি চন্দ্র লগ্ন কিম্বা তাহার সপ্তম ও দ্বাদশ স্থানে পাপ গ্রহের সহিত মিলিত হইয়া থাকে, আর লগ্ন চতুর্থ সপ্তম ও দশম স্থান ভিন্ন অন্যত্র স্থিত শুভগ্রহগণ ঐ চন্দ্রকে না দেখে তবে বালকের মৃত্যু হয়। যথা,—

দুই অঙ্কিত চিহ্নিত চক্র দৃষ্টি কর। এস্থলে মঙ্গলের সহিত চন্দ্র মকর লগ্নে এবং কেন্দ্র স্থান ভিন্ন শুভগ্রহ বুধ শুক্র বৃহস্পতি অন্যত্র থাকিয়া ঐ চন্দ্রকে দৃষ্টি করে না এ কারণ এই রিষ্টযোগ হইয়াছে।

অন্যত্র।

চন্দ্র পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হইয়া লগ্নের ষষ্ঠ ও অষ্টম স্থানে স্থিতি করে তবে তৎক্ষণাৎ বালকের মৃত্যু হয়। যদি ঐ স্থান স্থিত চন্দ্র শুভগ্রহ কর্তৃক দৃষ্ট হয় তবে অষ্টম বর্ষে বালকের মৃত্যু হইবে। যদি শুভাশুভ উভয় গ্রহ কর্তৃক দৃষ্ট হয় তবে চতুর্থ বর্ষে বালকের মৃত্যু ঘটে। এরূপ না হইয়া যদি কেবল বলবান্ পাপ গ্রহগণ চন্দ্রকে দৃষ্টি করে তবে এক মাস মধ্যে বালক বিনষ্ট হইবে।

জন্ম লগ্নের অধিপতিগ্রহ গ্রহযুদ্ধকালে পাপগ্রহ কর্তৃক পরাজিত হইয়া লগ্নের সপ্তম স্থানে থাকিলে, এক মাস মধ্যে বালকের মৃত্যু হইবে। গ্রহযুদ্ধের রীতি এই যে গ্রহ রাশি চক্রের উত্তর দিকে অবস্থিত সেই গ্রহ জয়ী এবং দক্ষিণ দিক্ স্থিত গ্রহ পরাজিত বলিয়া কথিত হয়। ইহার বিশেষ মীমাংসা বিদগ্ধ-তোষণী প্রকাশ সময় লিখিত হইবে।

যদি ক্ষীণ চন্দ্র জন্ম লগ্নে এবং ঐ লগ্নের কেন্দ্র ও অষ্টম স্থানে অনেক পাপ গ্রহ থাকে তাহা হইলে বালকের মৃত্যু হয়। যদি চন্দ্রমা পাপগ্রহের মধ্যবর্ত্তী থাকিয়া অষ্টম চতুর্থ কিম্বা সপ্তম রাশিতে অবস্থিতি করে তাহা হইলেও বালক বিনষ্ট হয়। ঐরূপ চন্দ্র যদি লগ্নে থাকে এবং তাহার সপ্তম ও অষ্টম স্থানে পাপ গ্রহ থাকে আর সবল শুভ গ্রহগণ যদি চন্দ্রকে না দেখে তাহা হইলে মাতার সহিত বালকের মৃত্যু হয়।

যদি সবল অনেক শুভগ্রহের দৃষ্টি চন্দ্রের উপর থাকে তবে কেবল বালকের মৃত্যু ঘটিবে তাহার মাতা বিনষ্ট হইবে না।

যদি চন্দ্র যে কোন রাশির শেষ নবাংশে অবস্থিতি করে এবং তাহাতে শুভ গ্রহের দৃষ্টি না থাকে এবং পাপগ্রহগণ পঞ্চম এবং নবম স্থানে থাকে তবে বালক সত্বর কালগ্রাসে পতিত হয়।

যদি লগ্নে চন্দ্র এবং তাহার সপ্তমে অনেক পাপ গ্রহ থাকে তবে বালক শীঘ্র বিনষ্ট হইবে।

যদি জন্মলগ্নে রাহুগ্রস্তচন্দ্র শনির সহিত মিলিত হয় এবং লগ্নের অষ্টম স্থানে মঙ্গল থাকে তবে মাতার সহিত বালকের মৃত্যু হয় আর লগ্নে রবি থাকে তাহা হইলে মাতার সহিত বালক অস্ত্রাঘাতে বিনষ্ট হয়।

লগ্নে রবি কিম্বা চন্দ্র থাকে ও পঞ্চম নবম ও অষ্টম স্থানে পাপ গ্রহগণ অবস্থিতি করিয়া বলবান্ শুভগ্রহ গণ কর্তৃক দৃষ্ট না হয় তবে বালকের প্রাণ বিনষ্ট হয়।

শনি দ্বাদশে রবি নবমে চন্দ্রলগ্নে, মঙ্গল, অষ্টম, স্থানে থাকে আর বলবান্ বৃহস্পতি ঐ সকল গ্রহকে অবলোকন না করে তবে বালকের শীঘ্র মৃত্যু হয়।

লগ্নের পঞ্চম সপ্তম নবম দ্বাদশ অষ্টম কিম্বা লগ্নে পাপযুক্ত ক্ষীণ চন্দ্র থাকিয়া বলবান্ শুক্র বুধ ও বৃহস্পতি কর্তৃক দৃষ্ট বা যুক্ত না হয় তবে বালকের মৃত্যু হইয়া থাকে।

জন্মকালে যে সমুদয় গ্রহ অরিষ্টকর বলিয়া নির্দ্দিষ্ট হইবে তাহাদের মধ্যে যে গ্রহ শ্রেষ্ঠ বলবান্, সেই গ্রহ যে রাশিতে অবস্থিতি করিবে তৎকালে ঐ রাশি সেই গ্রহের স্থান বলিয়া নির্দ্দিষ্ট হইবে এবং চন্দ্রমাস্ফুটগতি দ্বারা রাশিচক্র ভ্রমণ ক্রমে যখন ঐ নির্দ্দিষ্ট স্থলে যাইবেন সেই

সময় বালকের রিষ্ট ঘটনা প্রকাশ পাইবে। অথবা চন্দ্র জন্মকালে যে রাশিতে আছেন, সেই রাশি হইতে ভ্রমণ ক্রমে পুনরায় ঐ রাশিতে আসিবামাত্র বালকের রিষ্ট ঘটনা ঘটিবে।

অথবা যে রাশি লগ্ন রূপে নির্দ্দিষ্ট হইয়াছে রাশি চক্র ভ্রমণ ক্রমে যখন চন্দ্র ঐ রাশিতে উপস্থিত হইবে তখন জাত বালকের রিষ্ট ঘটনা হইবে। কেহ কেহ বলেন যে এই রিষ্ট ঘটনা এক বর্ষ মধ্যে ঘটিবে। কেহ বলেন যে ঐ সমস্ত স্থানে চন্দ্রগত হইলেই যে রিষ্ট ঘটনা ঘটিবে তাহা নহে,যখন চন্দ্র ঐ স্থানের যে কোন স্থানে সবল হইয়া বলবান্ পাপগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট হইবেন তখন ঐ ঘটনা ঘটিবে।

গর্গের মত এই যে, যদি ষষ্ঠ দ্বাদশ কিম্বা দ্বিতীয় ও অষ্টম স্থানে সমুদায় পাপগ্রহ স্থিতি করে, আর জন্ম লগ্ন অথবা সপ্তম রাশি পাপগ্রহের মধ্যবর্ত্তী হয়, তাহা হইলে বালকের মৃত্যু হইবে।

গার্গি বলেন যে, যদি চন্দ্র ক্ষীণ হয় আর লগ্ন, অষ্টম ও ব্যয়স্থানে পাপগ্রহগণ থাকে, এবং শুভগ্রহ সকল কেন্দ্র ব্যতীত গৃহে স্থিত হয় তবে বালকের মৃত্যু হয়।

সারাবলীর মতে চন্দ্র পাপ গ্রহের সহিত মিলিত হইয়া দ্বাদশ অষ্টম সপ্তম ও লগ্নে অবস্থিতি করে আর শুভগ্রহগণ কেন্দ্র ভিন্ন অন্য গৃহে থাকিয়া চন্দ্রকে দৃষ্টি না করে, তবে জাত বালকের তৎক্ষণাৎ মৃত্যু হয়।

যবনেশ্বরের মতে চন্দ্র জন্ম লগ্নের অষ্টম স্থানে শুভগ্রহের ক্ষেত্র গত হয় কিম্বা ষষ্ঠ স্থানে পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া থাকে এবং শুভগ্রহের সহিত মিলিত কিম্বা দৃষ্ট হয় তবে অষ্টম বর্ষে মৃত্যু হয়, যদি শুভাশুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা মিলিত হয়, তবে চতুর্থ বর্ষে মৃত্যু হয়।

সারাবলীর মতে জন্ম লগ্নের অষ্টম সপ্তম দ্বাদশ লগ্ন নবম পঞ্চম স্থানে পাপগ্রহগণ ক্ষীণচন্দ্রের সহিত মিলিত হয়, আর বলবান্ শুভগ্রহগণ যদি ঐ চন্দ্রকে অবলোকন না করে তবে বালক গতায়ু হয়।

## অথ কোষ্ঠীসারাবল্যাং সঙ্কেতকৌমুদীসম্মত শিশুরিষ্টং।

রাহুসৌরীন্দবো লগ্নে ভৃগুস্থানে নিশাকরে।
অর্দ্ধমাসং ন জীবেত মার্কণ্ডেয় সমো যদি ॥
নিধনর্ক্ষগতে চন্দ্রে রবৌ চ সপ্তমে স্থিতে।
মাতাপিত্রোর্ধনং হন্যাম্মাসমেকং ন জীবতি ॥
সমসপ্তগতে জীবে শুক্রে চাপি তথাগতে।
কুজে লগ্নে যদা যাতো বস্থমাসং ন জীবতি ॥
শুভলগ্নে যদা জাতোঽষ্টমস্থো নিশাকরঃ।
শনিঃ সপ্তগতশ্চৈব দিনত্রয়ং ন জীবতি ॥
লগ্নদ্বাদশগো ভানুঃ শশাঙ্কশ্চাষ্টমে তথা।
দ্বাদশস্থৌ শনিকুজৌ ষড়্ দিনানি ন জীবতি ॥
দ্বাদশস্থো যদা সৌরির্জন্মস্থানে সদা বুধঃ।
চতুর্থে সৈংহিকেয়শ্চ অষ্টমাসং ন জীবতি ॥
দ্বাদশস্থৌ রবিকুজৌ তনুস্থৌ শশিসৌরিণৌ।
সৈংহিকেয়ো যদা লগ্নে স যাতি যমমন্দিরং ॥
লগ্নস্য নবমে সূর্য্যঃ সপ্তমে চ শনির্ভবেৎ।
একাদশে গুরুশ্চৈব ত্রিমাসন্তু ন জীবতি ॥
লগ্নষষ্ঠে গুরুশ্চৈব দ্বাদশে বুধভাস্করৌ।
তস্মিন্নেব যদা চন্দ্রো বর্ষমেকং ন জীবতি ॥
লগ্নসংস্থো শনিকুজৌ নিধনস্থো বৃহস্পতিঃ।
নবমে চ যদা ভানুর্বর্ষমেকং ন জীবতি ॥
শনিশ্চন্দ্রঃ কুজো লগ্নে নবমে ভাস্করো যদা।
জীবো লগ্নং ন চালোকী জন্মনা তস্য কিং ফলং।
তৃতীয়স্থৌরবিকুজৌ অষ্টমস্থো যদা শনিঃ।
ভৃগুপুত্রো গুরুর্ব্বাপি বর্ষমেকং ন জীবতি ॥
রাহুশ্চ সপ্তমস্থানে শনিচান্দ্রী চ সপ্তমে।
ভার্গবশ্চ রিপু স্থানে বর্ষমেকং ন জীবতি ॥
রাহুসৌরীন্দবো লগ্নে ভৃগুসূর্যৌ বড়ষ্টমে।
দশমস্থো যদা জীবঃ পঞ্চমাসং ন জীবতি ॥
অষ্টমস্থঃ শশাঙ্কশ্চেত্তনুস্থো ভাস্করো যদা।

সৌরির্দশমগোঽপি স্যাদ্দশমাসং ন জীবতি ॥
লগ্নদ্বাদশগো ভানুঃ শশাঙ্কশ্চাষ্টমে স্থিতঃ।
অথবা দ্বাদশে যস্য দিনত্রয়ং ন জীবতি ॥

অথ রব্যাদিগ্রহরিষ্টং দীপিকায়াং।

পাপাস্ত্রিকোণকেন্দ্রে চ সৌম্যাঃ ষষ্ঠাষ্টমব্যয়গতাঃ।
সূর্য্যোদয়ে প্রসূতঃ সদ্যঃ প্রাণাংস্ত্যজতি জন্তুঃ ॥

ইতি রবিরিষ্টং।

অথ চন্দ্ররিষ্টং।

ষষ্ঠেঽষ্টমে চন্দ্রঃ সদ্যো মরণায় পাপসংদৃষ্টঃ।
অষ্টাভিঃ শুভদৃষ্টো বর্ষৈর্মিশ্রৈস্তদর্দ্ধেন ॥

ইতি চন্দ্ররিষ্টং।

অথ পাপযুক্ত চন্দ্ররিষ্টং ॥

সুতমদনবান্ত্যরন্ধ্র লগ্নে-
ষশুভযুতো মরণায় শীতরশ্মিঃ।
ভৃগুসুতশশিসুতদেবপূজ্যৈর্যদি-
বলিভির্ন যুতোঽবলোকিতো বা।

ইতি পাপযুক্ত চন্দ্ররিষ্টং।

অথ পাপমধ্যগত চন্দ্ররিষ্টং।

দ্যূনচতুরস্রসংস্থে পাপদ্বয়মধ্যগে শশিনিজাতঃ।
বিলয়ং প্রয়াতি নিয়তং দেবৈরপি রক্ষিতেন বালঃ ॥

ইতি পাপমধ্যগত চন্দ্ররিষ্টং।

অথ ক্ষীণেন্দুরিষ্টং ॥

ক্ষীণে শশিনি বিলগ্নে পাপৈঃ
কেন্দ্রেষু মৃত্যুসংস্থৈর্ব্বা।
ভবতি বিপত্তিরবশ্যং
যবনাধিপতের্ম্মতঞ্চৈতৎ ॥

ইতি ক্ষীণেন্দুরিষ্টং।

অথ মেষাদীনাং ত্রিংশাংশ বিশেষ রিষ্টং।

নাগ ৮ গো ৯ সিদ্ধি ২৪ জাতী ২২ যু৪ ক্ষা১ ব্ধি৪ ত্র্যশ্বি ২৩ ধৃতি ১৮ নখা ২০ ক্ষ্মাশ্বি ২১ দিক ১০ চেত্যজাদ্যংশে তত্তুল্যাব্দৈর্ব্বিধৌ ব্যসুঃ ॥

ত্রিংশাংশ সবিশেষ চন্দ্ররিষ্টং।

ভৌমে বিলগ্নে শুভৈরদৃষ্টঃ
ষষ্ঠেঽষ্টমে বার্কসুতেন যুক্তঃ।
সদ্যঃ শিশুং হন্তি বদেম্মুনীন্দ্রঃ
স্মরে যমারৌ ন শুভেক্ষিতৌ চ ॥

ইতি ত্রিবিধ ভৌমরিষ্টং।

কর্কটধামনি সৌম্যঃ ষষ্ঠাষ্টমরাশিগো বিলগ্নর্ক্ষাৎ।
চন্দ্রেণ দৃষ্টমূর্ত্তির্ব্বর্ষচতুষ্কেণ মারয়তি ॥

ইতি বুধরিষ্টং।

বৃহস্পতির্ভৌম গৃহেঽষ্টমস্থঃ
সূর্য্যেন্দুভৌমার্কজদৃষ্টমূর্ত্তিঃ।
বর্ষৈস্ত্রিভির্ভার্গবদৃষ্টিহীনো
লোকান্তরং প্রাপয়তি প্রসূতং ॥

ইতি গুরুরিষ্টং।

রবিশশিভবনে শুক্রো দ্বাদশ-
রিপুরন্ধ্র গোঽশুভৈঃ সর্ব্বৈঃ।
দৃষ্টঃ করোতি মরণং ষড়্ভির্ব্বর্ষৈঃ কিমিহ বিচিত্রং ॥
মারয়তি ষোড়শাহাচ্ছনৈশ্চরঃ পাপবীক্ষিতো লগ্নে।
সংযুক্তো মাসেন বর্ষাচ্ছুক্রস্তু মারয়তি ॥

ইতি শনিরিষ্টং।

রাহুশ্চতুষ্টয়স্থো মরণায়ভবতি নিরীক্ষিতঃ পাপৈঃ।
বর্ষৈর্ব্বদন্তি দশভিঃ ষোড়শভিঃ কেচিদাচার্য্যাঃ ॥

ইতি রাহুরিষ্টং।

কেতুর্যস্মিন্নৃক্ষেহভ্যুদিতস্তস্মিন্ প্রসূয়তে যস্তঃ।
রৌদ্রে সর্পমুহূর্ত্তে বা প্রাণৈঃ সন্ত্যজ্যতে চাশু ॥
ইতি কেতুরিষ্টং।

অধুনা সঙ্কেত কৌমুদী মতে রিষ্ট
কথিত হইতেছে।

জন্মলগ্নে শনি রাহু এবং চন্দ্র থাকে কিম্বা চন্দ্রমা শুক্রের সহিত স্থিতি করে, তবে বালক মার্কণ্ডেয় সদৃশ হইলেও অর্দ্ধ মাস জীবিত থাকে না।

জন্মলগ্নের অষ্টম স্থানে চন্দ্র এবং সপ্তম স্থানে রবি থাকিলে, বালক স্বীয় পিতা মাতার ধন হানি করে এবং এক মাস মধ্যে তাহার মৃত্যু হয়।

পূর্ব্বে মেষাদি দ্বাদশ রাশির বিষম সম সংজ্ঞায় যে সকল রাশি সম বলিয়া নিরূপিত হইয়াছে ঐ সকল রাশির কোন এক রাশিতে যদি বৃহস্পতি কিম্বা শুক্র গ্রহ থাকে এবং ঐ স্থান যদি জন্মলগ্নের সপ্তম স্থান বলিয়া পরিগনিত হয়, আর জন্মলগ্নে মঙ্গলগ্রহ থাকে, তবে আট মাসের মধ্যে বালকের মৃত্যু হয়।

যদি শুভ লগ্নে জন্ম হয় এবং অষ্টম স্থানে চন্দ্র এবং সপ্তমে শনি থাকে, তাহা হইলে বালকের তিন দিবসের মধ্যেমৃত্যু হয়।

জন্মলগ্নের অষ্টম স্থানে চন্দ্র ও দ্বাদশস্থানে রবি মঙ্গল ও শনি থাকিলে ছয় দিনের মধ্যে বালকের মৃত্যু হয়।

জতবালকের লগ্নে বুধ এবং দ্বাদশস্থানে শনি চতুর্থ স্থানে রাহু থাকিলে বালক অষ্ট মাস ও জীবিত থাকে না।

জন্মলগ্নে চন্দ্র শনি ও রাহু এবং দ্বাদশ স্থানে রবি ও মঙ্গল থাকিলে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নের নবম স্থানে সূর্য্য সপ্তম স্থানে শনি এবং একাদশে বৃহস্পতি থাকিলে তিন মাসের মধ্যে বালকের মৃত্যু হয়।

লগ্নের ষষ্ঠে বৃহস্পতি এবং দ্বাদশে বুধ ও রবি এবং চন্দ্র থাকিলে এক বর্ষ মধ্যে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নে শনি ও মঙ্গল, অষ্টমস্থানে বৃহস্পতি এবং নবমে সূর্য্য থাকিলে এক বর্ষ মধ্যে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নে শনি চন্দ্র এবং মঙ্গল, উহার নবম স্থানে রবি থাকে আর বৃহস্পতি যদি জন্মলগ্ন না দেখেন, তবে তাহার মৃত্যু হয়।

জন্মলগ্নের তৃতীয় স্থানে রবি ও মঙ্গল আর অষ্টম স্থানে শনি শুক্র ও বৃহস্পতি থাকিলে বালকের এক বর্ষ মধ্যে মৃত্যু হয়।

জন্মলগ্নের সপ্তম স্থানে বুধ শনি ও রাহু আর ষষ্ঠ স্থানে শুক্র থাকিলে বালকের এক বর্ষ মধ্যে মৃত্যু হইবে।

জন্মলগ্নে চন্দ্র শনি ও রাহু, ষষ্ঠ স্থানে শুক্র, অষ্টম স্থানে রবি এবং দশম স্থানে বৃহস্পতি থাকিলে পাঁচ মাসের মধ্যে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নে সূর্য্য অষ্টম স্থানে চন্দ্র ও দশম স্থানে শনি থাকিলে বালক দশ মাস মাত্র জীবিত থাকিবে না।

জন্মলগ্নের দ্বাদশ স্থানে সূর্য্য এবং অষ্টম স্থানে অথবা দ্বাদশ স্থানে চন্দ্র থাকিলে বালক তিন দিন মাত্রও জীবিত থাকে না।

দীপিকামতে রব্যাদি গ্রহদিগের রিষ্ট নিরূপণ।

প্রথমতঃ সূর্য্যরিষ্ট কথিত হইতেছে। পাপগ্রহগণ জন্মলগ্নে কিম্বা তাহার চতুর্থ সপ্তম দশম পঞ্চম ও নবম স্থানে স্থিতি করে। আর শুভ গ্রহগণ জন্মলগ্নের ষষ্ঠ অষ্টম ও দ্বাদশ স্থানে এবং সূর্য্যোদয় কালে প্রসব হইলে জাত বালকের তৎক্ষণাৎ মৃত্যু হয়।

অথ চন্দ্ররিষ্ট।

জন্মলগ্নের ষষ্ঠ ও অষ্টম স্থানে চন্দ্রমা থাকে এবং পাপ গ্রহগণ তাহাকে দেখে, তাহা হইলে বালকের তৎক্ষণাৎ মৃত্যু ঘটে। এবং ঐরূপ চন্দ্রকে কেবল শুভগ্রহ দেখিলে বালকের অষ্টম বর্ষ মধ্যে মৃত্যু হয়। আর শুভাশুভ উভয় গ্রহই ঐ চন্দ্রকে দৃষ্টি করিলে বালকের চতুর্থ বর্ষ মধ্যে মৃত্যু হয়।

### পাপযুক্ত চন্দ্ররিষ্ট।

যদি জন্ম লগ্নে কিম্বা চন্দ্রমা তাহার পঞ্চম সপ্তম অষ্টম নবম ও দ্বাদশ স্থানে পাপ গ্রহের সহিত মিলিত হইয়া স্থিতি করে, এবং বলবান বুধ বৃহস্পতি ও শুক্রগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট না হয় তবে বালকের মৃত্যু হয়।

### পাপদ্বয়মধ্যগত চন্দ্ররিষ্ট॥

চন্দ্রমা দুইটি পাপগ্রহের মধ্যবর্ত্তী থাকিয়া যদি জন্মলগ্নের সপ্তম চতুর্থ কিম্বা অষ্টম স্থানের কোন এক স্থানে থাকে আর জাতবালককে যদি দেবগণও রক্ষা করেন তথাপি বালকের মৃত্যু হয়।

### ক্ষীণচন্দ্ররিষ্ট।

যবনাচার্য্য বলেন যে, যদি ক্ষীণ চন্দ্র লগ্নে থাকে কিম্বা লগ্নের চতুর্থ সপ্তম দশম স্থানে পাপগ্রহের সহিত মিলিত হয় অথবা কেবলমাত্র অষ্টম স্থানস্থিত পাপ-গ্রহের সহিত সংযুক্ত হয়, তবে অবশ্যই বালকের মৃত্যু হয়।

### মেষাদি দ্বাদশরাশির ত্রিংশাংশ বিশেষে চন্দ্ররিষ্ট।

মেষের আট অংশ, বৃষের নয় অংশ, মিথুনের চব্বিশ অংশ কর্কটের বাইশ অংশ সিংহের পাঁচ অংশ কন্যার বার অংশ তুলার চার অংশ বৃশ্চিকের তেইশ অংশ ধনুর আঠার অংশ মকরের কুড়ি অংশ কুম্ভের একুশ অংশ মীনের দশ অংশ। মেষাদি রাশির যে যে ত্রিংশাংশ ভাগ কথিত হইল যদি বালকের জন্মকালে চন্দ্রমা মেষাদি কোন এক-রাশিতে সেই রাশির ত্রিংশাংশ সংখ্যা পরিমিত অংশে থাকে তবে বালকের ঐ সংখ্যা পরিমিত বর্ষমধ্যে মৃত্যু হয়।

### মঙ্গলরিষ্ট।

যদি মঙ্গল জন্ম লগ্নে থাকিয়া শুভগ্রহ কর্ত্তৃক ঈক্ষিত না হয় কিম্বা ষষ্ঠ বা অষ্টম স্থানে শনি গ্রহের সহিত মিলিত হয় অথবা সপ্তম স্থানে শনি ও মঙ্গল থাকে এবং শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হয় তবে বালকের তৎক্ষণাৎ মৃত্যু ঘটে। এই তিন প্রকার মঙ্গল রিষ্ট কথিত হইয়াছে।

### বুধরিষ্ট।

বুধ কর্কট রাশিতে অবস্থিতি করে এবং ঐ রাশি জন্ম লগ্নের ষষ্ঠ কিম্বা অষ্টম রাশি হয় এবং চন্দ্রমা ঐ স্থলস্থিত বুধকে অবলোকন করে তবে বালকের চার বর্ষ মধ্যে মৃত্যু হয়।

### বৃহস্পতিরিষ্ট।

বৃহস্পতি মঙ্গলের গৃহে থাকিয়া যদি জন্ম লগ্নের অষ্টম স্থানে গত হয় এবং ঐ বৃহস্পতি যদি রবি চন্দ্র মঙ্গল ও শনি কর্ত্তৃক ঈক্ষিত হয় এবং শুক্রের দৃষ্টি না থাকে তবে বালকের তিন বর্ষ মধ্যে মৃত্যু হয়।

### শুক্ররিষ্ট।

কর্কট ও সিংহরাশি যদি জাত বালকের জন্ম লগ্নের দ্বাদশ, ষষ্ঠ কিম্বা অষ্টম রাশির কোন এক রাশি হয় এবং উহাতে শুক্রগ্রহ থাকে। আর যদি পাপ গ্রহ সকল ঐ শুক্রকে দৃষ্টি করে তবে বালকের ছয় বর্ষ মধ্যে মৃত্যু ঘটে তাহাতে আর বিচিত্র কি?।

### শনিরিষ্ট।

জাত বালকের জন্ম লগ্নে শনি থাকিয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তবে বালকের ষোল দিনের মধ্যে মৃত্যু হয়। যদি পাপগ্রহযুক্ত শনি লগ্নে থাকে তবে এক মাস মধ্যে বালকের মৃত্যু ঘটে। শনি পাপগ্রহ কর্ত্তৃক অদৃষ্ট ও অযুক্ত হইয়া লগ্নে থাকিলে এক বর্ষ মধ্যে বালকের মৃত্যু হয়।

### রাহুরিষ্ট।

জাত বালকের লগ্ন চতুর্থ সপ্তম দশম স্থানস্থ

রাহু পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হইলে কেহ বলেন বালকের দশ বর্ষ মধ্যে মৃত্যু হয়, কেহ বলেন যোড়শ বর্ষে মৃত্যু ঘটে।

কেতুরিষ্ট।

যে নক্ষত্রে কেতু উদিত হইবে সেই নক্ষত্রে যদি কোন বালকের জন্ম হয়, রৌদ্র মুহূর্ত্ত অথবা সর্প মুহূর্ত্তে জন্ম হইলে শীঘ্র বালকের প্রাণ বিনষ্ট হয়।

অথান্যপ্রকার রিষ্টমাহ।

মেষলগ্নে যদা জাতো ভৌম শ্চন্দ্রসমন্বিতঃ।
ত্যজেদ্ভানুংমৃগে সৌরিং ম্রিয়তে বাসরত্রয়ে।
বৃষলগ্নে যদা জাতঃ ষষ্ঠে চশনিজীবয়োঃ।
অষ্টমস্থো যদা ভৌমো ম্রিয়তেঽহ্নি চতুর্দ্দশে॥
মিথুনে চ যদা জাতঃ সপ্তমে চ দিবাকরঃ।
কর্কটস্থো যদা সৌরির্ম্রিয়তেঽহ্নি চতুর্দ্দশে॥
কর্কটে চ যদা জাতস্তুলায়াং কুম্ভগে গুরৌ।
দৃশ্যতে রাহুভৌমাভ্যাং ম্রিয়তেঽহ্নি চতুর্দ্দশে॥
সিংহলগ্নে যদা জাতঃ সিংহে চন্দ্রো ভবেদ্যদি।
ত্যজেৎ সৌরিং মৃগে ভানুং ম্রিয়তে জনকেন চ॥
কন্যালগ্নে যদা জাতঃ কন্যায়াং শশলাঞ্ছনঃ।
গুরুকেন্দ্রে যদা সৌরিঃ সমাত্রা ম্রিয়তে শিশুঃ॥
তুলালগ্নে যদা জাতঃ শুক্রো ষষ্ঠে ভবেদ্যদি।
তনুগেহে স্থিতে চন্দ্রে ম্রিয়তে বিংশ বাসরে॥
বৃশ্চিকে চ যদা জাতঃ কর্কটে চন্দ্রমা যদি।
নিশায়াঞ্চ দিবা জাতং পূর্ব্বাহ্নে স বিনশ্যতি॥
ধনুর্লগ্নে যদা জাতো বৃহস্পতিসমন্বিতঃ।
ভৌমগেহে যদা সৌরি মৃত্যু বিংশতিবাসরে॥
মৃগলগ্নে যদাজাতোমেষশ্চন্দ্রসমন্বিতঃ।
সিংহে ভানুর্ভবেচ্চৈব ম্রিয়তে ষোড়শে দিনে॥
কুম্ভলগ্নে যদাজাতঃ কন্যায়াঞ্চ ধটে ভৃগৌ।
চতুর্থে চন্দ্রমাযস্য ম্রিয়তে মাতুলেন চ॥
মীনলগ্নে যদা জাতো মীনেচন্দ্রসমন্বিতঃ।
কীটে শনৈশ্চ রশ্চৈব ম্রিয়তে দ্বাদশে দিনে॥

অন্য প্রকার রিষ্ট কথিত হইতেছে।

যদি জাতবালকের মেষলগ্নে জন্ম হয় আর ঐ লগ্নে মঙ্গল ও চন্দ্র থাকে, এবং শনি ও রবি মকর ভিন্ন অন্য রাশিতে থাকে তবে বালকের তিন দিনে মৃত্যু হয়।

যদি বৃষলগ্নে জন্ম হয় আর ঐ লগ্ন বৃহস্পতি কিম্বা শনির ষষ্টস্থানে থাকে আর লগ্নের অষ্টম স্থানে মঙ্গল থাকে তবে চতুর্দ্দশ দিনে বালকের মৃত্যু ঘটিবে।

জাতবালকের জন্মলগ্ন মিথুন হয় এবং তাহার সপ্তমস্থানে রবি আর কর্কট রাশিতে শনি থাকে তবে চতুর্দ্দশ দিনে বালকের মৃত্যু হয়।

যদি কর্কট রাশি বালকের জন্মলগ্ন হয় এবং বৃহস্পতি তুলা কিম্বা কুম্ভ রাশিতে থাকিয়া রাহু ও মঙ্গল কর্তৃক দৃষ্ট হয় তবে বালকের চতুর্দ্দশ দিনে প্রাণ বিনষ্ট হয়।

যদি জাতবালকের জন্মলগ্ন সিংহ হয় এবং চন্দ্রমা ঐ লগ্নে স্থিতি করে আর শনি ও রবি মকর ভিন্ন অন্য রাশিতে থাকে তবে পিতার সহিত বালকের মৃত্যু ঘটে।

যদি কন্যা বালকের জন্মলগ্ন হয় আর তাহাতে চন্দ্র থাকে এবং বৃহস্পতি যে রাশিতে থাকিবে সেই স্থানে কিম্বা তাহার চতুর্থ সপ্তম অথবা দশম স্থানে শনি থাকে তবে মাতার সহিত বালকের মৃত্যু হয়।

তুলালগ্নে জন্ম হইয়া উহার ষষ্ঠ স্থানে শুক্র ও লগ্নে চন্দ্র থাকিলে বিংশতি দিন মধ্যে বালকের মৃত্যু হইবে।

যদি বৃশ্চিক লগ্নে জন্ম হয় এবং ঐ লগ্নে মঙ্গল ও চন্দ্র অবস্থিতি করে তবে পূর্ব্বাহ্নে জাত বালকের মৃত্যু হয়।

যদি ধনুরাশি জাতবালকের জন্মলগ্ন হয়,আর বৃহস্পতি উহাতে অবস্থিতি করে, ও মেষ কিম্বা বৃশ্চিক লগ্নে শনি অবস্থিতি করে, তাহা হইলে বিংশতি দিনে বালকের মৃত্যু হয়।

যদি জন্ম লগ্ন মকর হয় ও যেবে চন্দ্র অবস্থিতি করে এবং সিংহ রাশিতে সূর্য্য অবস্থিতি করে তবে ষোড়শ দিবসে জাত বালকের মৃত্যু হয়।

যদি বালকের জন্মলগ্ন কুম্ভ হয় আর কন্যা কিম্বা তুলারাশিতে শুক্র থাকে এবং লগ্নের চতুর্থ স্থানে চন্দ্র স্থিত হয় তবে বালকের মৃত্যু হয়।

যদি জাতবালকের জন্মলগ্ন মীনরাশি হয় এবং চন্দ্র তথায় অবস্থিতি করে আর বৃশ্চিক রাশিতে শনি থাকে দ্বাদশ দিবস মধ্যে বালকের মৃত্যু হইবে।

জ্যোতিষতত্ত্বে।

ঘটসিংহ বৃশ্চিকোদয় গতস্ত্রিভির্জ্জী বিতং হরতিরাহুঃ
পাপৈ নিরীক্ষ্যমাণঃ সপ্তমিতে নিশ্চিতং বর্ষৈঃ ॥
লগ্নেযে দ্রেক্কাণা নিগড়াহি বিহঙ্গম পাশধরসংজ্ঞাঃ।
মরণায় সপ্তবর্ষৈঃ ক্রূরযুতান স্বপতিদৃষ্টাঃ ॥
লগ্নাধিপজন্মপতীষষ্ঠাষ্টম রিপুফগৌ প্রসবকালে।
অস্তমিতৌ মরণকরৌ রাশিপ্রমিতৈর্ব্বদেব্বর্ষৈঃ ॥
সৌম্যাঃ ষষ্ঠাষ্টমব্যয়গাঃ পাপৈর্ব্বক্রোপগতৈর্দৃষ্টাঃ
মাসেন মৃত্যুদাস্তেযদিন শুভৈস্তত্রসংদৃষ্টাঃ ॥
একঃ পাপোঽষ্টমগঃশত্রুগৃহী শত্রুবীক্ষিতোবর্ষাৎ।
মারয়তি নরং প্রসূতং সুধারসোযেন পীতোপি ॥
প্রতিপত্স্যুত্তরাষাঢ়া নবম্যাং কৃত্তিকাযদি।
পূর্ব্বভাদ্র পদাষ্টম্যাং একাদশ্যাঞ্চরোহিণী ॥
দ্বাদশ্যান্তু তথাশ্লেষা ত্রয়োদশ্যাং মঘাযদি।
এভির্জাতো নজীবেত্তু যদিশক্র সমোভবেৎ ॥

জ্যোতিস্তত্ত্বে।

সিংহ কুম্ভ কিম্বা বৃশ্চিক লগ্নের কোন এক লগ্ন যদি জাতবালকের জন্মলগ্ন হয়, এবং ঐ স্থানে রাহুগ্রহ থাকিয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বালকের সাত বর্ষে নিশ্চয় মৃত্যু হইবে।

পূর্ব্ব দ্রেক্কাণ সংজ্ঞা নিরূপণে পাশধরাদি যে সমস্ত দ্রেক্কাণ কথিত হইয়াছে, তন্মধ্যে নিগড় দ্রেক্কাণ, সর্পদ্রেক্কাণ এবং পাশধর দ্রেক্কাণের কোন এক দ্রেক্কাণে যদি বালকের জন্মহয়, আর ঐ দ্রেক্কাণে পাপগ্রহ যুক্ত হয় এবং ঐ সকল দ্রেক্কাণ স্ব স্ব স্বীয় অধিপতি গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হয় তবে সাত বৎসর মধ্যে মৃত্যু হইবে।

জন্মকালে বালকের জন্মলগ্নের অধিপতি ও জন্মরাশির অধিপতি গ্রহ যদি লগ্নের ষষ্ঠ, অষ্টম কিম্বা দ্বাদশ স্থানে থাকিয়া, ঐ উভয় গ্রহ যদি অস্তগত হয়, তবে সেই সেই গ্রহ যে রাশিতে থাকিবে ঐরাশি পরিমিত বর্ষে বালকের মৃত্যু হইবে।

জন্মলগ্নের ষষ্ঠ,অষ্টম কিম্বা দ্বাদশ স্থানে শুভগ্রহ থাকে আর বক্রগতি প্রাপ্ত পাপগ্রহ ঐ সকল শুভগ্রহকে দৃষ্টিকরে এবং ঐ সকল স্থলে শুভগ্রহের দৃষ্টি না থকে তবে একমাস মধ্যে বালকের মৃত্যু হইবে।

জন্মলগ্নের অষ্টম স্থানে যদি পাপগ্রহ থাকে এবং ঐ স্থান যদি ঐ পাপ গ্রহের শত্রুর গৃহ হয় এবং ঐ পাপগ্রহ স্বীয় শত্রু- গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে সুধারসপায়ী বালকেরও একবর্ষ মধ্যে মৃত্যু ঘটিয়া থাকে।

যদি উত্তরাষাঢ়, নক্ষত্রে প্রতিপদ, নবমীতে কৃত্তিকা, অষ্টমীতে পূর্ব্বভাদ্রপদ, একাদশীতে রোহিণী, দ্বাদশীতে অশ্লেষা, ত্রয়োদশীতে মঘা এইরূপ যোগ হয় এবং ঐ রূপ যোগে বালকের জন্ম হয় তবে সে শক্র তুল্য হইলেও মৃত্যু গ্রাসে পতিত হইবে।

জ্যোতিঃসারে।

চন্দ্রাষ্টমশ্চধরণীসুত সপ্তমশ্চ
রাহুর্নবশ্চ শনিজন্ম গুরুস্তৃতীয়ে।
অর্কস্তপঞ্চ ভৃগুষষ্ঠ বুধশ্চতুর্থে
জাতো নজীবতি নরঃ প্রবদন্তি সন্তঃ ॥
চতুর্থেচ যদারাহুঃ ষষ্ঠে চন্দ্রোঽষ্টমেপিবা।
সদ্যএব ভবেন্মৃত্যুঃ শঙ্করো যদিরক্ষতি ॥
ক্ষীণচন্দ্রোব্যয়স্থানে পাপোলগ্নে ম্নরেষমে।
শুভৈশ্চ রহিতেকেন্দ্রে শীঘ্রং নশ্যতিবালকঃ ॥
দশমস্থো দিবানাথঃ পাপৈর্ব্বহুনিরীক্ষিতঃ।

মেষবৃশ্চিককর্কস্থো সদ্যোমৃত্যুপ্রদোভবেৎ ॥
সপ্তমে ভবনেভৌমশ্চাষ্টমে ভার্গবোযদি।
নবমে ভবনেসূর্য্যঃ স্বল্পায়ুষ্যঃ প্রজায়তে ॥
ক্ষীণ চন্দ্রো যদালগ্নেপাপাশ্চাষ্টমকেন্দ্রগাঃ।
স্মরে লগ্নপতিঃ পাপৈর্যুক্তো নশ্যেত্তদাশিশুঃ ॥
লগ্নে ক্রূরস্য ভবনে ক্রূরঃ পাতালগোযদা।
দশমে ভবনে ক্রূরঃ কষ্টং জীবতি বালকঃ ॥
অষ্টমস্থো যদা রাহুঃ কেন্দ্রে চ নীচচন্দ্রমাঃ।
সসদ্যশ্চ ভবেন্মৃত্যুর্ব্বালকস্য নসংশয়ঃ ॥
দ্বাদশস্থো যদা চন্দ্রঃ পাপাশ্চাষ্টমগেহগাঃ।
মাসেনৈকেনমৃত্যুঃস্যাত্তস্য বালস্য নিশ্চিতং ॥
ষষ্ঠাষ্টমে যদা চন্দ্রো বুধযুক্তশ্চ তিষ্ঠতি।
বিষদোষেণ বালস্য তদা মৃত্যুশ্চ জায়তে ॥
অষ্টমে চ নিশানাথঃ কেন্দ্রেক্রূরো যদা ভবেৎ।
চতুর্থে চ যদা রাহুর্ব্বর্ষমেকং স জীবতি ॥
লগ্নেষ্টমে যদা রাহুশ্চন্দ্রোপি যদি দৃশ্যতে।
দশাহে জায়তে তস্য বালস্য মরণং ধ্রুবং ॥
বক্রীশনির্ভৌমগৃহে কেন্দ্রে সষ্ঠাষ্টমেপি বা।
কুজেন বলিনাদৃষ্টো হন্তি বর্ষদ্বয়েশিশুং ॥
শনি রাহু কুজৈর্যুক্তঃ সপ্তমে নবমে শশী।
সপ্তমে দিবসেহন্তি মাসে বা সপ্তমে শিশুং ॥
দশমে ভবনে রাহুঃ পিতৃ মাতৃ প্রপীড়নং।
দ্বাদশে বৎসরে মৃত্যুর্ব্বালকস্য ন সংশয়ঃ ॥
শনি ক্ষেত্রে যদা ভানু র্ভানুক্ষেত্রে যদা শনিঃ।
দ্বাদশে বৎসরে মৃত্যুস্তস্য জাতস্য জায়তে ॥
জন্মলগ্নে যদা ভৌমশ্চাষ্টমে চ বৃহস্পতিঃ।
বর্ষে চ দ্বাদশে মৃত্যুর্যদি রক্ষতি শঙ্করঃ ॥
ভৌমক্ষেত্রে যদা জীবো জীবক্ষেত্রে চ ভূসুতঃ।
দ্বাদশে বৎসরে মৃত্যুর্ব্বালকস্য ন সংশয়ঃ ॥
ষষ্ঠাষ্টমে তথা মূর্ত্তৌ শত্রুক্ষেত্রে যদা বুধঃ।
চতুর্থ বর্ষে মৃত্যুশ্চ বালকস্য নসংশয়ঃ ॥
ভৌমক্ষেত্রে যদা জীবঃ ষষ্ঠাষ্টাস্থ চ চন্দ্রমাঃ।
বর্ষেষ্টমে পিতৃমৃত্যুরীশ্বরো রক্ষি[illegible]তা যদি ॥
দশমে চ যদা রাহুর্জন্ম লগ্নে যদা ভবেৎ।
বর্ষেতু ষোড়শে জ্ঞেয়ো বুধৈর্ম্মৃত্যুর্নরস্য চ।
সপ্তমে ভবনে রাহুঃ শত্রুক্ষেত্রে যদা ভবেৎ।
প্রাপ্তে চ ষোড়শে বর্ষে তস্যমৃত্যুর্ন সংশয়ঃ ॥

জ্যোতিঃসারে।

বালকের জন্ম লগ্নের অষ্টম স্থানে চন্দ্র, সপ্তম স্থানে মঙ্গল, নবম স্থানে রাহু, তৃতীয় স্থানে বৃহস্পতি, পঞ্চম স্থানে সূর্য্য, ষষ্ঠ স্থানে শুক্র, চতুর্থ স্থানে বুধ এবং লগ্নে শনি থাকিলে জাতবালকের মৃত্যু হইবে।

জন্ম লগ্নের চতুর্থ স্থানে রাহু এবং ষষ্ঠ কিম্বা অষ্টম স্থানে চন্দ্র থাকিলে শঙ্কর রক্ষিত বালকেরও সদ্য মৃত্যু হইবে।

যদি জাতবালকের লগ্নের দ্বাদশ স্থানে অথবা পাপ-গ্রহের ক্ষেত্রে কিম্বা সপ্তম ও অষ্টম স্থানে ক্ষীণ চন্দ্র থাকে এবং শুভ গ্রহগণ যদি কেন্দ্র স্থানে অবস্থান না করে তবে বালকের শীঘ্র মৃত্যু হয়।

মেষ বৃশ্চিক ও কর্কট রাশির কোন এক রাশিতে রবি থাকিয়া যদি জাতবালকের জন্মলগ্নের দশম হয় এবং অনেক পাপগ্রহ ঐ রবিকে দৃষ্টি করে তবে বালকের সদ্য মৃত্যু হয়।

যদি জন্ম লগ্নের সপ্তমে মঙ্গল, অষ্টমে শুক্র এবং নবমস্থানে রবি থাকে তবে বালক স্বল্পায়ু হয়।

যদি জাত বালকের লগ্নে ক্ষীণচন্দ্র, লগ্ন, চতুর্থ, সপ্তম, অষ্টম, ও দশম স্থানে সমস্ত পাপগ্রহ এবং পাপগ্রহ যুক্ত লগ্নপতি সপ্তম স্থানে থাকে তবে বালকের মৃত্যু হয়।

যদি পাপগ্রহের ক্ষেত্র লগ্ন হয় এবং চতুর্থ ও দশম স্থানে পাপগ্রহ থাকে তবে বালকের কষ্টে জীবন রক্ষা হইয়া থাকে।

যদি লগ্নের অষ্টমস্থানে রাহু থাকে আর চন্দ্র যদি

বৃশ্চিক রাশিতে থাকিয়া কেন্দ্রস্থ হয় তবে বালকের তৎক্ষণাৎ মৃত্যু হইবে, ইহাতেও সংশয় নাই।

যদি লগ্নের দ্বাদশস্থানে চন্দ্র আর অষ্টম স্থানে পাপগ্রহগণ থাকে তবে বালকের এক মাসে নিশ্চয় মৃত্যু হয়।

যদি চন্দ্র বুধের সহিত মিলিত হইয়া বালকের জন্ম লগ্নের ষষ্ঠ কিম্বা অষ্টমস্থানে থাকে তবে বিষদোষে বালকের মৃত্যু ঘটে।

যদি জন্ম লগ্নের অষ্টম স্থানে চন্দ্র আর কেন্দ্র অর্থাৎ লগ্ন, চতুর্থ, সপ্তম ও দশম স্থানে পাপগ্রহ এবং চতুর্থে রাহু থাকে তবে বালক একবর্ষমাত্র জীবিত থাকে।

যদি জন্ম লগ্নের অষ্টমস্থানে চন্দ্র অথবা রাহু থাকে তবে জাত বালকের দশদিনে মৃত্যু হয়।

রবি যে রাশিতে থাকিবে সেই রাশি হইতে পঞ্চম, ষষ্ঠ, সপ্তম কিম্বা অষ্টম স্থানে মঙ্গলাদি পাঁচ গ্রহের যে কোন গ্রহ থাকিলে ঐ গ্রহ বক্রী বলিয়া কথিত হইয়া থাকে। এইরূপ বক্রতা প্রাপ্ত শনি যদি মঙ্গলের ক্ষেত্র মেষ অথবা বৃশ্চিক রাশির কোন এক রাশিতে থাকে আর ঐ কেন্দ্রস্থানে কিম্বা লগ্নের ষষ্ঠ বা অষ্টম স্থানে থাকিয়া বলবান মঙ্গল গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে দুই বর্ষে বালকের মৃত্যু হয়।

শনি রাহু মঙ্গলের সহিত মিলিত হইয়া লগ্নের সপ্তম কিম্বা নবমস্থানে চন্দ্র থাকিলে সপ্তম দিবসে বা সপ্তম মাসে বালকের মৃত্যু হয়।

জাতবালকের দশম স্থানে রাহু থাকিলে বালকের পিতা মাতার কষ্ট হয় এবং দ্বাদশ বৎসরে বালকের মৃত্যু ঘটে তাহাতে সন্দেহ নাই।

যদি শনির ক্ষেত্রে সূর্য্য আর সূর্য্যের ক্ষেত্রে শনি থাকে তাহা হইলে জাত বালকের দ্বাদশ বর্ষে মৃত্যু হয়।

যে বালকের জন্মলগ্নে মঙ্গল আর অষ্টম স্থানে বৃহস্পতি থাকে, যদি শঙ্কর স্বয়ং তাহাকে রক্ষা করেন তথাপি তাহার দ্বাদশ বর্ষে মৃত্যু হয়।

যে বালকের জন্ম সময়ে বৃহস্পতি মঙ্গলের ক্ষেত্রে এবং মঙ্গল বৃহস্পতির ক্ষেত্রে স্থিতি করে, সেই বালকের দ্বাদশবর্ষে মৃত্যু হয় ইহাতে সংশয় নাই।

জাত বালকের লগ্নে কিম্বা ষষ্ঠ ও অষ্টম স্থানে যদি বুধ থাকে এবং ঐ স্থান যদি বুধের শত্রু গ্রহের গৃহ হয় তবে চতুর্থ বর্ষেবালকের মৃত্যু হয় ইহাতে সংশয় নাই।

জন্মলগ্নের ষষ্ঠ ও অষ্টম স্থানে চন্দ্র আর মঙ্গলের গৃহে বৃহস্পতি থাকিলে ঈশ্বর রক্ষিত বালকেরও অষ্টম বর্ষে মৃত্যু হয়।

জাতবালকের লগ্নে কিম্বা দশম স্থানে রাহু থাকিলে বালকের ষোড়শ বর্ষে মৃত্যু হয়।

রাহু শত্রুক্ষেত্রে থাকিয়া জাতবালকের লগ্নের সপ্তম স্থান গত হইলে ষোড়শ বর্ষ প্রাপ্তমাত্র বালকের মৃত্যু হয় ইহাতেও সংশয় নাই।

অথ গণ্ড নির্ণয়ঃ জ্যোতিস্তত্ত্বে ॥

অশ্বিনীমঘমূলানাং তিস্রো গণ্ডাদ্যনাড়িকাঃ।
অন্তে পৌষ্ণোরগেন্দ্রাণাং পঞ্চৈব যবনা জগুঃ ॥
মূলেন্দ্রয়োর্দিবাগণ্ডো নিশায়াং পিতৃসর্পয়োঃ।
সন্ধ্যাদ্বয়েতু বিজ্ঞেয়া রেবতী তুরগর্ক্ষয়োঃ ॥
সন্ধ্যারাত্রি দিবাভাগে গণ্ডযোগোদ্ভবঃ শিশুঃ।
আত্মানং মাতরং তাতং বিনিহন্তি যথাক্রমং ॥
সর্ব্বেষাং গণ্ডজাতানাং পরিত্যাগো বিধীয়তে।
তাতেনাদর্শনং বাপি যাবৎ যাণ্মাসিকো ভবেৎ ॥
কুঙ্কুমং চন্দনং কুষ্ঠং গোরোচনমথাপিবা।
ঘৃতেনৈবান্বিতং কৃত্বা চতুর্ভিঃ কলসৈর্বুধঃ ॥
সহস্রাক্ষেণ মন্ত্রেণ * বালকং স্নাপয়েত্ততঃ।

---

ওঁ সহস্রাক্ষেন শতশারদেন শতায়ুষা হবিষা চাহৃমেনং শতঞ্জয়েমং। শরদো ন যতীন্দ্রো বিশ্বস্য দুরিতস্য পরি। শতজীবো শরদো বর্দ্ধমানঃ। শতং হেমন্তং শতমুপশস্ত্যাং শতমিন্দ্রাগ্নী সবিতা বৃহস্পতিঃ শতায়ুষা হবিষেমং পুনর্দ্দঃ। অহে বিশস্তা পুরাগা পুনর্ম রঃ। সর্ব্বাঙ্গং সর্ব্বস্তে চক্ষুঃ সর্ব্বমায়ুশ্চ দেবিদং শতমনোশ্চায়ুষ্কারাশ্চ শতায়ুর্দ্বৈ পুরুষশতবীর্য্যঃ শতে ন্দ্রিয়ঃ আয়ুষ্য এবৈনং তদ্বীর্য্য ইন্দ্রিয়ে দধাতু ॥

পিতৃযুক্তং দিবাজাতং মাতৃযুক্তঞ্চ রাত্রিজং ॥
স্নাপয়েৎ পিতৃমাতৃভ্যাং সন্ধ্যয়োরুভয়োরপি।
কাংস্যপাত্রং ঘৃতৈঃ পূর্ণং গণ্ডদোষোপশান্তয়ে ॥
দদ্যাদ্ধেনুং হিরণ্যঞ্চ গ্রহাংশ্চাপি প্রপূজয়েৎ।
মূলায়াঃ প্রথমে পাদে পিতুর্ব্বপুঃ প্রণশ্যতি ॥
দ্বিতীয়ে নিয়তাং পাড়াং মাতুঃ কুর্য্যাং পিতুস্তথা।
তৃতীয়ে ধননাশঃ স্যাচ্চতুর্থে ধনসম্পদঃ ॥
ব্যত্যয়েন ফলং জ্ঞেয়ং অশ্লেষাস্বপি পূর্ব্ববৎ।
বল্মীকমৃত্তিকাং নদ্যা স্তভয়তটমৃত্তিকাং ॥
গোবিষাণ মৃদঞ্চাপি দন্তিদন্ত মৃদং ক্ষিপেৎ।
তীর্থাম্ভঃ পঞ্চগব্যেন স্নানং মাতুঃ পিতুঃ শিশোঃ ॥
গণ্ডাদৌ গণ্ডকান্তে চ বিবাহে ম্রিয়তেঽঙ্গনা।
ন জীবেৎ জাতকেঽত্রৈব পিতৃমাতৃ বিনাশকৃৎ ॥

ইতি রাজমার্ত্তণ্ডঃ।

দিবা জাতাতু যা কন্যা নিশিজাতাস্তু যঃ পুমান্।
নোভয়োর্গণ্ডদোষঃ স্যান্মাচলো হন্তি পর্ব্বতং ॥

ইতি গণ্ডনির্ণয়ঃ।

রাজমার্ত্তণ্ডে।

গণ্ডপ্রসূত পুরুষং শুভমাহুরপশ্চাতাং নৃণামেকে।
অন্যেতু হোমপূর্ব্বদানে তদ্দর্শনং শুভদং ॥

কোষ্ঠীসারাবল্যাং।

অশ্বিনী মঘ মূলাদৌ ত্রিবেদ নবনাড়িকা।
রেবতী শক্রসর্পান্তে যমরুদ্রা বসুস্তথা ॥
অশ্বিনীমঘমূলানাং পূর্ব্বার্দ্ধে পাড্যতেপিতা।
পৌষ্ণাহি শক্রশেষার্দ্ধে জননী মরণং শিশোঃ ॥
পিতৃঘ্নঃ স্যাদ্দিবা জাতো জাতস্তু নিশিমাতৃহা।
আত্মানং সন্ধ্যয়োর্জাতো নাস্তিগণ্ডো নিরাময়ঃ ॥

রাজমার্ত্তণ্ডে।

প্রতিপদ্দর্শ ষষ্ঠী চ নবমী দ্বাদশী তথা।
এভির্জাতো ন জীবেত্তু যদি শক্র সমো ভবেৎ ॥

গণ্ডতিথিঃ।

সার্দ্ধবর্ষদ্বয়ং জ্ঞেয়ং রেবতী গণ্ডসম্ভবঃ।
অশ্বিন্যাং দশমাসাংশ্চ জ্যেষ্ঠায়াঃ সার্দ্ধদ্বন্দকং ॥
মূলায়াং বর্ষষট্‌কঞ্চ মঘায়াঞ্চ চতুর্থকং।
অশ্লেষায়াং ভবেদ্বর্ষঃ গণ্ডকালস্য সম্ভবঃ ॥

মূলা নক্ষত্র জাতস্য বিশেষ ফলমাহ
মুহূর্ত্ত চিন্তামণৌ।

অভুক্তমূলং ঘটিকা চতুষ্টয়ং
জ্যেষ্ঠান্ত্যমূলাদি ভবং হি নারদঃ।
বশিষ্ঠ একদ্বিঘটীমিতং জগৌ
বৃহস্পতিস্ত্বেকঘটী প্রমাণকং ॥

তথাচোক্তং নারদেন।

ভুজঙ্গপৌরন্দর পৌষ্ণভানাং
তদগ্রভানাঞ্চ যদন্তরালং।
অভুক্তমূলং প্রহর প্রমাণং
ত্যজেৎ সুতং তত্র ভবাংসুতাঞ্চ ॥

তথা চ বশিষ্ঠঃ।

জ্যেষ্ঠান্তে ঘটিকা চৈকা মূলাদ্যং ঘটিকা দ্বয়ং।
অভুক্তমূলমিত্যাহুর্জ্জাতং তত্র বিবর্জ্জয়েৎ ॥

বৃহস্পতিঃ।

জ্যেষ্ঠান্ত্যঘটিকার্দ্ধঞ্চ মূলাদৌ ঘটিকার্দ্ধকং।
তয়োরন্তর্গতা নাড়ীহ্যভুক্তমূলমুচ্যতে ॥

গণ্ডরিষ্ট নিরূপণ।

অশ্বিনী মঘা ও মূলা নক্ষত্রের শেষ প্রথম তিনদণ্ড গণ্ড, আর রেবতী অশ্লেষা ও জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ পাঁচদণ্ড গণ্ডনামে প্রসিদ্ধ হয়।

জ্যেষ্ঠা ও মূলা নক্ষত্র দিবসে গণ্ড, মঘা ও অশ্লেষা নক্ষত্র রাত্রিতে গণ্ড এবং রেবতী ও অশ্বিনী নক্ষত্র উভয় সন্ধ্যায় গণ্ড হইয়া থাকে।

শুদ্ধিদীপিকার টীকাকার কৃষ্ণানন্দ জ্যেষ্ঠাও মূলা নক্ষত্রের গণ্ডদণ্ড দিবাগণ্ড আর মঘা ও অশ্লেষা নক্ষত্রের গণ্ডদণ্ড নিশাগণ্ড এবং রেবতী ও অশ্বিনী নক্ষত্রের গণ্ডদণ্ড সন্ধ্যাগণ্ড নামে বিখ্যাত করিয়াছেন।

অশ্বিনী নক্ষত্রের প্রথম তিন দণ্ড ও রেবতী নক্ষত্রের শেষ পাঁচ দণ্ড গণ্ড যোগ নামে বিখ্যাত। যদি গণ্ডযোগে সন্ধ্যা কালে কোন বালকের জন্ম হয় তবে সেই বালক স্বয়ং বিনষ্ট হয়। আর অশ্লেষা নক্ষত্রের শেষ পাঁচ দণ্ড ও মঘা নক্ষত্রের প্রথম তিন দণ্ড গণ্ড যোগ নামে বিখ্যাত আছে। যদি এইরূপ গণ্ডযোগে রাত্রি কালে কোন বালকের জন্ম হয় তবে সেই বালকের মাতার মৃত্যু হয়, কিন্তু এই গণ্ড যদি রাত্রি কালে না হইয়া দিবসে হয় তবে বালকের মাতার মৃত্যু হইবে না।

জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ পাঁচ দণ্ড ও মূলা নক্ষত্রের প্রথম তিন দণ্ড গণ্ড যোগ নামে বিখ্যাত। যদি এইরূপ গণ্ডযোগে দিবসে কোন বালকের জন্ম হয়, তবে সেই বালকের পিতার মৃত্যু হয় কিন্তু এইরূপ গণ্ড যোগ যদি দিবসে না হইয়া রাত্রি কালে হয় তবে বালকের পিতার মৃত্যু হইবে না।

সন্ধ্যা রাত্রি কিম্বা দিবসের মধ্যে যদি গণ্ডযোগে বালকের জন্ম হয় তবে ঐ গণ্ডযোগ প্রসূত বালককে পরিত্যাগ করা বিধেয়। যে বালক গণ্ডযোগে জন্ম গ্রহণ করে যত দিন ছয় মাস কাল অতীত না হয় তত দিন তাহার পিতা ঐ বালককে দেখিবে না।

যদি কোন বালক গণ্ডযোগে জন্ম গ্রহণ করে, তাহার নিম্ন লিখিত রূপ প্রতীকার করিলে গণ্ড দোষ বিনাশ হয়। যথা—

কুঙ্কুম, চন্দন, কুড় ও গোরোচনা ঘৃতের সহিত মিশ্রিত করিয়া চারটি কলসে রাখিবে এবং সহস্রাক্ষ মন্ত্র পাঠ করিয়া ঐ সকল দ্রব্যে বালককে স্নান করাইবে। যদি দিবসে বালকের জন্ম হয় তবে তাহার পিতার সহিত পূর্ব্বোক্তরূপে স্নান করাইবে, যদি রাত্রিতে জন্ম হয় তবে মাতার সহিত স্নান করাইবে। উভয় সন্ধ্যার কোন এক সন্ধ্যা সময়ে বালকের জন্ম হইলে পিতা মাতার সহিত বালককে স্নান করাইবে। পরে গণ্ডদোষ শান্তির নিমিত্ত ঘৃতপূর্ণ কাংস্য পাত্র ধেনু ও হিরণ্য দান করিবে এবং গ্রহদিগের পূজা করিবে।

মূলানক্ষত্রের প্রথম পাদে জন্ম হইলে বালকের পিতার মৃত্যু হয়, দ্বিতীয় পাদে জন্ম হইলে বালকের পিতা মাতার নিয়ত পীড়া হয়, তৃতীয় পাদে জন্ম হইলে ধন নাশ এবং চতুর্থ পাদে জন্ম হইলে ধন ও সম্পদ হানি হয়। অশ্লেষা নক্ষত্রে জন্ম হইলে ইহার বিপরীত ফল হইয়া থাকে। অর্থাৎ অশ্লেষা নক্ষত্রের প্রথম পাদে জন্ম হইলে ধন সম্পদের হানি এবং দ্বিতীয় পাদে জন্ম হইলে ধন নাশ। তৃতীয় পাদে জন্ম হইলে বালকের পিতা মাতার নিয়ত পীড়া এবং চতুর্থ পাদে জন্ম হইলে বালকের পিতার মৃত্যু ঘটে।

কেহ বলেন,—গোশৃঙ্গের মৃত্তিকা, হস্তিদন্তের মৃত্তিকা, তীর্থজল এবং পঞ্চগব্য একত্র করিয়া পিতা মাতা এবং বালককে স্নান করাইলে এই দোষ বিনষ্ট হইয়া থাকে।

রাজমার্ত্তণ্ডকার বলেন যে, গণ্ডযোগের প্রথমে কিম্বা শেষ ভাগে যদি কোন বালক বালিকার বিবাহ হয়, তাহা হইলে কন্যা বিধবা হয়। আর এই যোগে জন্ম হইলে বালক জীবিত থাকে না এবং ঐ বালক পিতা মাতার বিনাশকর হয়।

দিবাভাগে গণ্ডযোগে কন্যার জন্ম এবং রাত্রিতে গণ্ডযোগে পুরুষের জন্ম হইলে এই উভয়ের গণ্ডদোষ হয় না। যেরূপ পর্ব্বত দ্বারা পর্ব্বত বিনষ্ট হয়, সেইরূপ উক্ত প্রকার জন্মহেতু গণ্ডদোষ বিনষ্ট হইয়া থাকে।

রাজমার্ত্তণ্ডকার বলেন।—কেহ কেহ বলেন যে গণ্ডযোগে বালকের জন্ম হইলে তাহার দর্শন শুভদায়ক নহে, কেহ কেহ বলেন যে গণ্ডযোগের দান এবং হোম প্রভৃতি করিয়া বালকের দর্শনে অশুভ হয় না।

কোষ্ঠীসারাবলীর মতে,—অশ্বিনী তিনদণ্ড, মঘা নক্ষত্রের চারদণ্ড, মূলা নক্ষত্রের নয়দণ্ড, রেবতী নক্ষত্রের দুইদণ্ড, জ্যেষ্ঠা নক্ষত্রের এগার দণ্ড, অশ্লেষা নক্ষত্রের আটদণ্ড গণ্ডনামে বিখ্যাত।

অশ্বিনী মঘা ও মূলা নক্ষত্রের পূর্ব্বার্দ্ধভাগে বালকের জন্ম হইলে তাহার পিতার পীড়া হয়, রেবতী, অশ্লেষা ও জ্যেষ্ঠা নক্ষত্রের শেষার্দ্ধভাগে বালকের জন্ম

হয় তবে বালকের পিতার মৃত্যু হয় আর রাত্রিভাগে গণ্ডযোগে জন্ম হয় তবে বালকের মাতার মৃত্যু হয়। উভয় সন্ধ্যাগণ্ডের কোন এক গণ্ডযোগে বালকের জন্ম হইলে বালকের মৃত্যু হয়। বালক এই গণ্ডযোগ কখন নিরাপদে অতিক্রম করিতে পারে না।

রাজমার্ত্তণ্ড কার বলেন।

প্রতিপদ্, অমাবস্যা, ষষ্ঠী, নবমী ও দ্বাদশী ইহারা গণ্ডতিথি, ইহার কোন এক তিথিতে ইন্দ্রতুল্য কোন বালকের জন্ম হইলে, সেই বালক জীবিত থাকিবে না।

যদি রেবতী নক্ষত্রের গণ্ড সময়ে কোন বালকের জন্ম হয় তবে দুই বর্ষ ছয় মাস পর্য্যন্ত গণ্ডরিষ্ট থাকিবে। অশ্বিনী নক্ষত্রের গণ্ড সময়ে জন্ম হইলে দশমাস, জ্যেষ্ঠা নক্ষত্রের গণ্ড সময়ে জন্ম হইলে ছয় মাস, মূলা নক্ষত্রের গণ্ড সময়ে জন্ম হইলে ছয় বর্ষ, মঘা নক্ষত্রের গণ্ড সময়ে জন্ম হইলে চার বর্ষ এবং অশ্লেষা নক্ষত্রের গণ্ড সময়ে জন্ম হইলে এক বর্ষ পর্য্যন্ত রিষ্ট কাল থাকিবে। গণ্ডযোগ জনিত যে যে সকল ফল কথিত হইয়াছে সেই সমস্ত ইহার মধ্যে ঘটিবে।

মুহূর্ত্তচিন্তামণি মতে মূলা নক্ষত্রে জাত বালকের বিশেষ ফল কথিত হইতেছে। নারদ বলেন যে, জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ চার দণ্ড আর মূলা নক্ষত্রের প্রথম চার দণ্ড এই কয় দণ্ড অভুক্তমূল। বশিষ্ঠ কহেন যে, জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ এক দণ্ড, মূলা নক্ষত্রের প্রথম দুই দণ্ড অভুক্তমূল, বৃহস্পতি বলেন যে জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ এক দণ্ড আর মূলা নক্ষত্রের প্রথম এক দণ্ড অভুক্তমূল। মহর্ষি নারদ বিশেষ করিয়া কহিয়াছেন যে জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ ও ইহার অগ্রবর্ত্তী মূলা নক্ষত্রের প্রথমভাগ, এই উভয় অন্তরালবর্ত্তী নক্ষত্রের প্রহর পরিমিত কাল এবং অশ্লেষা নক্ষত্রের শেষ ও ইহার অগ্রবর্ত্তী মঘা নক্ষত্রের প্রথম এই উভয় নক্ষত্রের অন্তরালবর্ত্তী প্রহর পরিমিত কাল আর রেবতী নক্ষত্রের শেষ ও অশ্বিনী নক্ষত্রের প্রথম এই উভয় নক্ষত্রের অন্তরালবর্ত্তী প্রহর পরিমিত কাল অভুক্তমূল বলিয়া বিখ্যাত। এই অভুক্তমূল মধ্যে যদি কোন বালক বালিকার জন্ম হয় তবে তাহাকে পরিত্যাগ করিবে।

বশিষ্ঠ বলেন যে, জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ একদণ্ড ও মূলা নক্ষত্রের প্রথম দুই দণ্ড অভুক্তমূল; ইহার মধ্যে কোন বালক বালিকার জন্ম হইলে তাহাকে পরিত্যাগ করিবে।

বৃহস্পতি কহেন যে, জ্যেষ্ঠা নক্ষত্রের শেষ অর্দ্ধ দণ্ড ও মূলা নক্ষত্রের প্রথম অর্দ্ধ দণ্ড অভুক্তমূল নামে প্রসিদ্ধ; ইহাতে কোন বালক বালিকা উৎপন্ন হইলে তাহাকে পরিত্যাগ করিবে।

অভুক্তমূল জাতবালক বালিকার পরিত্যাগে অশক্ত হইলে, মহর্ষি নারদ ইহার সবিশেষ বিধি করিয়াছেন যথা।—পিতা ঐ সময়ে জাতবালকের আট বর্ষ কাল পর্য্যন্ত মুখাবলোকন করিবে না।

অথ মাতৃরিষ্টং পঞ্চস্বরায়াং।

শিশুরিষ্টং কৃতংপূর্ব্বং মাতৃরিষ্টমথোচ্যতে।
দিবাশুক্রো যথামাতা নিশি মাতাচ চন্দ্রমাঃ॥
প্রসবেচ দিবাভাগে শুক্রেবা পাপসংযুতে।
অথবা পাপদৃষ্টেচ মাতাচ ম্রিয়তেধ্রুবং॥
পাপগৃহস্থিতেশুক্রে পাপেবা পাপগেহগে।
শুভগ্রহান পশ্যন্তি মাতাচ ম্রিয়তে ধ্রুবং॥
প্রসবে রাত্রিসময়ে চন্দ্রঃপাপগৃহেস্থিতঃ।
মাতাচ ম্রিয়তেতত্র যদিপাপৈঃ সমন্বিতঃ॥
অথবা ক্ষীণ চন্দ্রঞ্চ পাপাঃপশ্যন্তি সর্ব্বদা।
শুভগ্রহা ন পশ্যন্তি মাতাচ ম্রিয়তেধ্রুবং॥

নিধনারিগতশ্চন্দ্রো ভৌমোবা সপ্তমেযদি।
তদামাতু র্ব্বিনাশঃ স্যাদ্যদি পাপৈঃ সমন্বিতঃ ॥
চন্দ্রাষ্টম গতভৌমে শক্রস্থে শক্রবীক্ষিতে।
মাতুস্তস্য ভবেদ্ধানিঃ পিতাচাসীদ্বিদেশেগঃ ॥
লগ্নাচ্চতুর্থগঃ পাপো যদিস্যাদ্বলবত্তরঃ।
নূনং মাতৃবধং কুর্য্যাচ্চন্দ্রাচ্চৈব বিশেষতঃ ॥
শনিমঙ্গলয়োর্মধ্যে যদি তিষ্ঠতিচন্দ্রমাঃ।
তদামাতৃ বধোজ্ঞেয়ো ভৌমার্কৌ সংযুতৌযদি ॥
চন্দ্রঃপাপ সমাযুক্তো লগ্নাৎ কেন্দ্রগতোযদি।
তদামাতৃ বধোজ্ঞেয়ঃ সপ্তাহান্নাত্রসংশয়ঃ ॥

জ্যোতিষতত্বে।

লগ্নাচ্চতুর্থগঃ পাপো যদিস্যাদ্বলবত্তরঃ।
তদামাতৃ বধংকুর্য্যাত্তৎকেন্দ্রে চাপরোযদি ॥
কেন্দ্রত্রিকোণগঃ পাপো মাতৃহা সপ্তবাসরাৎ।
সপাপাৎ ভার্গবাৎপাপো হিবুকে মাতৃনাশকৃৎ ॥
চন্দ্রমা যদিপাপেন ত্রয়েণৈবেহ বীক্ষিতঃ।
মাতৃনাশো ভবেত্তস্য ষষ্ঠঃপাপো ভবেদযদি ॥

জ্যোতিঃসারে।

ষষ্ঠেচ দ্বাদশেরাশৌ যদাপাপ গ্রহোভবেৎ।
তদা মাতৃভয়ং বিদ্যাচ্চতুর্থে দশমেপিতুঃ ॥
উচ্চেবা যদিবানীচে সপ্তমস্থো দিবাকরঃ।
তদাজাতো নিহন্ত্যাশু মাতরং নাত্রসংশয়ঃ ॥

ইতি মাতৃরিষ্টং।

অথ পিতৃরিষ্টং পঞ্চস্বরায়াং।

দিবসে চ পিতা সূর্য্যো রাত্রৌশনৈশ্চরঃ পিতা।
পিতুর্ভ্রাতা রবীরাত্রৌ দিবসে চশনৈশ্চরঃ ॥
নিশিচন্দ্রো ভবেন্মাতা সূর্য্যোমাতৃস্বসামতা।
নিধনারি গতঃসূর্য্যঃ সৌরিভৌমেক্ষিতোযদি ॥
শুক্রগুর্ব্বোর্নচালোকী সপিতা ম্রিয়তেশিশুঃ।
অষ্টমস্থো যদাচন্দ্রো ভৃগুরাহূ দ্বিতীয়গৌ।
সৌরি ভৌমৌ স্থিতৌমিত্রে পিতৃহাসপ্তবাসরাৎ ॥
লগ্নাষ্টমগতেভৌমে দ্বাদশে পাপদ্বিত্রয়ে।
পিতৃঘাতী ভবেন্নিত্যং শুভৈর্যদিনদৃশ্যতে ॥
অষ্টমস্থো যদা ভানুলগ্নে বা রাহুসংযুক্তঃ।
পিতাবা ম্রিয়তেতস্য স্বয়ম্বা ম্রিয়তেশিশুঃ ॥

সোমসিদ্ধান্তে।

ভৌমোবা নিধনেচন্দ্রঃ পাপযুক্তো ভবেদযদি।
পিতৃঘাতী পরোক্ষেচ মাতাচ ম্রিয়তেধ্রুবং ॥
রন্ধ্রেৰ্কে সপ্তমেভৌমে নিধনস্থেচ সূর্য্যজে।
পিতৃমৃত্যুঃ স্বদেশেচ শুভৈর্যদিনদৃশ্যতে ॥
সূর্য্যাচ্চ সপ্তমেরাশৌ সৌরিভৌমৌ যদিস্থিতৌ।
তদা পিতৃবধোজ্ঞেয়স্তয়োর্ম্মধ্যেহথবারবিঃ ॥
কুজেন সংযুতোভানুঃ সৌরিণা যদিবীক্ষিতঃ।
সৌরিণা সংযুতোবাপি কুজেন যদিবীক্ষিতঃ ॥
দশভিশ্চরবৌমীনে পঞ্চভিঃ সিংহগেরবৌ।
দ্বাভ্যাঞ্চৈব কুজেমেষে পিতৃহা সপ্তবাসরাৎ ॥
পঞ্চভি র্ভার্গবেদ্বন্দ্বে বহ্নিনা ম্রিয়তেশিশুঃ।
অষ্টাবিংশে মৃগেভৌমে পিতৃহা সপ্তবাসরাৎ ॥

জ্যোতিষতন্ত্রে।

কর্ম্মস্থানে স্থিতঃসৌরি রিপুস্থানে চ চন্দ্রমাঃ।
কুজেচ সপ্তমস্থানে ম্রিয়তে পিতৃসংজ্ঞিতঃ ॥
তমোহা যদিপাপেন ত্রয়েনৈবেহ বীক্ষিতঃ।
শুভৈরযুত দৃষ্টশ্চ পিতুরপ্যস্তমাদিশেৎ ॥

লগ্না চ্চতুর্থে রবিজোহথভৌমঃ
কর্ম্মস্থিতো মাতৃবিয়োগ দুঃখং।
দদাতি শীঘ্রং খলু সপ্তমেচ
তাতস্য মৃত্যুর্যদিলগ্নসংস্থঃ ॥

দিবাকরন্দোঃ স্মরগৌ কুজার্কজৌ
গদপ্রদৌ পুংগবয়োর্মিতোস্তথা ॥
ব্যয়স্থগৌ মৃত্যুকরৌ যুতৌ যদা
তথৈব দৃষ্টৌ মরণায় কল্পিতৌ ॥
যমবক্রৌদ্যুনের্কাৎ পুংসরোগ
প্রদৌ স্ত্রিয়াশ্চন্দ্রাৎ।
তন্মধ্যগয়োর্ম্মৃত্যুস্তথৈব দৃষ্টয়োশ্চাপি ॥

জ্যোতিঃসারে।

সপ্তমে ভবনে ভানোর্মধ্যস্থো ভূমিনন্দনঃ।
রাহুর্ব্যয়ে তথৈবাপি পিতা কষ্টেন জীবতি ॥

ইতি পিতৃরিষ্টং ॥

অথ ভ্রাতৃরিষ্টং ॥

জ্যোতিঃসারে ॥

ধনস্থানে যদা ভৌমং শনৈশ্চর সমন্বিতঃ।
সহজে চ ভবেদ্রাহুর্ভ্রাতা তস্য ন জীবতি ॥

অথ রিষ্ট ভঙ্গ যোগাঃ ॥

জ্যোতিষতত্ত্বে

একোপি কেন্দ্র ভবনে নব পঞ্চকেবা
ভাস্বন্ময়ূখবিমলী কৃত দিগ্বিভাগঃ।
নিঃশেষ দোষমপহৃত্য শুভঃ প্রসূতং
দীর্ঘায়ুষং বিগত রোগ ভয়ং করোতি ॥
সৌম্যগ্রহৈরতিবলৈর্ব্বিবলৈশ্চ পাপৈ
র্লগ্নক্ষ সৌম্য ভবনং শুভদৃষ্টিযুক্তং।
সর্ব্বাপদাবিরহিতো ভবতি প্রসূতঃ
পুণ্যাকরঃ খলু যথা দুরিতং গ্রহাণাং ॥
চন্দ্রঃ সম্পূর্ণতনুঃ সৌম্যর্ক্ষগতঃ স্থিতঃশুভস্যাংশে।
প্রকরোতি রিষ্ট ভঙ্গং বিশেষতঃ শুক্রসংদৃষ্টঃ ॥
সৌম্যদ্বয়ান্তরগতঃ সম্পূর্ণঃ স্নিগ্ধমণ্ডলঃশশভৃৎ।
নিঃশেষরিষ্ট হন্তা ভুজঙ্গ লোকস্য গরুড় ইব ॥
স্বোচ্চস্থেস্বগৃহেঽথবাস্বসুহৃদাং বর্গেপি সৌম্যেপিবা।
সম্পূর্ণঃ শুভবীক্ষিতঃ শশধরোবর্গে স্বকীয়েপি বা।
শত্রুণামবলোকনেন রহিতঃ পাপৈরযুক্তে ক্ষিতো।
রিষ্টং হন্তি মুহুস্তরং দিনপতিঃ প্রাণেয় রাশিং যথা।
শুক্র পঞ্চ সহস্রাণি বুধঃ পঞ্চ শতানি চ।
লক্ষণমেকন্তুদোষাণাং হন্ত্যাচ্চেবোদিতে গুরুঃ ॥
সপ্তাষ্টষষ্ঠাঃ শশিনঃ সৌম্যা হরন্তি কষ্ট ফলং।
পাপৈরমিশ্রচারাঃ কল্যাণম্বৃতং যথোন্মাদং ॥

মাণ্ডব্যঃ।

পক্ষেসিতে ভবতি জন্ম যদিক্ষপায়াং
কৃষ্ণেতথাহনি শুভাশুভদৃষ্টমূর্ত্তিঃ।
তং চন্দ্রমা রিপুবিনাশগতোপি যত্না-
দাপৎ সুরক্ষতি পিতেব শিশুং নহন্তি ॥

তুলাকোদণ্ড মীনস্থো লগ্নস্থশ্চ শনির্যদা।
সর্ব্বাং রিষ্টং নিহন্ত্যাশুশেষেজাতো ভবেদ্ধ্যসুঃ ॥
রাহুস্ত্রিষষ্ঠ লাভেলগ্নাৎ সৌম্যৈর্নিরীক্ষিতঃ সদ্যঃ।
নাশয়তি সর্ব্বরিষ্টং মারুতইবতুলসংঘাতং ॥
মন্দেনসহিতো রাহুঃ সিংহলগ্নে যদা ভবেৎ।
তদা জাতোভবেদ্ভূপঃ শিশুরিষ্টস্য কাকথা ॥
অজবৃষভকর্কিবিলগ্নে বক্ষতিরাহুঃ সমস্তরিষ্টেভ্যঃ
পৃথ্বীপতি প্রসন্নঃ কৃতাপরাধং যথাপুরুষং ॥
কর্কটস্থো যদা জীবঃ সপ্তমো যদি ভার্গবঃ।
বুধে চ লগ্নসংপ্রাপ্তে শতং জীবতি বালকঃ ॥

পঞ্চস্বরায়াং।

আত্মগেহে স্থিতে শুক্রে পাপৈবা পাপক্ষেত্রগে।
শুভগ্রহাঃ প্রপশ্যন্তি রিষ্টভঙ্গস্তদা ভবেৎ ॥

অষ্টোৎপন্নমৃতারিষ্টভঙ্গযোগঃ।

সর্ব্বানিমানতিবলঃ স্ফুরদংশুজালো
লগ্নস্থিতঃ প্রশময়েৎ সুররাজমন্ত্রী।
একো বহূনি দুরিতানি সুদুস্তরাণি
ভক্ত্যা প্রযুক্ত ইব শূলধরপ্রণামঃ॥
লগ্নাধিপোঽতিবলবান শুভৈরদৃষ্টঃ
কেন্দ্রস্থিতৈঃ শুভফলৈরবলোক্যমানঃ।
মৃত্যুং বিধুয় বিদধাতি সুদীর্ঘমায়ুঃ
সার্দ্ধং গুণৈর্ব্বহুভিরূর্জ্জিতয়াচ লক্ষ্ম্যা॥

লগ্নাদষ্টমবর্ত্ত্যপি গুরুবুধশুক্রদ্রেক্কাণগশ্চন্দ্রঃ।
মৃত্যুপ্রাপ্তমপিস্থতং পরিরক্ষত্যেষনির্ব্ব্যাজং॥
বুধভার্গব জীবানামেকতমঃ কেন্দ্রমাগতোবলবান্।
যদ্যপি ক্রূর সহায়ঃ সদ্যোরিষ্টস্য ভঙ্গায়॥
রিপুভবনগতোঽপিশশী গুরুসিতচন্দ্রাত্মজ দৃকাণস্থঃ।
গরুড়ইব ভোগিদষ্টং পরিরক্ষত্যেষ নির্ব্ব্যাজং॥
শশভৃতি পূর্ণ শরীরে শুক্লে কৃষ্ণে নিশাভবে দিবসে।
রিপুনিধনস্থেরিষ্টং প্রভবতি নৈবাত্র জাতস্য॥
প্রস্ফুরিত কিরণজালেস্ত্রিধামলমণ্ডলে বিলোকয়তি।
সুরমন্ত্রিণিকেন্দ্রগতে সর্ব্বারিষ্টং সমংযাতি॥
সৌম্যভবনোপযাতাঃ সৌম্যাংশক সৌম্যদ্রেক্কাণাঃ।
গুরুচন্দ্রকাব্যশশিজাঃ সর্ব্বে রিষ্টস্যহন্তারঃ॥
চন্দ্রধ্যাসিতরাশেরধিপকেন্দ্রে শুভগ্রহৈর্ব্বাপি।
প্রশময়তি রিষ্টযোগং পাপানি যথা হরিস্মরণং॥
পাপাযদি শুভবর্গেসৌম্যৈর্দৃষ্টাঃ শুভাংশবর্গস্থৈঃ।
নিঘ্নন্তি তদারিষ্টং পতিং বিরক্তা যথা যুবতী॥
শীর্ষোদয়েষু রাশিষু সর্ব্বে গগণাধিবাসিনঃ সূর্ত্তৌ।
প্রকৃতিস্থকারিষ্টং প্রলীয়তে ঘৃতমিবাগ্নিস্থং॥
তৎকালে যদি বিজয়ী শুভগ্রহঃ শুভনিরীক্ষিতোবশ্যং
নাশয়তি সর্ব্বরিষ্টং মারুত ইব পাদপান্প্রবলঃ॥

সর্ব্বৈর্গগণভ্রমণৈর্দৃষ্টশ্চন্দ্রো বিনাশয়তি রিষ্টং।
আপূর্য্যমাণ মূর্ত্তি যথা নৃপঃ খল্বয়েদ্দিষ্টং॥

সারাবল্যাং।

যোচ্চে স্বজীব ভবনে ক্ষিতিপালতুল্যো
লগ্নেঽর্কজে ভবতি দেশ পুরাধিনাথঃ।
শেষেষু দুঃখগদপীড়িত এব বাল্যে
দারিদ্রকাম বশগো মলিনোঽলসশ্চ॥

রাজমার্ত্তণ্ডে॥

তুঙ্গাঙ্গিরো গেহগতে বিলগ্নে
ভবেন্নরেন্দ্রপ্রতিমঃ প্রসূতঃ।
মার্ত্তণ্ডজো মাণ্ডলিকেঽথবাস্বে
অন্যত্র লগ্নোপগতে গতায়ুঃ॥

চন্দ্ররিষ্ট ভঙ্গস্তু।

বুধ বিবুধাসুরসচিব দ্রেক্কাণ দ্বাদশাংশে শশিনি।
ভবতি চিরায়ুর্জাতঃ সংপ্রাপ্তানেক রিষ্টোঽপি॥
চন্দ্রঃ শুভবর্গস্থঃ ক্ষীণোঽপি হরতি রিষ্টং।
জলমিব মহাতিসারং জাতীফল বল্কল কথিতং॥
লগ্নেশ্বরস্য চন্দ্রঃ ষট্ত্রিদশায় হিবুকেষু শুভদৃষ্টঃ।
ক্ষপয়তি সমস্তরিষ্টান্যনুজাতো নিরূপরোধ ইব॥
একো জন্মাধিপতিঃ পরিপূর্ণবলঃ শুভগ্রহৈর্দৃষ্টঃ।
হন্তি নিশাকররিষ্টং ব্যাধ ইব মৃগং বনে মত্তং॥

পঞ্চস্বরামতে মাতৃরিষ্ট।

দিবসে প্রসব হইলে শুক্র গ্রহ বালকের মাতা আর রাত্রিকালে প্রসব হইলে চন্দ্রমা মাতা হইয়া থাকে।

যদি দিবাভাগে বালকের জন্ম হয় আর শুক্র গ্রহ পাপ গ্রহের সহিত মিলিত থাকে অথবা পাপ গ্রহ কর্তৃক দৃষ্ট হয়, তবে নিশ্চয় বালকের মাতার মৃত্যু হয়।

যদি শুক্র পাপ গ্রহের সহিত স্থিতি করে আর পাপগ্রহ পাপগ্রহের গৃহে থাকে এবং শুভ গ্রহের দৃষ্টি না থাকে তবে নিশ্চয় বালকের মাতার মৃত্যু হয়।

যদি রাত্রি সময়ে বালকের জন্ম হয় আর চন্দ্র পাপ গ্রহের গৃহে থাকিয়া অনেক পাপ গ্রহের সহিত মিলিত হয় তবে বালকের মাতার মৃত্যু হয়।

যদি পাপ গ্রহগণ সর্ব্বদা ক্ষীণ চন্দ্রকে দৃষ্টি করে আর শুভ গ্রহের দৃষ্টি না থাকে তবে নিশ্চয় বালকের মৃত্যু হয়।

জাতবালকের জন্ম লগ্নের অষ্টম কিম্বা ষষ্ঠ স্থানে চন্দ্র আর সপ্তম স্থানে মঙ্গল যদি অনেক পাপ গ্রহের সহিত মিলিত থাকে তবে বালকের মাতার বিনাশ হয়।

চন্দ্রের অষ্টম স্থানে মঙ্গল থাকে আর মঙ্গলের শত্রু গ্রহ যদি মঙ্গলকে দৃষ্টিকরে এবং ঐস্থান যদি জাতবালকের জন্ম লগ্নের ষষ্ঠ স্থান হয়, তবে বালকের মাতার মৃত্যু হয় এবং তাহার পিতাও বিদেশগত ছিল জানায়।

জন্ম লগ্নের চতুর্থ স্থানে যদি বলবান্ পাপগ্রহ থাকে তবে ঐ পাপগ্রহ নিশ্চয় বালকের মাতাকে বিনাশ করিবে। ইহাতে বিশেষ এই যে, চন্দ্ররাশি হইতে চতুর্থ স্থানে বলবান্ পাপগ্রহ থাকিলেও বালকের মাতার মৃত্যু হইবে।

বালকের জন্মকালে চন্দ্রমা যদি শনি ও মঙ্গলের মধ্যবর্ত্তী হয় তবে বালকের মাতার বিনাশ হয় অথবা মঙ্গল ও সূর্য্যের সহিত মিলিত হয় তাহা হইলেও বালকের মাতার মৃত্যু হয়।

জন্মলগ্নে কিম্বা তাহার চতুর্থ, সপ্তম ও দশম স্থানে যদি পাপ গ্রহের সহিত মিলিত হইয়া চন্দ্র থাকে তবে সপ্তাহে বালকের মাতার মৃত্যু হয় তাহাতে সংশয় নাই।

জ্যোতিষতত্ত্বে।

জন্ম লগ্নের চতুর্থ স্থানে বলবান্ পাপগ্রহ থাকিলে জাতবালকের মাতার মৃত্যু হয়। অথবা ঐ স্থলে কিম্বা ঐস্থানের চতুর্থ, সপ্তম ও দশম স্থানে অপর কোন পাপ গ্রহ থাকিলেও জাতবালকের মাতার বিনাশ হয়।

জাতবালকের লগ্নে কিম্বা তাহার চতুর্থ, সপ্তম, দশম ও নবম কিম্বা পঞ্চম স্থানে পাপগ্রহ থাকিলে সপ্তাহে তাহার মাতার মৃত্যু হয়। অথবা পাপ গ্রহের সহিত মিলিত শুক্র গ্রহের চতুর্থ স্থানে পাপগ্রহ থাকিলে বালকের মাতার বিনাশ হয়।

যদি চন্দ্রমা তিনটি পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হয় আর জন্ম লগ্নের ষষ্ঠ স্থানে পাপগ্রহ থাকে তবে বালকের মাতার মৃত্যু হয়।

জ্যোতিঃসারে।

জাত বালকের লগ্নের ষষ্ঠ ও দ্বাদশ স্থানে পাপগ্রহ থাকিলে বালকের মাতার মৃত্যু হয়। যদি লগ্নের চতুর্থ ও দশম স্থানে পাপগ্রহ থাকে তবে বালকের পিতার মৃত্যু হয়।

জাত বালকের লগ্নের সপ্তম স্থানে সূর্য্য থাকে এবং ঐ স্থান সূর্য্যের উচ্চস্থান মেষ রাশি অথবা নীচ স্থান তুলা রাশির কোন এক স্থান হয়, তবে জাতবালকের মাতার শীঘ্র মৃত্যু হয় ইহাতে সংশয় নাই।

পঞ্চস্বরা মতে পিতৃরিষ্ট।

দিবসে প্রসব হইলে সূর্য্য বালকের পিতা আর রাত্রিকালে প্রসব হইলে শনিগ্রহ পিতা হইয়াথাকে। এবং দিবা প্রসবে শনি পিতার ভ্রাতা আর রাত্রি কালে প্রসবে রবি পিতার ভ্রাতা হইয়া থাকে॥

রাত্রিভাগে প্রসব হইলে, চন্দ্র বালকের মাতা ও সূর্য্য মাতৃ-ভগিনী হইয়া থাকে।

জন্মলগ্নের ষষ্ঠ ও অষ্টম স্থানে রবি থাকিয়া যদি শনি ও মঙ্গল কর্তৃক দৃষ্ট হয় আর বৃহস্পতি ও শুক্রের দৃষ্টি না থাকে তবে জাতবালকের পিতার সহিত মৃত্যু হয়।

জাতবালকের লগ্নের অষ্টম স্থানে চন্দ্র, দ্বিতীয় স্থানে শুক্র ও রাহু এবং শনি ও মঙ্গল মিত্র ক্ষেত্র থাকিলে সপ্তাহে পিতার মৃত্যু হয়।

জন্মলগ্নের অষ্টম স্থানে মঙ্গল আর দ্বাদশ স্থানে দুই কিম্বা তিনটি পাপগ্রহ থাকে এবং শুভগ্রহের দৃষ্টি হীন হয় তবে বালক নিয়ত পিতৃ ঘাতক হইয়া থাকে।

যদি সূর্য্য জাতবালকের লগ্নের অষ্টম স্থানে অথবা রাহুর সহিত মিলিত হইয়া জন্মলগ্নে থাকে, তবে বালকের পিতার কিম্বা স্বয়ং বালকের মৃত্যু হয়।

সোমসিদ্ধান্তে।

মঙ্গল কিম্বা চন্দ্র পাপগ্রহের সহিত মিলিত হইয়া জন্মলগ্নের অষ্টম স্থানে থাকিলে নিশ্চয় বালকের মাতার মৃত্যু হয় এবং ঐ বালক পরোক্ষে পিতৃঘাতী হইয়াথাকে।

জাত বালকের লগ্নের সপ্তম স্থানে মঙ্গল, অষ্টম স্থানে শনি ও রবি থাকে এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হয়, তাহা হইলে স্বদেশে বালকের পিতার মৃত্যু হয়।

বালকের জন্মকালে যে রাশিতে সূর্য্য থাকিবে তাহার সপ্তম স্থানে শনি ও মঙ্গল থাকে কিম্বা শনি ও মঙ্গলের মধ্যে রবি থাকে তবে বালকের পিতার মৃত্যু হয়।

বালকের জন্মকালে সূর্য্য মঙ্গলের সহিত মিলিত হইয়া শনি কর্ত্তৃক দৃষ্ট হয় কিম্বা শনির সহিত মিলিত হইয়া মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বালকের পিতার মৃত্যু হয়।

রবি মীন রাশিতে দশ অংশে অথবা সিংহ রাশিতে পঞ্চমাংশে, মঙ্গল মেষ রাশিতে দুই অংশে থাকিলে সাত দিবসে জাত বালকের পিতার মৃত্যু হয়।

শুক্র মিথুন রাশিতে পাঁচ অংশে থাকিলে অনলে বালকের মৃত্যু হয়।

মঙ্গল আটাশ অংশে মকর রাশিতে থাকিলে সাত-দিবসে বালকের পিতার মৃত্যু হয়।

জ্যোতিস্তত্ত্বে।

জাতবালকের লগ্নের দশম স্থানে শনি, ষষ্ঠ স্থানে চন্দ্র এবং সপ্তম স্থানে মঙ্গল থাকিলে বালকের পিতার মৃত্যু হয়।

বালকের জন্মকালে যদি চন্দ্র শুভগ্রহ কর্ত্তৃক অদৃষ্ট কিম্বা অযুক্ত হইয়া তিনটি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে বালকের পিতার মৃত্যু হয়।

জন্মলগ্নের চতুর্থ স্থানে শনি দশম স্থানে অথবা সপ্তম স্থানে মঙ্গল থাকিলে বালকের মাতৃবিয়োগ দুঃখ উপস্থিত হয়। যদি মঙ্গল দশম কিম্বা সপ্তম স্থানে না থাকিয়া লগ্নে থাকে তাহা হইলে বালকের পিতার মৃত্যু হয়।

জন্ম কালে যে রাশিতে রবি এবং চন্দ্র অবস্থিতি করিবে ঐ রবি হইতে সপ্তম রাশিতে যদি মঙ্গল স্থিতি করে আর চন্দ্র হইতে সপ্তম রাশিতে শনি অবস্থিতি করে তাহা হইলে বালকের পিতা এবং মাতা উভয়ের পীড়া হয়। আর যদি রবি ও চন্দ্রের স্থিতি হইতে দ্বাদশ এবং দ্বিতীয় রাশিতে অথবা উহাদিগের সহিত শনি ও মঙ্গল এক রাশিতে অবস্থিতি করে এবং ঐ শনি মঙ্গল, রবি চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে তাহার পিতা মাতার মৃত্যু হয়।

জন্ম কালে যে রাশিতে রবি স্থিত থাকিবে তাহা হইতে সপ্তম রাশিতে যদি শনি মঙ্গল অবস্থিতি করে তাহা হইলে জাতবালকের পিতার পীড়া হয়। আর চন্দ্র হইতে সপ্তম রাশিতে যদি শনি মঙ্গল অবস্থিতি করে তাহা হইলে মাতার পীড়া হয়, এবং শনি ও মঙ্গলের মধ্যে যদি রবি থাকে তবে পিতার মৃত্যু হয় এবং চন্দ্র যদি উহার দিগের মধ্যবর্ত্তী হয় তাহা হইলে মাতার মৃত্যু হয়। আর শনি মঙ্গল কর্ত্তৃক রবি ঈক্ষিত হইলেও পিতার মৃত্যু ও চন্দ্র ঈক্ষিত হইলে মাতার মৃত্যু হয়।

জ্যোতিঃসারে।

জন্ম কালে যে রাশিতে রবি স্থিত থাকিবে যদি তাহা হইতে সপ্তম রাশিতে মঙ্গল অবস্থিতি করে এবং ঐ মঙ্গল অবস্থিত রাশি লগ্নাপেক্ষা দশম গৃহ হয় এবং রাহু

ব্যয়স্থানে থাকে তাহা হইলে জাতবালকের পিতার কষ্টে জীবন রক্ষা হয়। ইতি পিতৃরিষ্ট।

ভ্রাতৃরিষ্ট।

যদি লগ্নাপেক্ষা দ্বিতীয় স্থানে শনির সহিত মঙ্গল অবস্থিতি করে এবং তৃতীয় স্থানে রাহু থাকে তাহা হইলে জাত বালকের ভ্রাতা কালগ্রাসে পতিত হয়।

জ্যোতিষতত্ত্বে।

রিষ্টভঙ্গ।

কেন্দ্রে কিম্বা নবম বা পঞ্চম স্থানে যদি কোন এক শুভ গ্রহ থাকে এবং সেই গ্রহ যদি উদিতাবস্থায় থাকে তবে জাতবালকের সমস্ত দোষ নষ্ট করিয়া তাহাকে পীড়া রহিত এবং দীর্ঘায়ু করে।

বালকের জন্ম সময়ে শুভ গ্রহগণ যদি বিশিষ্ট বলবান্ হয় এবং পাপগ্রহগণ দুর্ব্বল হয় এবং লগ্ন যদি শুভ গ্রহের ক্ষেত্র হইয়া শুভগ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে বালক সমস্ত বিপদ হইতে উত্তীর্ণ হয়।

জন্ম কালে পূর্ণচন্দ্র যদি শুভগ্রহের ক্ষেত্রে থাকিয়া শুভগ্রহের নবাংশে অবস্থিতি করে তাহা হইলে রিষ্টভঙ্গ হয়; বিশেষ যদি তৎকালে শুক্র কর্ত্তৃক চন্দ্র ঈক্ষিত হয় তবে কোন মতেই রিষ্ট দোষ থাকে না।

পূর্ণ চন্দ্র যদি শুভ গ্রহের মধ্যবর্ত্তী হয় তবে সর্ব্ব প্রকার রিষ্টদোষ বিনাশ করে, যেরূপ গরুড় সর্প কুল ধ্বংশ করে তাহার ন্যায় দোষ নষ্ট হয়।

যদি জন্ম কালে পূর্ণ চন্দ্র শুভ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হইয়া স্বীয় উচ্চে কিম্বা কর্কটে অথবা মিত্র গ্রহের কি শুভ গ্রহের ষড়বর্গে অথবা আপনার ষড়বর্গে অবস্থিতি করে এবং তৎকালিক শত্রু গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হয় এবং পাপগ্রহের সহিত যুক্ত অথবা তৎকর্ত্তৃক ঈক্ষিত না হয় তাহা হইলে যেরূপ সূর্য্য হিমরাশি নষ্ট করে, তদ্রূপ ঐ পূর্ণ চন্দ্র অতি দুস্তর রিষ্টও নাশ করে;

যদি জন্ম লগ্নে শুক্র অবস্থিতি করে তাহা হইলে পাঁচ হাজার দোষ নষ্ট হয়, আর যদি ঐ স্থানে বুধ থাকে তবে পাঁচশত দোষ নষ্ট করে এবং বৃহস্পতি থাকিলে লক্ষ দোষ নষ্ট করে।

জন্ম কালে চন্দ্র যে রাশিতে অবস্থিতি করে ঐ রাশি হইতে সপ্তম অষ্টম ও ষষ্ঠ রাশিতে যদি শুভ গ্রহগণ পাপ গ্রহের সহিত যুক্ত না হইয়া অবস্থিতি করে তাহা হইলে সকল দোষকে নষ্ট করে। যেরূপ কল্যাণঘৃত উন্মাদ বায়ুকে নষ্ট করিয়া থাকে।

যদি শুক্লপক্ষে রাত্রিতে এবং কৃষ্ণপক্ষে দিবসে কোন বালকের জন্ম হয় এবং চন্দ্র শুভাশুভ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হইয়া লগ্নাপেক্ষা ষষ্ঠ কি অষ্টম রাশিতে অবস্থিতি করে তাহা হইলে ঐ চন্দ্র অতি যত্নে বালকের পিতার ন্যায় সমস্ত বিপদ হইতে বালককে রক্ষা করে।

তুলা ধনু মীন এই কয় রাশির মধ্যে কোন এক রাশি যদি বালকের জন্ম লগ্ন হয় এবং তাহাতে যদি শনি থাকে তবে সকল রিষ্ট দোষ নষ্ট করে, কিন্তু উক্ত তিন রাশি ভিন্ন যদি অন্য কোন রাশিতে বালকের জন্ম হয় এবং তাহাতে শনি থাকে তাহা হইলে বালকের মৃত্যু হয়।

যদি জন্ম লগ্ন হইতে তৃতীয় ষষ্ঠ একাদশ রাশিতে রাহু থাকে এবং ঐ রাহু শুভ গ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে তৎক্ষণাৎ সমস্ত রিষ্ট নষ্ট করে, যেরূপ প্রবল বায়ু দ্বারায় তুলা সমূহ দূরীকৃত হয়।

যদি জন্ম কালে শনির সহিত রাহু সিংহলগ্নে অবস্থিতি করে, তাহা হইলে জাতবালক রাজা হয়।

মেষ বৃষ কর্কট এই কয় রাশির কোন রাশিতে যদি রাহু অবস্থিতি করে তবে ঐ রাহু সমুদয় রিষ্ট হইতে বালককে রক্ষা করে; যেরূপ অপরাধি ব্যক্তিকে রাজা প্রসন্ন হইয়া রক্ষা করেন।

জন্ম কালে যদি বৃহস্পতি কেন্দ্র স্থানে থাকে এবং লগ্নাপেক্ষা সপ্তম রাশিতে শুক্র এবং লগ্নে বুধ থাকে তাহা হইলে বালক শতবর্ষ পর্য্যন্ত জীবিত থাকে।

বালকের জন্ম সময় যদি শুক্র বৃষ কিম্বা তুলা রাশিতে থাকে এবং পাপগ্রহ পাপ ক্ষেত্রে থাকে এবং উহারা শুভ গ্রহগণ কর্ত্তৃক ঈক্ষিত হয় তাহা হইলে রিষ্ট ভঙ্গ হয়।

 B.L.1400

দিবা সূর্য্যো নিশি শশী লগ্নস্থৈকাদশে স্থিতঃ।
কোটিদোষং নিহন্ত্যাশু গর্গস্য বচনং যথা ॥

যদি দিবসে বালকের জন্ম হয় এবং লগ্নের একাদশ স্থানে সূর্য্য থাকে আর রাত্রিতে বালকের জন্ম হয় এবং লগ্নাপেক্ষা একাদশ স্থানে চন্দ্র থাকে তাহা হইলে গর্গাচার্য্যের মতে কোটিদোষ নষ্ট হয়।

তৃতীয়ৈকাদশে চৈব নবমে পঞ্চমে ভৃগৌ।
সমসপ্তগতে জীবে জীবেদষ্টশতং নরঃ ॥

যদি লগ্ন হইতে তৃতীয় একাদশ নবম ও পঞ্চম রাশিতে শুক্র থাকে আর লগ্ন হইতে সপ্তম রাশি যদি সম রাশি হয় এবং উহাতে বৃহস্পতি থাকে তাহা হইলে জাত বালক এক শত অষ্ট বর্ষ জীবিত থাকে।

সর্বৈর্গগণভ্রমণৈর্দৃষ্টে লগ্নে ভবেন্মহীপালঃ।
বলিভিঃ সমস্তসৌখ্যো বিগতভয়ো দীর্ঘজীবী চ ॥

যদি লগ্নে সমস্ত শুভ গ্রহ এবং সকল পাপ গ্রহের দৃষ্টি থাকে আর ঐ সকল গ্রহ বলবান্ হয় তবে বালক সুখী এবং দীর্ঘায় ও নির্ভয় হইয়া রাজা হয়।

ভট্টোৎপলধৃত রিষ্টভঙ্গযোগ।

দেবমন্ত্রী বৃহস্পতি উদিত ও বলবান্ হইয়া বালকের জন্ম লগ্নে থাকিলে সমুদয় রিষ্ট যোগ বিনষ্ট হইয়া থাকে।

যদি জন্মকালে বালকের জন্ম লগ্নের অধিপতি গ্রহ বলবান হয় এবং উহাতে পাপগ্রহের দৃষ্টি না থাকে আর শুভফল দাতা কেন্দ্রবর্ত্তী গ্রহগণ যদি ঐ লগ্নাধিপতিকে দৃষ্টি করে তবে জাতবালকের মৃত্যু না হইয়া দীর্ঘ আয়ু হয়। ঐ বালক বহুতর গুণ এবং লক্ষ্মী লাভ করে।

জন্মকালে চন্দ্রমা, বুধ বৃহস্পতি ও শুক্রের দ্রেক্কাণে থাকিয়া যদি জন্ম লগ্নের অষ্টম স্থান গত হয়, তাহা হইলে ঐ চন্দ্র মৃত্যু-প্রাপ্ত বালককেও অবাধে রক্ষা করে।

বালকের জন্মকালে বুধ বৃহস্পতি ও শুক্র ইহাদের মধ্যে যদি কোন এক গ্রহ বলবান হইয়া কেন্দ্র স্থানে থাকে এবং পাপ গ্রহের সহিত মিলিত হয় তাহা হইলেও তৎক্ষণাৎ রিষ্ট ভঙ্গ করে।

যদি চন্দ্র, বুধ, বৃহস্পতি কিম্বা শুক্রের দ্রেক্কাণে থাকিয়া জাত বালকের লগ্নের ষষ্ঠ স্থানে স্থিতি করে তাহা হইলে যেরূপ গরুড় সর্প-দষ্ট ব্যক্তির রক্ষা বিধান করে তদ্রূপ উক্ত চন্দ্র অবাধে বালককে রক্ষা করিয়া থাকে।

যদি চন্দ্র পরিপূর্ণ থাকে আর শুক্ল পক্ষে দিবাভাগে এবং কৃষ্ণপক্ষে নিশাভাগে বালকের জন্ম হয় তাহা হইলে জাতবালকের ষষ্ঠ ও অষ্টম স্থানে চন্দ্র থাকিলে-যে রিষ্ট যোগ কথিত হইয়াছে, এরূপ যোগ জাত বালকের তাহা কদাচ ঘটনা হয় না।

সুরমন্ত্রী বৃহস্পতি উদিত থাকিয়া জাতবালকের লগ্নের কেন্দ্রগত হইলে সমস্ত রিষ্ট বিনাশ হইয়া থাকে।

বালকের জন্ম সময়ে বৃহস্পতি চন্দ্র শুক্র ও বুধ যদি শুভগ্রহের ক্ষেত্রে, নবাংশে কিম্বা দ্রেক্কাণে থাকে তাহা হইলে সমস্ত রিষ্ট নষ্ট হয়।

জন্মকালে যে রাশিতে চন্দ্র থাকে সেই রাশির অধিপতি গ্রহ কিম্বা শুভগ্রহগণ কেন্দ্রস্থানে থাকিলে শ্রীহরির স্মৃতিমাত্র যেরূপ পাপরাশি বিনষ্ট হয়, সেই-রূপ সমুদায় রিষ্ট যোগ নষ্ট হইয়া যায়।

বালকের জন্মকালে পাপগ্রহগণ যদি শুভগ্রহগণের ক্ষেত্রাদি ষড়্‌বর্গের কোন এক বর্গ মধ্যে থাকিয়া শুভগ্রহগণের নবাংশ বর্গস্থিত শুভগ্রহগণকর্ত্তৃক দৃষ্ট হয় তবে সমুদায় রিষ্ট নষ্ট হয়।

বালকের জন্ম সময়ে যদি সূর্য্যাদি গ্রহগণ শীর্ষোদয় রাশিতে অবস্থিতি করে তাহা হইলে যেরূপ অনলে ঘৃত বিলুপ্ত হয় সেই প্রকার সমস্ত রিষ্ট নষ্ট হয়।

প্রসব কালে যদি গ্রহ-যুদ্ধে বিজয়ী কোন শুভ গ্রহ, শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হয়; তবে যেরূপ প্রবল বায়ু বৃক্ষ উৎপাটন করে সেইরূপ উক্ত প্রকার বিজয়ী শুভগ্রহ বালকের রিষ্টবিনষ্ট করিয়া থাকে।

জন্মকালে পরিপূর্ণ মূর্ত্তি চন্দ্রমা যদি সমুদায় গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে সমস্ত রিষ্ট নষ্ট হয়।

সারাবলী মতে।—সূর্য্যতনয় শনি আপনার উচ্চ রাশিতে কিম্বা স্বীয় ক্ষেত্রে অথবা বৃহস্পতির ক্ষেত্র গত হইয়া জাতবালকের লগ্নে থাকিলে বালকের রিষ্ট সমুদায় বিনষ্ট করিয়া উহাকে কোন দেশ বা কোন নগরের আধিপত্য প্রদান করে। ইহা ভিন্ন যদি অন্য কোন স্থানে থাকিয়া বালকের লগ্ন গত হয় তবে ঐ বালক বাল্যকালে দুঃখ রোগ দারিদ্র্যাদি বিবিধ ক্লেশ পায় এবং মলিন ও অলস হইয়া থাকে।

বালকের জন্ম সময়ে বৃহস্পতি আপনার উচ্চ স্থানে থাকিয়া জাতবালকের লগ্ন গত হইলে ঐ বালক রাজ প্রতিম হইয়া জন্ম গ্রহণ করে। আর সূর্য্যতনয় শনি স্বীয় উচ্চরাশি অথবা স্বীয় রাশিতে থাকিয়া বালকের-লগ্ন গত হইলে বালক পূর্ব্বোক্তরূপ সমৃদ্ধিশালী হইয়া থাকে ইহা ভিন্ন অন্য স্থানে থাকিয়া লগ্ন গত হইলে বালক গতায়ু হয়।

চন্দ্ররিষ্ট ভঙ্গ।

জন্ম সময়ে চন্দ্রমা যদি বুধ, বৃহস্পতি ও শুক্রের দ্রেক্কাণে কিম্বা দ্বাদশাংশে থাকে, তাহা হইলে বালকের রিষ্ট নাশ এবং দীর্ঘায়ু লাভ হয়।

জন্মকালে ক্ষীণচন্দ্র যদি শুভগ্রহের ক্ষেত্রাদি ষড়্‌বর্গের কোন এক বর্গ মধ্যে অবস্থিতি করে তবে জাতীফল বল্কলের ক্বাথ ভক্ষণে যেরূপ মহাতিসার রোগ নিবারণ হয়, তদ্রূপ উক্ত ক্ষীণ চন্দ্র সমস্ত রিষ্ট নষ্ট করে।

যদি চন্দ্র শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইয়া জাতবালকের জন্ম লগ্নাধিপতির তৃতীয় চতুর্থ ষষ্ঠ দশম ও একাদশ স্থানের কোন এক স্থলে থাকিলে সমুদায় রিষ্ট বিনষ্ট হইয়া থাকে।

জন্মলগ্নের অধিপতি গ্রহ পরিপূর্ণ বলবান্ থাকিয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে, ব্যাধ যেরূপ অরণ্য মধ্যে মত্ত মৃগ বধ করে সেইরূপ সমুদায় চন্দ্র রিষ্ট বিনাশ করিয়া থাকে।

ইদানীং জাতকাভরণমতে শিশুরিষ্টং।

রিষ্টাধ্যায়ে হীনমায়ুর্নরাণাং
যস্মাত্তস্মাদ্রিষ্টিমত্র প্রবক্ষ্যে।
যস্মাভাবে সাধিতায়ুঃ প্রমাণে
প্রামাণ্যং স্যাৎ সম্ভবে সর্ব্বথৈব॥
ভৌমালয়েঽর্কারশনীন্দু দৃষ্টো
গৃহেঽষ্টমে চিত্রশিখণ্ডিসূনুঃ।
অদৃষ্টমূর্ত্তির্ভৃগুণাত্রযোগে
প্রাণৈর্ব্বিয়োগং লভতে প্রসূতাঃ॥
ষষ্ঠেঽষ্টমে বাপি চতুষ্টয়ে বা
বিলোমগামী কুজমন্দিরস্থঃ।
বলান্বিতেনাবনিজেন দৃষ্টো
বর্ষৈস্ত্রিভীরিষ্টকরঃ শনিঃ স্যাৎ॥
চন্দ্রার্ক যুগ্‌জন্মনি ভানুসূনুঃ
করোতি নূনং নিধনং নবাব্দৈঃ।
আয়ে সমন্দাবনিসূনুসূর্য্যা-
শ্ছিদ্রারিগেহাশ্রিতভাঃ সমেতাঃ॥
সূর্য্যেন্দুগেহে দনুজেন্দ্রমন্ত্রী
ব্যয়াষ্টমারিস্থিতসৌম্যখেটৈঃ।
সর্ব্বৈঃ প্রদিষ্টঃ খলু ষড়্‌ভিরব্দৈ-
র্জাতস্য জন্তোঃ প্রকরোতি রিষ্টং॥
কেতুদয়ো ভে প্রবভবেচ্চ যস্মিং-
স্তস্মিন্ প্রসূতির্যদি যস্য জন্তোঃ।
স্যাত্তস্য মাসদ্বিতয়েন নাশো
বিনিশ্চয়েনেতি বদন্তি পূর্ব্বৈঃ॥
মেষূরণেঽর্কো ধরণীসুতস্য
গেহেঽথবার্কাত্মজধামসংস্থঃ।
পাপৈরথৈকশ্চ নিরীক্ষ্যমাণঃ
প্রাণৈর্ব্বিয়োগং স তু যাতি তূর্ণং॥
ধনান্ত্যগৈর্ব্বারিমৃতিস্থিতৈর্ব্বা

ধনাষ্টমসংস্থৈর্ব্যয়শত্রুগৈর্ব্বা ।
ক্রূরগ্রহৈর্যো জননং প্রপন্নঃ
ষষ্ঠেঽষ্টমে মাসি মৃতিং প্রযাতি ॥
হোরাপতিঃ পাপখগৈঃ প্রদৃষ্ট-
শ্চতুর্থ মাসে মৃতিকৃন্মৃতিস্থঃ ।
জন্মেশ্বরঃ যন্নিধনে দিনেশঃ
শুক্রেক্ষিতোঽব্দৈর্ভবনপ্রমাণৈঃ ॥
হোরাপতিঃ পাপযুতঃ স্মরস্থঃ
করোতি নাশং খলু জীবিতস্য ।
মাসেন জন্মাধিপতিস্তু তদ্বৎ
পাপান্বিতো রন্ধ্রগৃহাশ্রিতশ্চ ॥
যুতোভবেদারদিবাকরাভ্যাং
নিশাকরশ্চারুখগৈর্ন দৃষ্টঃ ।
স নূনগেহোপগতো বিনাশং
করোতি বর্ষে নবমেঽর্কজস্য ॥
লগ্নান্ত্যরন্ধ্রান্তগতে শশাঙ্কে
পাপান্বিতে সৌম্যখগৈরদৃষ্টে ।
কেন্দ্রেষু সৌম্যগ্রহবর্জ্জিতেষু
কীনাশদেশং হি শিশুঃ প্রযাতি ॥
রন্ধ্রালয়ে বাথ চতুষ্টয়েষু খল-
গ্রহাণাং মিলনং যদি স্যাৎ ।
কলানিধৌ ক্ষীণকলাকলাপে
লগ্নস্থিতে নশ্যতি সঃ প্রসূতঃ ॥
লগ্নে কুলীরেঽপ্যথবালিসংজ্ঞে
খলগ্রহাঃ পূর্ব্বদলে যদি স্যুঃ ।
সৌম্যাঃ পরার্দ্ধে খলু বজ্রমুষ্টি-
র্যোগোঽয়মুক্তঃ প্রকরোতি রিষ্টং ॥
ব্যয়ারিরন্ধ্রেষু শুভাভিধানা-
স্ত্রিকোণকেন্দ্রেষু ভবন্তি পাপাঃ ।
সরোজবন্ধোরুদয়ে প্রসূতি-
র্যস্যাস্তকালং ত্বরয়া স যাতি ॥

রন্ধ্রাম্বুজায়া ভবনেষু খেটা
বিধৌ চ পাপদ্বয়মধ্যযাতে ।
যস্য প্রসূতিঃ স তু যাতি কামং
যমস্য ধামপ্রবদন্তি পূর্ব্বে ॥
স্মরাষ্টমস্থা যদি পাপখেটাঃ
পাপখগৈঃ সাধুখগৈর্ন দৃষ্টাঃ ।
কুর্ব্বন্তি রিষ্টং ত্বরয়ার্ভকস্য
সার্দ্ধং জনন্যাভিমতং মুনীনাং ॥
নিজোপরাগেঽপ্যশুভান্বিতেন্দৌ
লগ্নস্থিতে ভূমিসুতোঽষ্টমস্থঃ ।
তদা জনন্যা সহ বালকস্য
মৃত্যুস্তথার্কে সতি শস্ত্রজাতঃ ॥
ভূমিসুতে চার্কসুতে বিলগ্নে
ভানৌ স্মরস্থানগতেঽন্যথাবা ।
যুক্তে তয়োরন্যতমেন চন্দ্রে-
ঽচিরেণ মৃত্যুঃ পরিবেদিতব্যঃ ॥
পাপৈর্ব্বিলগ্নাষ্টমধামসংস্থৈঃ
ক্ষীণে বিধৌ দ্বাদশভাবযাতে ।
কেন্দ্রেষু সৌম্যা ন ভবন্তি নূনং
শিশোস্তদানীং নিধনং প্রকল্প্যং ॥
ত্রিকোণকেন্দ্রেষু ভবন্তি পাপাঃ
শুভগ্রহালোকনবর্জ্জিতাশ্চেৎ ।
লগ্নোপযাতে সতি ভাস্করে বা
নিশাকরে রিষ্টসমুদ্গমঃ স্যাৎ ॥
ভানুভানুতনয়োশনসঃ স্যুশ্চেৎ
প্রসূতি সময়ে খলু লগ্নযুক্তাঃ ।
যদ্যপীন্দু গুরুণা পরিদৃষ্টা
রিষ্টদাস্তনুভৃতাং নবমেঽব্দে ॥
কামিনী ভবনগস্তুহিনাংশু-
র্লগ্নগো মৃতিপতিঃ শনিদৃষ্টঃ ।
রিষ্টদো নবমমাসভিরীরিতো

জাতকং তু মুনিভিঃ পুরাতনৈঃ ॥
দৃষ্টে রিষ্টেণ প্রদৃষ্টেঽন্যকালে
প্রালেয়াংশৌ স্বালয়ং বা বিলগ্নং।
বীর্য্যোপেতং সঙ্গতে পাপদৃষ্টে
শক্ত্যাযুক্তে মৃত্যুকালোঽব্দমধ্যে ॥
লগ্নত্রিকোণান্তিম সপ্তরন্ধ্রে
চন্দ্রে সপাপে চ লয়ং প্রযাতি।
শুভৈর্ন যুক্তে যদি ন প্রদৃষ্টে
রিষ্টং ভবেদত্র কিমত্রচিত্রং ॥
সূর্য্যেন্দুজীবাঃ শনিশুক্রভৌমাঃ
সূর্য্যারমন্দাশ্চ যদীন্দুযুক্তাঃ।
প্রসূতিকালে মিলিতা যদি স্যু-
র্নাশং শিশোরব্দক পঞ্চকেন ॥
বিলগ্ননাথো ভবনপ্রমাণৈ-
র্ব্বর্ষৈর্ব্বিনাশং কুরুতে রিপুস্থঃ।
মাসৈর্দৃকাণাধিপতির্নবেশ
দিনৈর্মুনীন্দ্রাঃ প্রবদন্তি সর্ব্বে ॥
রবীন্দুযুক্ পাপনিরীক্ষিতো জ্ঞ-
শ্চৈকাদশাব্দৈঃ কুরুতে বিনাশং।
লগ্নেঽর্কমন্দাবনিজাঃ কৃশেন্দুঃ
স্মরে ষড়ব্দৈরথসপ্তভির্ব্বা ॥
কৃশঃ শশাঙ্কঃ স্মরগো বিলগ্নে
মন্দারশুক্রা গুরুদৃষ্টিহীনাঃ।
বিনাশনং তেঽব্দক সপ্তকেন
কুর্ব্বন্তি জাতস্য বিনিশ্চিতেন ॥
চন্দ্রঃ সচান্দ্রির্যদি কেন্দ্রসংস্থঃ
সূর্য্যাংশুলুপ্তঃ কুজমন্দদৃষ্টঃ।
বর্ষদ্বয়েন প্রকরোতি রিষ্টং
গর্গো বশিষ্ঠাদয় এবমূচুঃ ॥
নিশাপতির্লগ্নগতঃ স্বকাশা-
চ্চেদষ্টমস্থঃ কৃশতা প্রযাতঃ।
ক্রূরৈঃ প্রদৃষ্টশ্চ শুভৈর্ন দৃষ্টো
বর্ষদ্বয়ান্তে প্রকরোতি রিষ্টং ॥
লগ্নাধিপঃ পাপখগো নবাংশে
চন্দ্রস্য চেদ্দ্বাদশগঃ শশাঙ্কাৎ।
পাপেক্ষিতো মারয়তি প্রসূতং
শিশুং নবাব্দৈঃ খলু কীর্ত্তয়ন্তি ॥
লগ্নেশ্বরঃ সূর্য্যময়ূখলুপ্তো-
ঽষ্টমেশ্বরেণ প্রবিলোক্যমাণঃ।
রিষ্টং করো রাশিসমানবর্ষৈঃ
প্রাজ্ঞৈরুদাহারি জনস্য জন্মাৎ ॥
অদৃশ্যভাগে যদি পাপখেটা
দৃশ্যে বিভাগে শুভদা ভবন্তি।
স্বর্ভানুনামা তনুভাবগামী
জীবেৎ প্রসূতোঽব্দকসপ্তকং হি ॥
সিংহীসুতঃ সপ্তমভাবসংস্থঃ
শনৈশ্চরাদিত্যনিরীক্ষিতশ্চ।
নালোকিতঃ সৌম্যখগৈস্তু জীবে-
দ্বর্ষাণি হি দ্বাদশসংপ্রসূতঃ ॥
সিংহালি কুম্ভস্থিতসৈংহিকেয়ো
বিলোকিতঃ ক্রূরখগৈর্যদি স্যাৎ।
বর্ষাণি সপ্তৈব তদেবমায়ুঃ
প্রকীর্ত্তিতং জাতকশাস্ত্রবিদ্ভিঃ ॥
কেতূদয়ং স্যাৎ প্রথমং ততশ্চে-
ন্নির্ঘাতবাতাশনয়ো ভবন্তি।
যো রৌদ্রসর্পাখ্য মুহূর্ত্তজন্মা
প্রাপ্নোতি কান্তং যমমন্দিরং সঃ ॥

চন্দ্রং ক্রূরযুতং ক্ষীণং পশ্যেদ্রাহুর্যদা তদা।
দিনৈঃ স্বল্পতরৈর্ব্বালঃ কালস্যালয়মাব্রজেৎ ॥
মাতঙ্গৈর্নবভিশ্চ রামনয়নৈর্নেত্রাগ্নিভিঃ সায়কৈ-
রেকেনাম্বুধিভিস্ত্রিলোচনমিতৈর্ধৃত্যা চ বিংশন্মিতৈঃ।

ভূনেত্রৈর্দ্দশভির্লবৈর্যদি ভবেন্মেষাদি সংস্থো বিধু-
র্ব্বর্ষৈর্ভাগসমৈঃ করোতি নিধনং কালো ন যত্রোদিতঃ॥

ইতি জাতকাভরণে রিষ্টাধ্যায়ঃ।

পূর্ব্বে বৃহজ্জাতক, জ্যোতিস্তত্ত্ব, জ্যোতিঃসার প্রভৃতি অনেকানেক গ্রন্থ হইতে শিশুরিষ্ট মাতৃরিষ্ট ও পিতৃরিষ্টের বহুতর বচন ও উহাদের অনুবাদ লিখিত হইয়াছে অধুনা অতি প্রাচীন গ্রন্থ জাতকাভরণ মধ্যে যে সমুদায় শিশুরিষ্ট লিখিত আছে এক্ষণে তাহার অনুবাদ প্রকটিত হইতেছে।

যাহারা হীনায়ু হইয়া জন্মগ্রহণ করে তাহাদের নিমিত্ত এই রিষ্টাধ্যায় প্রকরণে রিষ্টায়ু কথিত আছে।

বালকের জন্ম সময়ে যদি বুধগ্রহ, রবি, চন্দ্র, মঙ্গল ও শনি কর্ত্তৃক দৃষ্ট হইয়া মঙ্গলের ক্ষেত্রে থাকে, আর ঐ স্থান জন্মলগ্নের অষ্টম স্থান বলিয়া কথিত হয় এবং যদি শুক্র ঐ বুধকে অবলোকন না করে, তবে জাত বালকের মৃত্যু হয়।

যদি বক্রী শনি বলবান্ মঙ্গল গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া মঙ্গলের ক্ষেত্রে থাকে, আর ঐ স্থান জাতবালকের জন্মলগ্নের ষষ্ঠ, অষ্টম কিম্বা চতুর্থ স্থানের কোন এক স্থান হয়, তবে তিন বর্ষ মধ্যে রিষ্টকর হইয়া থাকে।

ভানুতনয় শনি, রবি ও চন্দ্রের সহিত মিলিত হইয়া জাতবালকের লগ্নে থাকিলে নয় বর্ষে বালকের মৃত্যু হয়। আর জন্ম লগ্নের অষ্টম ষষ্ঠ ও একাদশ স্থানে শনি মঙ্গল রবি একত্র থাকিলেও বালকের নয় বর্ষে মৃত্যু ঘটিয়া থাকে।

জন্ম সময়ে অসুর মন্ত্রী শুক্র, সূর্য্য কিম্বা চন্দ্রের গৃহে থাকিয়া জন্ম লগ্নের দ্বাদশ ষষ্ঠ ও অষ্টম স্থান স্থিত শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে বালকের ছয় বর্ষে রিষ্ট হয়।

যে নক্ষত্রে কেতুর উদয় হয় সেই নক্ষত্রে কোন বালক জন্মগ্রহণ করিলে, তাহার দুই মাসে মৃত্যু হয়।

জন্মকালে যদি সূর্য্য, মঙ্গলের ক্ষেত্রে কিম্বা শনির ক্ষেত্রে থাকিয়া জন্মলগ্নের দশম স্থান গত হয়, এবং অনেক পাপগ্রহ কিম্বা কোন এক পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বালকের শীঘ্র মৃত্যু ঘটে।

বালকের জন্মসময়ে জন্মলগ্নের দ্বিতীয় দ্বাদশ কিম্বা ষষ্ঠ অষ্টম অথবা দ্বিতীয় অষ্টম বা দ্বাদশ ও ষষ্ঠ স্থানে অনেক পাপগ্রহ থাকিলে ষষ্ঠ কিম্বা অষ্টম মাসে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নের অধিপতি গ্রহ যদি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া লগ্নের অষ্টম স্থানে থাকে তবে চতুর্থ মাসে বালকের মৃত্যু হয়। যদি জন্মলগ্নের অধিপতি লগ্নের ষষ্ঠ স্থানে ও সূর্য্য অষ্টম স্থানে থাকিয়া শুক্রগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে সে রাশিতে থাকিয়া শুক্র দ্বারা দৃষ্ট হইতেছে সেই রাশি পরিমিত বর্ষে বালকের মৃত্যু হইয়া থাকে।

জন্মলগ্নের অধিপতি পাপগ্রহের সহিত মিলিত হইয়া লগ্নের সপ্তম স্থানে কিম্বা অষ্টম স্থানে থাকিলে বালকের এক মাসে মৃত্যু হয়।

বালকের জন্মকালে চন্দ্রমা যদি শুভগ্রহ কর্ত্তৃক অদৃষ্ট থাকে এবং রবি ও মঙ্গলের সহিত মিলিত হইয়া শনির ক্ষেত্রে স্থিতি করে তাহা হইলে নিশ্চয়ই নয় বর্ষে বালকের মৃত্যু হয়।

বালকের জন্ম সময়ে চন্দ্রমা পাপগ্রহের সহিত মিলিত হইয়া জন্মলগ্নে অথবা সপ্তম, অষ্টম কিম্বা দ্বাদশে থাকে এবং শুভগ্রহ কর্ত্তৃক অদৃষ্ট হয় তৎকালে যদি জন্ম লগ্নের কেন্দ্র স্থানে শুভগ্রহ না থাকে তবে বালকের মৃত্যু হয়।

জাত বালকের জন্মকালে যদি পাপগ্রহগণ লগ্নের চতুর্থ কিম্বা অষ্টম স্থানে পরস্পর মিলিত হয় এবং ক্ষীণ চন্দ্র লগ্নে অবস্থিতি করে তাহা হইলে বালকের মৃত্যু হয়।

যদি কর্কট কিম্বা বৃশ্চিক রাশি বালকের লগ্ন হয় আর তাহার পূর্ব্বভাগে পাপগ্রহ থাকে এবং শুভগ্রহগণ অপর ভাগে থাকে তবে বজ্রমুষ্টি নামক বিখ্যাত যোগ

হয় আর যদি এই যোগে কোন সন্তান জন্ম গ্রহণ করে তবে তাহার রিষ্ট হয়।

জন্মলগ্নের দ্বাদশ ষষ্ঠ ও অষ্টম স্থানে সমুদায় শুভ গ্রহ এবং নবম পঞ্চম ও কেন্দ্রস্থানে সমুদায় পাপগ্রহ থাকে আর সরোজবন্ধু রবি জন্মলগ্নে থাকিলে শীঘ্র বালকের মৃত্যু হয়।

বালকের জন্ম সময়ে সমুদায় গ্রহগণ জন্মলগ্নের চতুর্থ সপ্তম কিম্বা অষ্টম স্থানে স্থিতি করে এবং চন্দ্রমা পাপগ্রহদ্বয়ের মধ্যবর্ত্তী থাকে তাহা হইলে বালকের মৃত্যু ঘটে।

পাপগ্রহগণ জাত বালকের লগ্নের সপ্তম কিম্বা অষ্টম স্থানে থাকিয়া শুভাশুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইলে মাতার সহিত বালকের মৃত্যু ঘটিয়া থাকে।

যদি চন্দ্রগ্রহণ সময়ে চন্দ্রমা পাপগ্রহের সহিত মিলিত হইয়া বালকের জন্মলগ্নে অবস্থিতি করে এবং মঙ্গল অষ্টম স্থানে থাকে তবে জাতবালকের মাতার সহিত মৃত্যু হয়।

যদি সূর্য্যগ্রহণ সময়ে বালকের জন্ম হয় এবং পাপগ্রহের সহিত মিলিত হইয়া সূর্য্য জন্মলগ্নে থাকে তাহা হইলে অস্ত্রাঘাতে জননীর সহিত জাতবালকের মৃত্যু ঘটে।

যদি জন্ম লগ্নে শনি ও মঙ্গল থাকে এবং সপ্তম স্থানে সূর্য্য অবস্থিতি করে তাহা হইলে বালকের মৃত্যু হয়। লগ্নের সপ্তম স্থানে সূর্য্য এবং চন্দ্র, শনি কিম্বা মঙ্গলের সহিত মিলিত হইয়া লগ্নে থাকিলেও বালকের মৃত্যু হইয়া থাকে।

যদি পাপগ্রহগণ জন্মলগ্ন ও লগ্নের অষ্টম স্থানে গত হয়, আর ক্ষীণচন্দ্র দ্বাদশ স্থানে স্থিতি করে এবং কেন্দ্র স্থানে শুভগ্রহ থাকে তবে জাতবালকের নিশ্চয় মৃত্যু হয়।

জন্মকালে পাপগ্রহগণ যদি শুভগ্রহগণ কর্ত্তৃক অদৃষ্ট হইয়া জন্মলগ্নের নবম পঞ্চম অথবা কেন্দ্র স্থানে স্থিতি করে এবং রবি কিম্বা চন্দ্র যদি লগ্নে থাকে তবে রিষ্ট সমুৎপন্ন হইয়া থাকে।

বালকের জন্ম সময়ে শনি, রবি ও শুক্র যদি জন্ম লগ্নে থাকে আর চন্দ্র বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হয়, তবে নয় বর্ষে বালকের মৃত্যু হয়।

পুরাতন ঋষিগণ এইরূপ কহিয়াছেন যে, বালকের জন্মকালে যদি চন্দ্র লগ্নের সপ্তম স্থানে এবং অষ্টমাধিপতি লগ্নে থাকিয়া শনি কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে নয় বর্ষে রিষ্ট কর হইয়া থাকে।

যদি পূর্ণচন্দ্র পাপগ্রহ দৃষ্ট শনৈশ্চর কর্ত্তৃক দৃষ্ট হইয়া কর্কট রাশিতে কিম্বা জন্মলগ্নে অবস্থিতি করে অথবা বলবান্ পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে একবর্ষ মধ্যে বালকের মৃত্যু ঘটে।

যদি চন্দ্রমা জাতবালকের লগ্ন, ত্রিকোণ, দ্বাদশ, সপ্তম অথবা অষ্টম স্থানে পাপগ্রহের সহিত মিলিত হইয়া স্থিতি করে এবং শুভগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত না থাকে তবে বালকের রিষ্ট দায়ক হয়, তাহাতে বিচিত্র কি?

বালকের জন্ম সময়ে চন্দ্রমা, যদি রবি ও বৃহস্পতির সহিত কিম্বা শনি শুক্র ও মঙ্গলের সহিত অথবা শনি রবি ও মঙ্গলের সহিত মিলিত হয় তবে পাঁচ বর্ষে বালকের মৃত্যু হয়।

জন্মলগ্নের অধিপতি ষষ্ঠ স্থানে থাকিলে রাশি পরিমিত বর্ষে বালকের মৃত্যু হইবে এবং দ্রেক্কাণাধিপতি ষষ্ঠে থাকিলে রাশি পরিমিত মাসে আর নবাংশাধিপতি ষষ্ঠে থাকিলে রাশি পরিমিত দিনে * বালকের মৃত্যু ঘটিবে।

বালকের জন্ম কালে বুধ গ্রহ রবি চন্দ্রের সহিত মিলিত থাকিয়া পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে একাদশ বর্ষে

* অর্থাৎ মেষ রাশিতে থাকিলে এক, বৃষে থাকিলে দুই ইত্যাদি ক্রমে বুঝিয়া লইবে।

বালকের মৃত্যু হয়। আর যদি শনি রবি মঙ্গল লগ্নে অবস্থিতি করে এবং ক্ষীণ চন্দ্র সপ্তম স্থানে থাকে তবে জাত বালকের ছয় বা সাত বর্ষে মৃত্যু হইয়া থাকে।

যদি চন্দ্র জাত বালকের লগ্নের সপ্তম স্থানে এবং শনি মঙ্গল শুক্র ইহারা বৃহস্পতিকর্ত্তৃক অদৃষ্ট হইয়া লগ্নে থাকিলে নিশ্চয় জাতবালকের সাতবর্ষে মৃত্যু হইবে।

যদি বুধ ও চন্দ্র জন্মলগ্নের কেন্দ্র স্থানে থাকে আর অস্তগত মঙ্গল * শনি কর্ত্তৃক দৃষ্ট হয় তবে বশিষ্ঠ ও গর্গাদি মুনিগণ এইরূপ কহিয়াছেন যে জাতবালকের দুই বর্ষে মৃত্যু হয়।

যদি জন্মকালে ক্ষীণ চন্দ্র জন্ম লগ্নে থাকিয়া স্বীয় গৃহের অষ্টম স্থান গত হয় এবং সমুদায় পাপগ্রহ গণ ঐরূপ চন্দ্রকে দৃষ্টি করে, আর শুভগ্রহগণের দৃষ্টি না থাকে, তবে দুই বর্ষে বালকের রিষ্ট হয়।

জন্মলগ্নের অধিপতি কোন পাপগ্রহ পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইয়া চন্দ্রের দ্বাদশ স্থানে তদীয় নবাংশ গত হইয়া থাকিলে নয় বর্ষে বালকের মৃতু হয়।

জন্ম সময়ে জন্মলগ্নের অধিপতি গ্রহ অস্তগত হইয়া অষ্টম ভাবপতি কর্ত্তৃক দৃষ্ট হইলে লগ্নাধিপের স্থিতি রাশি পরিমিত বর্ষ মধ্যে বালকের রিষ্ট হয়।

লগ্নাদি দ্বাদশ রাশির মধ্যে যে ছয়টি রাশি উদিতাবস্থায় থাকে সেই উদিত রাশি মধ্যে শুভগ্রহ এবং অনুদিত রাশি মধ্যে পাপগ্রহগণ অবস্থিতি করে, আর রাহুগ্রহ বালকের জন্ম লগ্নে থাকে, তবে বালকের এক বর্ষে মৃত্যু হয়।

যদি সিংহী তনয় রাহু, শনি ও রবি কর্ত্তৃক দৃষ্ট হইয়া জাতবালকের লগ্নের সপ্তম স্থানে স্থিতি করে, এবং কোন শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে বালক দ্বাদশ বর্ষ মাত্র জীবিত থাকে।

* সূর্য্যকিরণে আচ্ছন্ন থাকিয়া অদৃশ্য হওয়াকে অস্ত বলিয়া থাকে।

বালকের জন্ম সময়ে রাহুগ্রহ পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইয়া সিংহ বৃশ্চিক কিম্বা কুম্ভ রাশির কোন এক রাশিতে থাকিলে জাতক শাস্ত্রবেত্তাগণ কহিয়া থাকেন যে বালকের সাত বর্ষে মৃত্যু হয়।

ধূমকেতুর উদয় সময়ে, নির্ঘাত বা অশনিপাত কালে কিম্বা সূর্য্যোদয় সময় হইতে বেলা চার দণ্ড কাল পর্য্যন্ত আর্দ্রা ও অশ্লেষা নক্ষত্রের মুহূর্ত্ত মধ্যে অথবা দুই দণ্ড রাত্রি মধ্যে আর্দ্রা নক্ষত্রের মুহূর্ত্ত কালে যদি কোন বালকের জন্ম হয়, তবে তাহার মৃত্যু হইয়া থাকে।

জন্ম সময়ে যদি রাহুগ্রহ পাপগ্রহযুক্ত ক্ষীণ চন্দ্রকে অবলোকন করে, তবে অল্প দিন মধ্যেই বালকের মৃত্যু হয়।

মেষাদি দ্বাদশ রাশির ত্রিংশাংশ বিশেষে চন্দ্র রিষ্ট কথিত হইতেছে।

জন্মকালে চন্দ্রমা মেষের আট অংশ, বৃষের নয়, মিথুনের ত্রয়োবিংশ এবং কর্কটের ত্রয়োবিংশ, সিংহের পঞ্চম, কন্যার এক, তুলার চার, বৃশ্চিকের ত্রয়োবিংশতি, ধনুর আঠার, মকরের বিংশতি, কুম্ভের একবিংশতি, মীনের দশ অংশে থাকিলে ঐঅংশ পরি মিত বর্ষে বাল-কের মৃত্যু হইবে।

জাতকাভরণমতে রিষ্টভঙ্গযোগঃ।

পূর্ণঃ কৈরবনীপতির্দিবিচরৈঃ সর্ব্বৈঃ প্রদিষ্টস্তদা-
রিষ্টং হন্ত্যথবা সুহৃল্লবগতঃ সদ্বীক্ষিতোঽতি প্রভুঃ।

ক্ষীণো বাপি নীজোচ্চগঃ শুভ-
খগৈঃ শুক্রেণ চ প্রেক্ষিতো
রিষ্টং যঃ সমুপাগতং স তু
হরেৎ সিংহো যথা সিন্দুরং ॥
রিষ্টং নিহন্যুঃ শুভদাঃ শশাঙ্কাৎ
পাপৈর্ব্বিনাস্তাষ্টমশক্রসংস্থাঃ।
শুভান্বিতঃ সাধুদৃকাণবর্ত্তী
পীযূষমূর্ত্তিঃ শময়েৎ স রিষ্টং ॥

শুভগ্রহদ্বাদশভাবসংস্থঃ পূর্ণঃ
শশী রিষ্টহরঃ প্রদিষ্টঃ।
লগ্নেশদৃষ্টঃ শুভদৃষ্টিযাতো
নান্যেক্ষিতো রক্ষতি রিষ্টদোষাৎ॥

বলক্ষপক্ষে যদি জন্ম রাত্রৌ
কৃষ্ণে দিবাষ্টারিগতোঽপি চন্দ্রঃ।
ক্রমেণ দৃষ্টঃ শুভপাপখেটৈঃ
পিতেব বালং পরিরক্ষয়েৎ সঃ॥

সংস্থঃ শশী ক্রূরখগস্য রাশৌ
রাশিস্বরেণাপি বিলোকিতশ্চ।
তদ্বর্গগো বা যদি তেন যুক্তঃ
কুর্য্যাদলং মঙ্গলমত্র নান্যৎ॥

জন্মাধিপো নো বলবান্ কিল স্যাৎ
সৌম্যৈঃ সুহৃদ্ভিশ্চ নিরীক্ষ্যমাণঃ।
যদা তনুস্থঃ সকলৈঃ প্রদিষ্টো
রিষ্টং হি চন্দ্রেণ কৃতং নিহন্তি॥

স্বোচ্চে স্বভে বা যদি বাত্মবর্গে
স্থিতে হিতানাঞ্চ সতাং প্রদিষ্টঃ।
শুভৈর্ন পাপাবিযুতেক্ষিতশ্চ
রিষ্টং হরেৎ পূর্ণবলঃ কলাবান্॥

বাচামধীশে দশমে শশাঙ্কাৎ
ব্যয়েঽঙ্গশুক্রৌ চ খলাঃ কিলায়ে।
বিলগ্নপাস্তাম্বুদশাস্ত্যলাভে শুভে-
ক্ষিতেন্দুশ্চ হরেৎ স রিষ্টং॥

প্রসূতিকালে যদি জন্মপালঃ
কিলেক্ষিতো নির্ম্মলখেচরেন্দ্রৈঃ।
বলাধিশালী প্রলয়ং করোতি
রিষ্টস্য শাতাংশুসমুদ্ভবস্য॥

ভবেন্নিশা জন্মনি পদ্মিনীশঃ
পরোচ্চগামী নিজবেশ্মগো বা।
তদংশকে বাথ শুভেক্ষিতশ্চ
পূর্ণঃ শশাঙ্কো নিধনং নিহন্তি।

ঘস্রেঽগ্নিভে বা গুরুভে শশাঙ্কে
বর্গোত্তমে পূর্ণকলাকলাপে।
ত্রিপুষ্করে তীব্র করোতি রিষ্টং
প্রকৃষ্টমপ্যাশু লয়ং প্রযাতি॥

পাদে দ্বিতীয়ে যদি বা তৃতীয়ে
পুষ্যস্য তারাধিপতির্যদি স্যাৎ।
স রোহিণীনাঞ্চবলে দ্বিতীয়ে
সৌম্যেক্ষিতো রক্ষতি মৃত্যুদোষাৎ॥

কুলীরমেষগশ্চন্দ্রঃ কেন্দ্রস্থঃ শুভবীক্ষিতঃ
গ্রস্তোঽপি রিষ্টভঙ্গায় ভবেদত্র ন সংশয়ঃ।

কেন্দ্রেষু চেদম্বরমার্গযানাং দ্বয়ং
দ্বয়ং সৌম্যখগো বিলগ্নে।
ক্ষীণোঽপি চন্দ্রঃ স্মরভাবসংস্থঃ
সংপ্রাপ্তরিষ্টং শময়েদবশ্যং॥

ইতি চন্দ্ররিষ্টভঙ্গঃ।

মরীচিমালামলকীর্ত্তিশালী
প্রসূতিকালে প্রবলো যদি স্যাৎ।
বৃহস্পতির্মূর্ত্তিগতো নিহন্তি
রিষ্টানি নূনং মুনয়ো বদন্তি॥

পাপৈরবীর্য্যৈশ্চ শুভৈঃ সবীর্য্যৈঃ
শুভস্য রাশৌ তনুভাব যাতে।
নিরীক্ষিতে ব্যোমচরৈশ্চ সর্ব্বৈ-
র্নিহন্তি রিষ্টং সমুপাগতং বৈ॥

সৌম্যবর্গাশ্রিতাঃ পাপাঃ
সৌম্যবর্গাশ্রিতৈঃ শুভৈঃ।
দৃষ্টা অপি প্রহৃব্যন্তে
রিষ্টং নাশয়িতুং ক্ষমঃ॥

শীর্ষোদয়স্থৈর্বিহিতং নভোগৈঃ
সমস্তখেটৈঃ খলু রিষ্টভঙ্গং।
প্রসূতিকালে বিজয়াধিশালী
শুভো হরেদ্রিষ্টমপাপদৃষ্টঃ॥
কশ্চিদ্‌গ্রহশ্চেৎ পরিবেশগামী
ক্রূরৈঃ প্রদৃষ্টঃ স তু রিষ্টভঙ্গং।
রজোবিহীনং গমনঞ্চ খস্থাঃ
সুস্থা ভবেয়ুর্জলদাস্থলীনাঃ॥
মন্দানিলাশ্চেদ্বিমলা মুহূর্ত্তাঃ
প্রসূতিকালে কিল রিষ্টভঙ্গঃ।
বৃষাজকর্কাখ্য বিলগ্নসংস্থো
রাহুর্ভবেদ্রিষ্টবিনাশকর্ত্তা॥
শুভাংশযোগা বহবো যদি স্যু-
স্তথাপি রিষ্টং বিলয়ং প্রয়াতি॥
নক্রত্রয়ে লাভ রিপু ত্রিসংস্থঃ
কেতুস্তু হেতুর্নিধনোপশান্তেঃ।
পরস্পরং ভার্গবজীবসৌম্যাস্ত্রি-
কোণগাস্তেঽপি হরন্তি রিষ্টং
সন্ধ্যাভবো বৈধৃতি পাত ভদ্রা
গণ্ডান্তযুক্তা যদি জন্মকালে।
ভবানি রিষ্টস্য বিনাশনার্থং
নিরন্তরাদৃশ্যবলেঽথ সর্ব্বে॥
আয়ারিগস্তুঙ্গগতোপভঙ্গো
নভশ্চরো রিষ্টবিনাশকর্ত্তা।
একর্ক্ষগা ষট্‌ ত্রিদশায়সংস্থাঃ
সর্ব্বেঽপি রিষ্টং শময়ন্তি খেটাঃ॥
শীতভানোস্তনোর্ব্বাপি দ্বৌ ত্রয়ো বাপ্যনেকশঃ।
একান্তস্থাস্তদারিষ্টভঙ্গো ভবতি নিশ্চিতং॥
পাতালযাতঃ প্রবলেন্দুদৃষ্টো
নিজালয়স্থো যদি জন্মকালে।
দেবেন্দ্রমন্ত্রী দলয়ন্ত্যবশ্যম-
মঙ্গলং রিষ্টমবেক্ষণেন॥
লগ্নস্থিতস্য খেটস্য ব্যয়ে বিত্তে ত্রয়স্ত্রয়ঃ।
তৎকালসুহৃদঃ খেটা রিষ্টদারণকারিণঃ॥
কেন্দ্রেষ্বাপক্লিমেষ্বেব যদ্বা পণফরেষু চ।
শুভাংশস্থা গ্রহাঃ সর্ব্বে রিষ্টভঙ্গকরাঃ স্মৃতাঃ॥
অন্যোঽন্যং হি চতুর্থস্থা যুগ্মভাবমুপাগতাঃ।
স্বর্ভানুসংযুতাঃ খেটা রিষ্টদোষাপহারকাঃ॥
চতুষ্টয়ে শ্রেষ্ঠফলাধিশালী সুতৌ
নভোগোঽষ্টমগো ন কশ্চিৎ।
ত্রিংশন্মিতায়ুঃ প্রকরোতি নূনং
দশান্বিতং তৎ শুভখেটদৃষ্টঃ॥
নিজত্রিভাগে স্বগৃহে গুরুশ্চে-
দায়ুর্মিতি স্যাৎ খলু সপ্তবিংশং।
বৃহস্পতিস্তুঙ্গগতো বিলগ্নে
ভৃগোঃ সুতঃ কেন্দ্রগতঃ শতায়ুঃ॥
লগ্নে স্বতুঙ্গে বলশালিনীন্দৌ
সৌম্যাঃ স্বভস্থাঃ খলুষষ্টিরায়ুঃ।
মূলত্রিকোণেষু শুভেষু তুঙ্গে
লগ্নে শুভাবায়ুরশীতিরেব॥
লগ্নাষ্টমাবিন্দুযুতৌ ন চেৎ
স্যুঃ ক্রূরাঃ স্বভস্থা যদি খেচরৌ।
বলান্বিতাবম্বরগৌ ভবেতাং
জাতঃ শতায়ুঃ কথিতো মুনীন্দ্রৈঃ॥
শূন্যে রন্ধ্রে কেন্দ্রগৈঃ সৌম্য-
খেটৈর্লগ্নে জীবে নৈধনেন্দূদয়শ্চেৎ।
নো সংদৃষ্টঃ পাপখেটৈস্তদা স্যা-
দায়ুর্মানং সপ্ততির্বৎসরাণাং॥

ইতি জাতকাভরণে সর্ব্বগ্রহরিষ্টভঙ্গাধ্যায়ঃ।

জাতকাভরণমতে রিষ্টভঙ্গ যোগ।

জন্মসময়ে কুমুদিনী নায়ক চন্দ্রমা পরিপূর্ণ মণ্ডল থাকিয়া যদি সমস্ত গ্রহ কর্ত্তৃক অবলোকিত হন কিম্বা শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া স্বকীয় মিত্র গ্রহের নবাংশ ভাগে অবস্থিতি করেন তাহা হইলে সমুদায় রিষ্ট বিনষ্ট হইয়াথাকে। ক্ষীণ চন্দ্র স্বীয় উচ্চস্থান বৃষ-রাশিতে থাকিয়া সমুদায় শুভগ্রহ অথবা শুক্রগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে যেরূপ পশুরাজ সিংহ সিন্দুর দর্শনে ক্রোধিত হয়, তদ্রূপ বালকের সমস্ত রিষ্ট বিনাশার্থ ক্রোধ প্রকাশ করেন অর্থাৎ রিষ্ট ভঙ্গ করিয়া থাকেন।

জন্ম কালে যে রাশিতে চন্দ্র থাকে, যদি শুভগ্রহ গণ সেই রাশির ষষ্ট সপ্তম বা অষ্টম স্থানে থাকিয়া পাপ গ্রহের সহিত অযুক্ত হয়, তবে সমুদায় রিষ্ট ভঙ্গ হয়। মধুরমূর্ত্তী চন্দ্র শুভগ্রহের সহিত মিলিত হইয়া শুভগ্রহের দ্রেক্কাণে থাকিলে সমস্ত রিষ্ট ভঙ্গ হইয়াথাকে।

জাতবালকের লগ্নের যেস্থানে শুভ গ্রহ স্থিতি করে, পূর্ণচন্দ্র যদি তাহার দ্বাদশ স্থানে থাকিয়া লগ্নাধিপতি এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় আর অন্য কোন পাপগ্রহের দৃষ্টি না থাকে তবে সমুদয় রিষ্ট দোষ নষ্ট হয়।

যদি শুক্লপক্ষে রাত্রিকালীন এবং কৃষ্ণপক্ষে দিবাভাগে কোন বালকের জন্ম হয় এবং চন্দ্র যদি শুভাশুভ উভয় গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া ঐ বালকের জন্ম লগ্নের ষষ্ট বা অষ্টম স্থানে থাকিলে পিতার ন্যায় বালককে রক্ষা করিয়া থাকে।

জন্মকালে চন্দ্র যদি কোন পাপগ্রহের গৃহে থাকিয়া সেই রাশিপতি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় কিম্বা তাহার ক্ষেত্রাদি ষড়্‌বর্গের কোন এক বর্গে থাকে অথবা তাহার সহিত মিলিত হয় তবে রিষ্ট ভঙ্গ হয়।

যদি জন্মলগ্নের অধিপতি গ্রহ বলহীন হয় এবং শুভগ্রহ ও স্বীয় মিত্র গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া জন্মলগ্নে স্থিতি করে, তবে চন্দ্র রিষ্ট ভঙ্গ হইয়া থাকে।

জন্মকালে পূর্ণচন্দ্র স্বীয় উচ্চ রাশি বৃষে বা স্বীয় গৃহ কর্কটে অথবা আপনার কিম্বা মিত্র গ্রহের বর্গে থাকিয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হয় এবং কোন পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত না থাকে তবে সমুদায় রিষ্ট দোষ নষ্ট হয়।

বালকের জন্ম সময়ে যে রাশিতে চন্দ্র শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া অবস্থিতি করে সেই স্থান হইতে দশম স্থানে বৃহস্পতি, ব্যয় স্থানে রবি ও শুক্র এবং একাদশে সমুদায় পাপগ্রহ স্থিতি করে আর জন্ম লগ্নের অধিপতি সপ্তম চতুর্থ দশম একাদশ কিম্বা দ্বাদশ স্থানে থাকে তবে সমুদায় রিষ্ট নষ্ট হয়।

জন্মকালে জন্মলগ্নের অধিপতি বলবান্ থাকিয়া উদিত শুভগ্রহ গণ কর্ত্তৃক দৃষ্ট হইলে চন্দ্র রিষ্ট দোষ বিনাশ করিয়াথাকে।

জন্মকালে বলবান্ চন্দ্র পুষ্যা নক্ষত্রের দ্বিতীয় বা তৃতীয় পাদে কিম্বা রোহিণী নক্ষত্রের দ্বিতীয় পাদে থাকিয়া শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে বালকের রক্ষা বিধান করে।

রাহুগ্রস্ত চন্দ্রও মেষ কিম্বা কর্কট রাশিতে থাকিয়া জন্মলগ্নের কেন্দ্রস্থানে গত হয় তবে সমুদায় রিষ্ট নষ্ট হয় তাহাতে সংশয় নাই।

কোন দুইটী গ্রহ জন্মলগ্নের কেন্দ্র স্থানে এবং শুভগ্রহ জন্মলগ্নে থাকে আর ক্ষীণ চন্দ্র সপ্তম স্থান গত হইলেও অবশ্য রিষ্ট নষ্ট হয়।

মুনিগণ কহিয়া থাকেন যে উদিত ও বলশালী বৃহস্পতি জাতবালকের লগ্নে থাকিলে সমুদায় রিষ্ট দোষ নষ্ট হইয়াথাকে।

পাপগ্রহ গণ বলহীন ও শুভগ্রহ গণ বলশালী থাকিয়া শুভগ্রহের ক্ষেত্রে লগ্ন গত হয় আর যদি সমুদায় গ্রহের দৃষ্টি থাকে তবে সমস্ত রিষ্ট দোষ বিনাশ হয়।

জন্মকালে পাপগ্রহগণ শুভবর্গ স্থিত শুভগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট হইয়া শুভগ্রহের বর্গে অবস্থিতি করে তবে সমস্ত রিষ্ট দোষ নষ্ট হয়।

বালকের জন্মকালে সমুদায় গ্রহগণ যদি শীর্ষোদয় রাশিতে অবস্থিতি করে তবে নিশ্চয় রিষ্ট ভঙ্গ হয়।